W. SMITH, C. E, *Executive Engineer, Burdwan Division.*

Burdwan, the 5th November, 1860

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজী ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজী জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জেলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টব্য হইতেছে। ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ শেরর। এক্‌টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত রাজা রাধাকান্ত দেব বাহাদুর বিরচিত শব্দ কল্পদ্রুম নামক সুবিখ্যাত সংস্কৃতাভিধান আমরা সংবর্দ্ধন করিয়া খণ্ডে খণ্ডে পুনর্মুদ্রন করিতেছি ইহার প্রথম খণ্ড সংপ্রতি প্রস্তুত হইয়া আমাদিগের নিকট ও ঠনঠনিয়ার সংস্কৃত যন্ত্রের পুস্তকাগারে এবং লালদীঘির রোজারিও সাহেবের দোকানে বিক্রয়ার্থে আছে। প্রতি খণ্ডের মূল্য ১৷৷০ দেড় টাকা মাত্র।

শ্রীঅমৃতলাল মিত্র দিগর সাং শোভাবাজার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২০ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেলু ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

CALCUTTA PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 27, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২৭ নবেম্বর।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 6TH OCTOBER 1860.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 6th October 1860, and is hereby promulgated for general information :—

ACT No. XLVI. OF 1860.

An Act to authorize and regulate the emigration of Native Laborers to the French Colonies.

[Preamble.]

WHEREAS a Convention has been negotiated between Her Majesty the Queen of Great Britain and Ireland and His Majesty the Emperor of the French, comprising the following Articles :—

ARTICLE I.

The French Government shall be at liberty to recruit and engage laborers for the French Colonies in the Indian territories belonging to Great Britain, and to embark Emigrants, being subjects of Her Britannic Majesty, either in British or French Ports in India, under the conditions hereinafter stipulated.

ARTICLE II.

The French Government shall intrust the direction of its operations in every centre of recruitment to an Agent chosen by itself.

Those Agents must be approved by the British Government.

Such approval is assimilated, with regard to the right of granting and withdrawal, to the Exequatur given to Consular Agents.

ARTICLE III.

This recruitment, shall be effected conformably

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌনসেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৬ অক্টোবর।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা এই আইনেতে শ্রীযুক্ত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬০ সালের ৬ অক্টোবর তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। এইক্ষণে সেই আইন নকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪৬ আইন।

ফ্রান্সীয়েরদের বসতি স্থানে এদেশীয় মজুরেরদের গমন করিতে অনুমতি দিবার ও তাহার বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

গ্রেট ব্রিটন ও ঐরলাণ্ড দেশের শ্রীশ্রীমতী মহারাণীর ও ফ্রান্সীয়েরদের শ্রীযুক্ত মহারাজার মধ্যে এক সন্ধি করা গিয়াছে। তাহার নিয়ম এই২।

১। প্রথম প্রকরণ।

ফ্রান্সীয়েরদের গবর্ণমেণ্ট নীচের লিখিত ধার্য্যকরা নিয়মমতে ফ্রান্সীয়েরদের বসতি স্থানে পাঠাইবার জন্যে গ্রেট ব্রিটনের অধীন ভারতবর্ষ দেশে মজুরদিগকে সংগ্রহ করিতে ও তাহারদিগের সঙ্গে করার করিতে পারিবেন, ও ভারতবর্ষের মধ্যে ব্রিটনীয়েরদের কি ফ্রান্সীয়েরদের যে২ বন্দর থাকে সেই২ বন্দরে, ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা কোন২ লোকদিগকে মজুরস্বরূপে জাহাজে উঠাইতে পারিবেন।

২। দ্বিতীয় প্রকরণ।

লোক সংগ্রহ করিবার প্রত্যেক সদর স্থানে ফ্রান্সীয় গবর্ণমেণ্ট আপনার ঐ কার্য্যের তত্ত্বাবধারণের ভার আপনার মনোনীত কোন এজেণ্ট সাহেবের প্রতি অর্পণ করিবেন।

ঐ এজেণ্ট সাহেবেরদের নিযুক্ত হওয়ার বিষয় ব্রিটনীয় গবর্ণমেণ্টের মঞ্জুর করা আবশ্যক।

ব্রিটনীয় গবর্ণমেণ্টের দ্বারা ঐ নিয়োগ মঞ্জুর হইলে তাহা ক্ষমতাদি দিবার ও বাতিল করিবার স্বত্ববিষয়ে কনসুলর এজেণ্ট সাহেবদিগকে দত্ত একসিকেটর নামক পত্রের তুল্য হইবে।

৩। তৃতীয় প্রকরণ।

ব্রিটনীয়েরদের বসতি স্থানে পাঠাইবার জন্যে মজুর-

to the regulations which now exist, or may hereafter be established, for the recruitment of laborers for British Colonies.

ARTICLE IV.

The French Agent shall, with regard to the operations of recruitment which are intrusted to him, enjoy for himself and for the persons whom he may employ, all the facilities and advantages afforded to the recruiting Agents for British Colonies.

ARTICLE V.

The Government of Her Britannic Majesty shall appoint in those British Ports where Emigrants may be embarked, an Agent who shall be specially charged with the care of their interests.

In French Ports the same duty with regard to Indian subjects of Her Britanuic Majesty shall be confided to the British Consular Agent.

Under the term "Consular Agents" are comprised Consuls, Vice-Consuls, and all other Commissioned Consular Officers.

ARTICLE VI.

No Emigrant shall be embarked unless the Agent described in the preceding Article shall have been enabled to satisfy himself either that the Emigrant is not a British subject or, if a British subject, that his engagement is voluntary, that he has a perfect knowledge of the nature of his contract, of the place of his destination, of the probable length of his voyage, and of the different advantages connected with his engagement.

ARTICLE VII.

The contracts of service, with the exception provided for by Section 4 of Article IX. and by Section 2 of Article X. shall be made in India, and shall either bind the Emigrant to serve a person designated by name, or to serve a person to whom he shall be allotted by the proper authority on his arrival in the Colony.

ARTICLE VIII.

The contracts shall, moreover, make stipulation for:—

1. The duration of the engagement, at the expiration of which the Emigrant shall receive a return-passage to India at the expense of the French Government, and the terms on which it will be competent to him to abandon or renounce his right to a free return-passage.

2. The number of days and hours of work.

3. The wages and rations, as well as the rate of payment for extra work, and all the advantages promised to the Emigrant.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৭ নং বম্বর।]

দিগকে সংগ্রহ করিবার যে সকল বিধান এখন আছে কি ইহার পরে হইয়া থাকিবে, সেই সকল বিধানানুসারে ঐ সংগ্রহ করিবার কার্য্য হইবে।

৪। চতুর্থ প্রকরণ।

ব্রিটনীয় বসতি স্থানের নিমিত্তে লোক সংগ্রহ করিবার এজেণ্ট সাহেবেরদের কর্ম্ম সহজ করিবার যে সকল উপায় ও ক্ষমতা দেওয়া গিয়াছে, ফ্রান্সীয় এজেণ্ট সাহেবের প্রতি লোক সংগ্রহ করিবার যে কার্য্যের ভার দেওয়া যায় তাহার সম্পর্কে ঐ এজেণ্ট সাহেবের ও তিনি যে সকল লোককে নিযুক্ত করেন তাঁহারদের কর্ম্ম সহজ করিবার সেই সকল উপায় ও ক্ষমতা দেওয়া যাইবে।

৫। পঞ্চম প্রকরণ।

ব্রিটনীয় যে২ বন্দরে মজুরেরদের জাহাজে উঠিতে হইবে, সেই২ বন্দরে ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্ট এক২ জন এজেণ্ট সাহেবকে নিযুক্ত করিবেন। তাঁহার প্রতি ঐ মজুরেরদের হিতজনক বিষয়ে মনোযোগ করিবার ভার বিশেষমতে অর্পণ হইবে।

ফ্রান্সীয় বন্দরে ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় প্রজারদের বিষয়ে ঐ কর্ম্মের ভার ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেবের প্রতি অর্পণ হইবেক।

"কন্‌সুলর এজেণ্ট" এই শব্দেতে সকল কন্‌সল সাহেবকে ও বৈসকন্‌সল সাহেবকে ও সনদপ্রাপ্ত অন্য সকল কন্‌সুলর কার্য্যকারক সাহেবদিগকে বুঝায়।

৬। ষষ্ঠ প্রকরণ।

কোন মজুর ব্রিটনীয় প্রজা নহে, কিম্বা যদি ব্রিটনীয় প্রজা হয়, তবে সে স্বেচ্ছামতে ঐ কর্ম্ম লইবার করার করিয়াছে, ও সেই করারের ভাব ও যে স্থানে তাহার যাইতে হইবে সেই কোন্ স্থান ও সেই স্থানে পঁহুছিতে তাহার যত দিন লাগিতে পারে, ও সেই করারসম্পর্কে যে নানা প্রকারের লাভ হয় এই সকল কথা সে সম্পূর্ণরূপে বুঝিয়াছে, এই২ বিষয় যদি ইহার পূর্ব্বের প্রকরণের নির্দ্দিষ্ট এজেণ্ট সাহেব খাতিরজমামতে বুঝিতে না পান, তবে সেই মজুরকে জাহাজে উঠাইয়া দেওয়া যাইবে না।

৭। সপ্তম প্রকরণ।

৯ প্রকরণের ৪ দফার ও ১০ প্রকরণের ২ দফার লিখিত স্থলছাড়া অন্য২ স্থলে, কর্ম্ম করিবার ঐ করার ভারতবর্ষে করিতে হইবে। ও যে সাহেবের নিকটে মজুরের চাকরী করিতে হইবে, তাঁহার নাম লেখা হইয়া তাঁহার নিকটে, কিম্বা বসতি স্থানে পঁহুছিলে উপযুক্ত কর্ম্মকারক সাহেব তাহাকে যে সাহেবের নিকটে চাকরী করিতে নিযুক্ত করেন সেই সাহেবের নিকটে চাকরী করিতে ঐ মজুর সেই করারমতে বদ্ধ হইবে।

৮। অষ্টম প্রকরণ।

আরো ঐ করারপত্রে এই২ বিষয়ের নিয়ম হইবে।

১। ঐ করার যত কালের নিমিত্তে হইবে, ও সেই কাল ফুরাইলে পর, ঐ মজুর ফ্রান্সীয় গবর্ণমেণ্টের খরচে ভারতবর্ষে ফিরিয়া আসিতে পাইবেক ইহার নিয়ম, ও যে নিয়মমতে ঐ মজুর বিনাখরচে ভারতবর্ষে ফিরিয়া আসিবার স্বত্ব ত্যাগ করিতে পারিবে সেই নিয়ম।

২। তাহার যত দিন ও যত ঘণ্টা করিয়া কর্ম্ম করিতে হইবে তাহার নিয়ম।

৩। তাহার যত বেতন হইবে ও আহারের যত দ্রব্য পাইবে, ও উপরি কর্ম্ম করিলে তাহার যে হিসাবে মেহনতানা হইবে, ও মজুরের যে সকল উপকারপ্রভৃতির প্রতিজ্ঞা করা যায় তাহার নিয়ম।

4. Gratuitous medical treatment for the Emigrant, except in cases where, in the opinion of the proper Government Officer, his illness shall have arisen from his own misconduct.

In every contract of engagement there shall be inserted an exact copy of Articles IX., X., XX. and XXI. of the present Convention.

ARTICLE. IX.

1. The duration of the Immigrant's engagement shall not be more than five years. In case, however, he shall be duly proved to have absented himself from work, he shall be bound to serve a number of days equal to the time of his absence.

2. At the expiration of that period, every Indian who shall have attained the age of ten years at the time of his departure from India, shall be entitled to a return-passage at the expense of the French Government.

3. If he can show that his conduct has been regular, and that he has the means of subsistence, he may be allowed to reside in the Colony without any engagement; but from that time he will lose his right to a free return passage.

4. If he consents to contract a new engagement, he will be entitled to a bounty, and will retain his right to a return-passage at the expiration of this second engagement.

The right of the Immigrant to a return-passage extends to his wife, and to his children who quitted India under the age of ten years, as well as to those born in the Colonies.

ARTICLE X.

The Immigrant shall not be bound to work more than six days in seven, nor more than nine hours and a half a day.

The conditions of task-work and every other kind of regulation for work, shall be freely arranged with the laborer. The obligation to provide, on holidays, for the care of animals and the necessities of daily life, shall not be considered as work.

ARTICLE XI.

In British Ports, the arrangements which precede the departure of the Emigrants shall be conformable to those prescribed by the regulations for the British Colonies.

In French Ports, the Emigration Agent or his deputies shall, on the departure of every Emigrant ship, deliver to the British Consular Agent a nominal list of the Emigrants who are subjects of Her Britannic Majesty, with a description of their persons, and shall also communicate to him the contracts of which he may require copies.

In such case, only one copy shall be given of all contracts of which the provisions are identical.

ARTICLE XII.

In the Ports of embarkation, the Emigrants who

৪। মজুরের পীড়া হইলে গবর্ণমেণ্টের উপযুক্ত কার্য্যকারক সাহেব যদি বোধ করেন যে, ঐ মজুরের নিজ কোন অহিতাচারেতে পীড়া হয় নাই তবে তাহার বিনাখরচে চিকিৎসা হইবার নিয়ম।

প্রত্যেক করারনামায় এই সন্ধিপত্রের ৯ ও ১০ ও ২০ ও ২১ প্রকরণের প্রকৃত নকল লেখা থাকিবে।

৯। নবম প্রকরণ।

১। মজুরের কর্ম্ম করিবার করার পাঁচ বৎসরের অধিক কালের নিমিত্তে হইবেক না। কিন্তু সে আপন কর্ম্মেতে কোন সময়ে গরহাজির হইয়াছে ইহার উপযুক্তমতে প্রমাণ হইলে, সে যত দিন গরহাজির ছিল তাহার করারের অধিক তত দিন তাহার কর্ম্ম করিতে হইবেক।

২। কর্ম্ম করিবার সেই মিয়াদ ফুরাইলে পর, ভারতবর্ষীয় যে প্রত্যেক জনের ভারতবর্ষহইতে প্রস্থান করিবার সময়ে দশ বৎসর বয়স হইয়াছিল সে জনের ফ্রান্সীয় গবর্ণমেণ্টের খরচে ফিরিয়া আসিবার স্বত্ব থাকিবে।

৩। কোন মজুরের উচিতমতের আচার হইয়াছে ও তাহার ভরণপোষণের সঙ্গতি আছে ইহা যদি সে দেখাইতে পারে, তবে অন্য করার না করিয়া তাহার সেই বসতি স্থানে থাকিবার অনুমতি হইতে পারিবে। কিন্তু তাহা হইলে তাহার বিনাখরচে ফিরিয়া আসিবার স্বত্ব থাকিবে না।

৪। ঐ মজুর যদি নূতন করার করিতে স্বীকার করে, তবে পারিতোষিক বলিয়া তাহার কিছু টাকা পাইবার স্বত্ব থাকিবে, ও সেই দ্বিতীয় করারের মিয়াদ ফুরাইলে পর, তাহার বিনাখরচে ফিরিয়া আসিবার স্বত্ব থাকিবে।

মজুরের বিনাখরচে ফিরিয়া আসিবার যে স্বত্ব হয়, সেই স্বত্ব তাহার স্ত্রীর উপর ও ভারতবর্ষহইতে চলিয়া যাইবার সময়ে তাহার যে সকল সন্তানের দশ বৎসরের কম বয়স ছিল ও তাহার যে সকল সন্তান ঐ বসতি স্থানে জন্মে, তাহারদেরও উপর বর্ত্তিবে।

১০। দশম প্রকরণ।

মজুর সাত২ দিনের মধ্যে ছয় দিনের অধিক কিম্বা দিনে সাড়ে নয় ঘণ্টার অধিক কর্ম্ম করিতে বদ্ধ হইবে না।

উপরি কর্ম্মের নিয়ম ও কর্ম্মের অন্য সকল প্রকারের বিধি মজুরের সঙ্গে তাহার সম্মতিমতে স্থির হইবে। কিন্তু ছুটীর দিনে গোমেষাদি জীব জন্তুর সেবা ও প্রতিদিনের আবশ্যক কর্ম্ম করা কর্ম্মের মধ্যে গণ্য হইবে না।

১১। একাদশ প্রকরণ।

ব্রিটনীয় বন্দরে, মজুরেরদের প্রস্থান করিবার পূর্ব্বে যে সকল নিয়ম করিতে হইবে, তাহা ব্রিটনীয় বসতি স্থানের নির্দ্দিষ্ট বিধিমতে হইবে।

ফ্রান্সীয় বন্দরে, বিদেশগমনকারি মজুরেরদের এজেণ্ট সাহেব কি তাঁহার ডেপুটী সাহেবেরা মজুরেরদের জাহাজ যখন যাইবে তখন তাহারদের যত জন ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হয় তত জনের নামের ও চেহারাপ্রভৃতির ফর্দ্দ ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেবকে দিবেন, ও তিনি যে সকল করারের নকল চাহেন তাহাও তাঁহাকে দিবেন।

এমত স্থলে যে সকল করারের নিয়ম ঠিক সমান হয়, তাহার কেবল এক২ কেতা নকল দিতে হইবে।

১২। দ্বাদশ প্রকরণ।

যে বন্দরে মজুরেরদের জাহাজে উঠিতে হইবে, সেই

are subjects of Her Britannic Majesty shall be at liberty, conforming to the regulations of Police relative to such establishments, to leave the Depôts, or other place in which they may be lodged, in order to communicate with the British Agents, who on their part may at any reasonable hour visit the places in which the Emigrants, subjects of Her Britannic Majesty, are collected or lodged.

ARTICLE XIII.

Emigrants may leave India for the Colonies to the East of the Cape of Good Hope at all times of the year.

For other Colonies they may leave only from the 1st of August to the 15th of March. This arrangement applies only to sailing vessels; vessels using steam power may leave at any time of the year.

Every Emigrant sailing from India for the Antilles, between the 1st of March and the 15th of September, shall receive at least one double blanket over and above the clothing usually allowed to him, and may make use of it so long as the vessel is outside of the Tropics.

ARTICLE XIV.

Every Emigrant vessel must carry an European Surgeon and an Interpreter.

The Captains of Emigrant vessels shall be bound to take charge of any despatch which may be delivered to them by the British Agent at the port of embarkation for the British Consular Agent at the Port of destination, and to deliver it to the Colonial Government immediately after his arrival.

ARTICLE XV.

In every vessel employed for the conveyance of Emigrants, subjects of Her Britannic Majesty, the Emigrants shall occupy, either between decks, or in cabins on the upper deck, firmly secured and entirely covered in, a space devoted to their exclusive use. Such cabins and space between decks shall in every part have a height of not less than five feet and a half.

No compartment shall take more than one adult Emigrant for every cubic space of seventy-two feet in the Presidency of Bengal and at Chandernagore, and for every cubic space of sixty feet in other French Ports, and in the Presidencies of Bombay and Madras.

An Emigrant above the age of ten years shall count as an adult, and two children from one to ten years of age shall count as one adult.

A place shall be fitted up for a hospital in every Emigrant ship.

সকল বন্দরে বিদেশগমনকারি যে লোকেরা ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হয় তাহারা আপনারদের থাকিবার স্থানের পোলীসসম্পর্কীয় সকল বিধান মানিয়া আপনারদের ডিপো কি থাকিবার অন্য স্থানহইতে গিয়া ব্রিটনীয় এজেণ্ট সাহেবকে কোন কথা জানাইবার জন্যে তাঁহার নিকটে যাইতে পারিবে। ও বিদেশগমনকারি যে লোকেরা ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হয়, তাহারা যে২ স্থানে একত্র থাকে কি বাস করে সেই২ স্থানে ব্রিটনীয় এজেণ্ট সাহেব উপযুক্ত কোন সময়ে গিয়া তাহারদিগকে দেখিতে পারিবেন।

১৩। ত্রয়োদশ প্রকরণ।

গুডহোপনামক কেপের পূর্ব্ব দিগে যে সকল বসতি স্থান থাকে সেই২ স্থানে গমনকারিরা বৎসরের যে সময়ে হয় সেই সময়ে ভারতবর্ষহইতে চলিয়া যাইতে পারিবে।

অন্যান্য বসতি স্থানে যাইতে হইলে তাহারা আগষ্ট মাসের ১ তারিখঅবধি মার্চ মাসের ১৫ তারিখপর্য্যন্ত কোন সময়ে যাইতে পারিবে, অন্য সময়ে নয়। এই নিয়ম কেবল পাইলের জাহাজের উপর খাটে, কিন্তু কলের জাহাজ বৎসরের যে সময়ে হয় যাইতে পারিবে।

যে মজুরেরা মার্চ মাসের ১ তারিখের ও সেপ্টেম্বর মাসের ১৫ তারিখের মধ্যে কোন সময়ে ভারতবর্ষহইতে আণ্টিলিসনামক উপদ্বীপে যায়, তাহারদিগকে যে সকল বস্ত্র রীতিমতে দেওয়া গিয়া থাকে তদ্ভিন্ন দোহারা এক২ কম্বল দেওয়া যাইবেক, ও সমুদ্রে ট্রপিকনামক স্থানের সীমার বাহিরে যত দিন থাকে তত দিন তাহারা সেই কম্বল ব্যবহার করিতে পারিবে।

১৪। চতুর্দ্দশ প্রকরণ।

মজুরেরদের যাইবার প্রত্যেক জাহাজে এক জন ইউরোপীয় ডাক্তর সাহেব ও এক জন দোভাষী থাকিবেন।

মজুরেরদের জাহাজ যে বন্দরহইতে প্রস্থান করে সেই বন্দরের ব্রিটনীয় এজেণ্ট সাহেব, ঐ জাহাজ যে বন্দরে যাইবে সেই বন্দরের ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেবকে দিবার জন্যে যে কোন পত্রাদি দেন, সেই পত্রাদি ঐ জাহাজের কাপ্তান সাহেবের অবশ্য লইতে হইবে ও পঁহুছিলেই বসতিস্থানের গবর্ণমেণ্টের নিকটে তাঁহার সেই পত্র দিতে হইবে।

১৫। পঞ্চদশ প্রকরণ।

যে মজুরেরা ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হয়, তাহারদিগকে লইয়া যাইবার জন্যে যে সকল জাহাজ নিযুক্ত থাকে, সেই জাহাজের দুই তোতকের মধ্য কোন স্থান কি তোতকের উপর কএক কুঠরী কেবল সেই মজুরেরদের ব্যবহারের নিমিত্তে নিরূপণ থাকিবে। ও সেই স্থান অতি শক্ত করিয়া আঁটা যাইবে ও চারি দিগে আবৃত থাকিবে। ঐ২ কুঠরী ও তোতকের মধ্যের ঐ২ স্থান কোন ভাগে সাড়ে পাঁচ ফুটের কম উচ্চ হইবেক না।

বাঙ্গলা দেশ ও চন্দননগরহইতে যে মজুরেরা যাইবে, তাহারদের বয়ঃপ্রাপ্ত প্রত্যেক জনের থাকিবার স্থানের পরিমাণ আড়ে দীর্ঘে উচ্চে সর্ব্বসুদ্ধ বাহাত্তর ফুটের কম হইবে না। ও ফ্রান্সীয়েরদের অন্যান্য বন্দর ও বোম্বাই ও মান্দ্রাজ দেশহইতে যাহারা যাইবে তাহারদের প্রত্যেক জনের থাকিবার স্থানের পরিমাণ আড়ে দীর্ঘে উচ্চে সর্ব্বসুদ্ধ ষাইট ফুটের কম হইবে না।

দশ বৎসরের অধিক বয়সের যে লোক বিদেশে যায় সে বয়ঃপ্রাপ্ত মজুরের তুল্য গণ্য হইবে। ও যাহারদের এক বৎসরঅবধি দশ বৎসরপর্য্যন্ত বয়স হয়, এমত দুই জন বয়ঃপ্রাপ্ত এক জনের তুল্য গণ্য হইবে।

মজুরেরদের যাইবার প্রত্যেক জাহাজে হাসপাতাল বলিয়া পীড়িত লোকেরদের জন্যে এক স্থান সাজান থাকিবে।

Women and children shall occupy compartments of the vessel distinct and separate from those of the men.

ARTICLE XVI.

Each shipment of Emigrants shall include a proportion of women equal to at least one-fourth of the number of men. After the expiration of three years, the numerical proportion of women shall be raised to one-third; after two years more, it shall be raised to one-half; and after a further period of two years, the proportion shall be the same as may be fixed for the British Colonies.

ARTICLE XVII.

The British Agents at the embarkation shall have, at all reasonable times, the right of access to every part of the ship which is appropriated to the use of Emigrants.

ARTICLE XVIII.

The Governors of the French establishments in India shall make such administrative regulations as may be necessary to ensure the complete execution of the preceding stipulations.

ARTICLE XIX.

On the arrival of an Emigrant ship in any French Colony, the Government shall cause to be transmitted to the British Consular Agent any despatches which it may have received for him, together with—

1. A nominal list of all laborers disembarked who are subjects of Her Britannic Majesty.

2. A list of the deaths or births which may have taken place during the voyage.

The Colonial Government shall take the necessary measures to enable the British Consular Agent to communicate with the Emigrants before their distribution in the Colony.

A copy of the "List of Distribution" shall be delivered to the Consular Agent.

He shall be informed of all deaths and births which may occur during the period of engagement, as well as of all changes of employer, and of all departures on a return-passage.

Every fresh engagement, or act of renunciation of the right to a free return-passage, shall be communicated to the Consular Agent.

ARTICLE XX.

All Immigrants, being subjects of Her Britannic Majesty, shall, in the same manner as other subjects of the British Crown, and conformably to the ordinary rules of international law, enjoy, in the French Colonies, the right of claiming the assistance of the British Consular Agents; and no obstacle shall be

পুরুষেরা জাহাজের যে২ স্থানে থাকে তাহার যতন্ত্র স্থানে স্ত্রীরা ও ছেলেরা থাকিবে।

১৬। ষোড়শ প্রকরণ।

মজুরেরা যখন জাহাজে যায় তখন পুরুষ যত জন যাইবে তাহার সিকি ভাগের কম স্ত্রীলোক যাইবে না। তিন বৎসরের পর ঐ সংখ্যা বৃদ্ধি হইয়া যত জন পুরুষ যায় তাহার তিন ভাগের এক ভাগ স্ত্রীলোক যাইবে। তৎপরে দুই বৎসর গেলে, যত জন পুরুষ তাহার অর্দ্ধেক স্ত্রীলোক যাইবে। আর দুই বৎসরের পরে, ব্রিটনীয় বসতি স্থানে পুরুষের সংখ্যা বুঝিয়া যত জন স্ত্রীলোক যাইবার নিরূপণ আছে তত জন যাইতে পারিবে।

১৭। সপ্তদশ প্রকরণ।

মজুরেরা যে স্থানে জাহাজে উঠে, সেই স্থানের ব্রিটনীয় এজেণ্ট সাহেবেরা জাহাজের যে ভাগ মজুরেরদের নিমিত্তে নিরূপণ আছে সেই ভাগে উপযুক্ত কোন সময়ে যাইতে পারিবেন।

১৮। অষ্টাদশ প্রকরণ।

ভারতবর্ষে ফ্রান্সীয়েরদের মোকামের গবরনর সাহেবেরা পূর্ব্ব লিখিত সকল নিয়ম যাহাতে সম্পূর্ণরূপে সফল হয়, এমত বিধান করিবেন।

১৯। উনবিংশ প্রকরণ।

ফ্রান্সীয়েরদের কোন বসতি স্থানে মজুরেরদের কোন জাহাজ পঁহুছিলে, ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেবের নামে যে সকল পত্রাদি ঐ স্থানের গবর্ণমেণ্টের নিকটে পঁহুছে তাহা ঐ এজেণ্ট সাহেবের নিকটে ঐ গবর্ণমেণ্টের পাঠাইতে হইবে, ও তাহার সঙ্গে এই২ কথার ফর্দ্দও পাঠাইতে হইবে অর্থাৎ।

১। যে মজুরেরা ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হয় এমত যত জন জাহাজহইতে নামে তাহারদের নামের ফর্দ্দ।

২। ঐ স্থানে যাইবার সময়ে পথে যত জন মরিয়াছে ও যত সন্তানের জন্ম হয় তাহারদের নামের ফর্দ্দ।

মজুরেরদিগকে বসতি স্থানের ভিন্ন২ স্থানে পাঠান যাইবার অগ্রে ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেব তাহারদের সঙ্গে যাহাতে কথা কহিতে পারিবেন এমত আবশ্যক সকল উপায় ঐ বসতিস্থানের গবর্ণমেণ্ট করিবেন।

যাহারদিগকে যে২ স্থানে পাঠান যায় তাহার ফর্দ্দের এক কেতা নকল কনসুলর এজেণ্ট সাহেবকে দেওয়া যাইবে।

মজুরেরদের কর্ম্ম করিবার করারের মিয়াদের মধ্যে যত জন মরে ও যত সন্তানের জন্ম হয়, তাহার সম্বাদ, ও যত জন মজুর এক সাহেবের নিকটে চাকরী ত্যাগ করিয়া অন্য সাহেবের নিকটে চাকরী করিতে যায়, ও যত জন ভারতবর্ষে ফিরিয়া আইসে, এই সকল কথার সম্বাদ, ঐ সাহেবকে দিতে হইবে।

কোন মজুর যদি নূতন করার করে, কিম্বা ভারতবর্ষে বিনাখরচে ফিরিয়া আসিবার স্বত্ব ত্যাগ করে, তবে সেই কথা কনসুলর এজেণ্ট সাহেবকে জ্ঞাত করা যাইবে।

২০। বিংশ প্রকরণ।

ফ্রান্সীয় বসতি স্থানে ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা যে সকল মজুর যায়, তাহারা ব্রিটনীয় রাজ্যের অন্য২ প্রজার মতে ও ভিন্ন২ দেশের পরস্পর চলিত সাধারণ বিধিমতে ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেবের সাহায্য পাইবার দাওয়া করিতে পারিবে। ও কনসুলর এজেণ্ট সাহেবের নিকটে মজুরের যাইবার ও তাঁহার

opposed to the laborer's resorting to the Consular Agent and communicating with him ; without prejudice, however, to the obligations arising out of his engagement.

ARTICLE XXI.

In the distribution of laborers no husband shall be separated from his wife, nor any father or mother from their children under fifteen years of age. No laborer shall be required to change his employer without his own consent, unless he be transferred to the Government, or to the person who has acquired the property on which he is employed.

Immigrants who may become permanently incapable of work, either by sickness or by any other cause beyond their own control, shall be sent back at the expense of the French Government, whatever time may still be wanting to entitle them to a free return-passage.

ARTICLE XXII.

All operations of immigration may be carried on in the French Colonies by French or British vessels without distinction.

British vessels which may engage in those operations shall be bound to conform to all the measures of Police, health, and equipment which may apply to French vessels.

ARTICLE XXIII.

The labor regulations of Martinique shall serve as the basis for all the regulations of the French Colonies into which Indian Emigrants, subjects of Her Britannic Majesty, may be introduced.

The French Government engages not to introduce into those regulations any modification, the result of which would be to place the said Indian subjects in an exceptional position, or to impose upon them conditions of labor more stringent than those prescribed by the said regulations.

ARTICLE XXIV.

The present Convention applies to emigration to the Colonies of Re-Union, Martinique, Guadeloupe and its dependencies, and Guiana.

It may hereafter be applied to immigration to other Colonies in which British Consular Agents shall be established.

ARTICLE XXV.

The provisions of the present Convention relative to the Indian subjects of Her Britannic Majesty shall apply to the Natives of every Indian State which is under the protection or political control of Her said Majesty, or of which the Government shall have acknowledged the supremacy of the British Crown.

ARTICLE XXVI.

The present Convention shall begin to take effect on the 1st of September 1861, and shall continue in full force for three years and a half. It shall

সঙ্গে কথা কহিবার কোন কাহার কিছু বাধা দিতে হইবে না, কিন্তু করারমতে ঐ মজুরের উপর যে সকল বুঝী থাকে তাহার কোন ব্যাঘাত না হয়।

২১। একবিংশ প্রকরণ।

মজুরেরদিগকে ভিন্ন২ স্থানে পাঠাইলে, স্ত্রী স্বামিকে পৃথক্ করিতে হইবে না, ও পনেরো বৎসরের কম বয়সের সন্তানদিগকে তাহারদের পিতামাতাহইতে স্বতন্ত্র করিতে হইবে না। কোন মজুর নিজে রাজী না হইলে, তাহাকে এক মুনিব ছাড়িয়া অন্য মুনিবের নিকটে চাকরী করিতে পাঠাইতে হইবে না, কেবল যদি তাহাকে হস্তান্তর করিয়া গবর্ণমেণ্টের নিকটে সমর্পণ করা যায়, কিম্বা ঐ মজুর যে কুঠীতে কর্ম্ম করে তাহা যদি অন্য মুনিবের হস্তগত করা যায়, তবে তাহার রাজীহওয়ার অপেক্ষা নাই।

কোন মজুর যদি পীড়াপ্রযুক্ত কিম্বা অনিবার্য্য অন্য কোন কারণে কর্ম্ম করিতে একেবারে অক্ষম হয়, তবে যে মিয়াদে কর্ম্ম করিলে পর তাহার বিনাখরচে ভারতবর্ষে ফিরিয়া যাইবার স্বত্ব থাকে সেই মিয়াদ ফুরাইবার যত কাল বাকী থাকুক তাহাকে ফ্রান্সীয় গবর্ণমেণ্টের খরচে ফিরিয়া পাঠান যাইবে।

২২। দ্বাবিংশ প্রকরণ।

ফ্রান্সীয় বসতিস্থানে মজুরেরদের যাওয়া ফ্রান্সীয় কি ব্রিটনীয় জাহাজে হইতে পারিবে। ইহাতে কিছু বিশেষ মানিতে হইবে না।

ব্রিটনীয় যে সকল জাহাজ ঐ কর্ম্মে নিযুক্ত হয়, সেই সকল জাহাজে পোলীসসম্পর্কীয় ও মজুরেরদের স্বাস্থ্যের ও বস্ত্রাদি দেওয়ার বিষয়ে যে সকল বিধি ফ্রান্সীয় জাহাজের উপর খাটে সেই সকল বিধি মানিতে হইবে।

২৩। ত্রয়োবিংশ প্রকরণ।

মার্টিনীকনামক স্থানে কর্ম্ম করিবার যে সকল বিধান আছে সেই বিধান, ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা ভারতবর্ষীয় যে সকল মজুরকে ফ্রান্সীয় কোন বসতি স্থানে পাঠান যায়, তাহারদের কর্ম্মের বিধানের মূল হইবে।

ফ্রান্সীয় গবর্ণমেণ্ট এই প্রতিজ্ঞা করিতেছেন যে, উক্ত ভারতবর্ষীয় প্রজারা যাহাতে বিধির বর্জনীয় অবস্থায় থাকিতে পারিবে, কিম্বা উক্ত বিধানেতে যে মতের শ্রম করিবার বিধি আছে তাহাহইতে পরিশ্রম করিবার আরো কঠিন নিয়ম যাহাতে হয়, উক্ত বিধানের কোন কথা এমতে মতান্তর করা যাইবেক না।

২৪। চতুর্ব্বিংশ প্রকরণ।

রিইউনিয়ন ও মার্টিনীক ও গোয়াডিলুপ ও তাহার মোতালক স্থানে ও গয়ানা নামক বসতি স্থানে যাইবার বিষয়ে এই সন্ধি খাটিবে।

ইহার পরে অন্য২ যে বসতিস্থানে ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেবেরা নিযুক্ত থাকেন, সেই২ স্থানে যাইবার বিষয়ে খাটান যাইতে পারিবে।

২৫। পঞ্চবিংশ প্রকরণ।

ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় প্রজারদের বিষয়ে এই সন্ধিপত্রের যে সকল নিয়ম হইয়াছে, তাহা উক্ত শ্রীশ্রীমতীর আশ্রয়ের কি রাজকীয় কার্য্যসম্পর্কে তাঁহার কর্ত্তৃত্বাধীন ভারতবর্ষীয় প্রত্যেক রাজ্যের লোকেরদের, কিম্বা যে কোন দেশের কর্ত্তাব্যক্তিরা ব্রিটনীয় রাজ্যের নিকটে আয়ত্ত স্বীকার করিয়াছেন সেই সকল দেশের লোকেরদের উপরও খাটিবে।

২৬ ষড়বিংশ প্রকরণ।

এই সন্ধি ১৮৬১ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি চলন হইয়া সাড়ে তিন বৎসরপর্য্যন্ত সম্পূর্ণরূপে বলবৎ থাকিবে। তৃতীয় বৎসরের সেপ্টেম্বর মা-

remain in full force, if notice for its termination be not given in the course of the month of September of the third year, and then notice can be given only in the course of the month of September of each succeeding year.

In case of notice being given for its termination it shall cease eighteen months afterwards.

It is understood that the stipulations of the present Convention relative to Indian subjects of Her Britannic Majesty introduced into the French Colonies shall be maintained in force in favor of the said Indians until they shall either have been sent back to their own country or have renounced their right to a return-passage.

And whereas a Convention was concluded and signed at Paris on the 25th day of July 1860 between Her said Majesty the Queen of Great Britain and Ireland and His said Majesty the Emperor of the French, consisting of the same Articles, but limited to the emigration to the French Colony of Re-Union from India of Native laborers to the number of not more than six thousand:

And whereas it is necessary, in order to give effect to the said Conventions, and for the due protection of Natives of India emigrating to French Colonies, that an Act of the Legislative Council of India should be passed; It is enacted as follows:—

[Acts repealed.]

I. Act XIV. of 1839 and Section III. Act XXIV. of 1852 are repealed in so far as they render liable to penalties every person who shall make with any Native of India any contract to be performed in the French Colonies of Re-Union, Martinique, Guadeloupe and its dependencies, or Guiana, or in any other French Colony in which a British Consular Agent has been or shall hereafter be established, and to which this Act shall be extended by an order of the Governor General of India in Council as hereinafter provided, or who shall knowingly aid or abet any Native of India in emigrating from the Ports of Calcutta, Madras, and Bombay respectively, or from any French Port in India, to any of the said Colonies.

[Nomination of Agents for Calcutta, Madras, and Bombay. Proviso.]

II. The French Government may nominate a person to be Emigration Agent under this Act for each of the Ports of Calcutta, Madras, and Bombay. Provided that such person, before entering on the duties of his office under this Act, shall have been approved by Her Majesty.

[*Government Gazette, 27th November*, 1860.]

সের মধ্যে যদি তাহা রহিত হইবার ইশ্তিহার দেওয়া না যায়, তবে তাহা বহাল থাকিবে, ও তৎপর বৎসরের সেপ্টেম্বর মাসের পূর্ব্বে তাহা রহিত হইবার ইশ্তিহার হইতে পারিবে না। কোন বৎসরের সেপ্টেম্বর মাসে যদি ঐ রূপ ইশ্তিহার না দেওয়া যায়, তবে তাহার পর বৎসরের সেপ্টেম্বর মাসের পূর্ব্বে ঐ ইশ্তিহার হইতে পারিবে না।

যদি রহিত হইবার ইশ্তিহার দেওয়া যায়, তবে তৎপরের আঠার মাস বাদে তাহা রহিত হইবে।

ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় যে প্রজারদিগকে ফ্রান্সীয়েরদের বসতি স্থানে পাঠান যায়, তাহারদিগকে যত কাল স্বদেশে ফিরিয়া পাঠান না যায়, কিম্বা তাহারদের বিনাখরচে ফিরিয়া আসিবার স্বত্ব যত কাল তাহারা ত্যাগ না করে, তত কালপর্য্যন্ত তাহারদের পক্ষে এই সন্ধিপত্রের নিয়ম বলবৎ থাকিবে ইহা বুঝা গেল।

আরো গ্রেটব্রিটন ও ঐরলাণ্ড দেশের শ্রীশ্রীমতী মহারাণীর ও ফ্রান্সীয়েদের শ্রীলশ্রীযুক্ত মহারাজার মধ্যে উক্ত সকল প্রকরণঘটিত এক সন্ধি স্থির হইয়া তাহাতে ১৮৬০ সালের জুলাই মাসের ২৫ তারিখে পারিস নগরে দস্তখৎ করা গেল, কিন্তু তাহাতে কেবল রিইউনিয়ন নামক ফ্রান্সীয়েরদের বসতি স্থানে ভারতবর্ষহইতে ঐ দেশের ছয় হাজারের অনধিক জন মজুরের যাইবার নিয়ম হয়।

আরো উক্ত সন্ধি সফল করিবার জন্যে ও ভারতবর্ষীয় যে লোকেরা ফ্রান্সীয়েরদের বসতি স্থানে যাইবে তাহারদের সুরক্ষার জন্যে, ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের এক আইন জারী করা আবশ্যক। এই২ কারণে এই২ বিধান হইল।

[যে২ আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। রিইউনিয়ন কি মার্টিনীক কি গোয়াডিলুপ ও তাহার মোতালক স্থানে কি গয়ানা নামক বসতি স্থানে, কিম্বা ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেব যে স্থানে নিযুক্ত হন কি ইহার পরে নিযুক্ত হইবেন, ফ্রান্সীয়েরদের এমত যে কোন বসতি স্থানে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর পশ্চাৎ লিখিত বিধানমতে হুকুম করিয়া এই আইন চালান, সেই২ বসতি স্থানে কর্ম্ম করিবার কোন করার ভারতবর্ষীয় কোন লোকের সঙ্গে যে কোন ব্যক্তি করে, কিম্বা কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বন্দরহইতে কিম্বা ভারতবর্ষে ফ্রান্সীয়েরদের কোন বন্দরহইতে উক্ত কোন বসতি স্থানে ভারতবর্ষীয় কোন লোকের গমন করিতে যে কোন ব্যক্তি জানিয়াশুনিয়া সাহায্য করে কি সহায় হয়, সেই ব্যক্তি দণ্ডের যোগ্য হইবেক, এই মর্ম্মের যে কোন কথা ১৮৩৯ সালের ১৪ আইনেতে ও ১৮৫২ সালের ২৪ আইনের ৩ ধারাতে আছে সেই কথা ইহাতে রদ হইল ইতি।

[কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইয়ে এজেণ্ট সাহেবদিগকে মনোনীত করিবার কথা ও বর্জ্জিত কথা।]

২ ধারা। ফ্রান্সীয় গবর্ণমেণ্ট কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দরের নিমিত্তে এই আইনমতের এমিগ্রেশন এজেণ্টের পদে এক২ ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন। কিন্তু এই আইনমতে উক্ত প্রকারের এজেণ্টের পদের কর্ম্ম আরম্ভ করিবার পূর্ব্বে প্রয়োজন যে শ্রীশ্রীমতী মহারাণী তাঁহার নিয়োগে সম্মত হন ইতি।

[Powers of Agents.]

III. The Emigration Agents so nominated and approved as aforesaid shall be authorized, under the conditions prescribed in this Act, to recruit and engage Native laborers for all or any of the French Colonies aforesaid.

[Operations of recruitment.]

IV. The said Emigration Agents shall act in conformity with the regulations now or hereafter existing for the recruitment of Native laborers for British Colonies, and shall, with regard to the operations of recruitment which are entrusted to them, enjoy for themselves and the persons whom they may employ in the management of the said operations, all the facilities and advantages afforded to the Emigration Agents for British Colonies.

[Protector of Emigrants.]

V. The Protector of Emigrants at each of the three British Ports aforesaid, shall act for the British Government as Protector of laborers emigrating under the provisions of this Act. In French Ports in India the duty confided to the British Consular Agents by Article V. of the said Convention shall be performed under such instructions as may be given by the Governor General in Council in that behalf.

[Contracts of service, with certain exceptions, to be made in India. Effect of contract.]

VI. All contracts of service made with laborers emigrating under this Act, except the contracts mentioned in Section 4 of Article IX. and Section 2 of Article X. of the above recited Convention, shall be made in India, and shall bind the Emigrant either to serve a person designated by name, or to serve a person to whom he shall be allotted by the proper authority on his arrival in the Colony to which he emigrates.

[Matters to be provided for in contract.]

VII. The contracts of service shall be in accordance with the terms of the said Convention, and shall make provision for—

1. The duration of the engagement, at the expiration of which the Emigrant shall receive a return-passage to India at the expense of the French Government, and the terms on which it will be competent to him to abandon or renounce his right to a free return-passage.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৭ নবেম্বর।]

[এজেণ্ট সাহেবেরদের ক্ষমতার কথা।]

৩ ধারা। উক্ত প্রকারে যে এমিগ্রেশন এজেণ্ট সাহেবেরদিগকে মনোনীত করা যায় ও যাঁহারদের নিয়োগ মঞ্জুর হয় তাঁহারা এই আইনের নির্দ্দিষ্ট নিয়মমতে ফ্রান্সীয়েরদের পূর্ব্বোক্ত সকল কি কোন বসতি স্থানে পাঠাইবার জন্যে এদেশীয় মজুরদিগকে সংগ্রহ করিতে ও তাহারদের সঙ্গে কর্ম্ম করিবার করার করিতে ক্ষমতা-পন্ন হইবেন ইতি।

[লোক সংগ্রহ করিবার কার্য্যের কথা।]

৪ ধারা। ব্রিটনীয় বসতি স্থানের নিমিত্তে এদেশীয় মজুরদিগকে সংগ্রহ করিবার যে২ বিধি এখন চলিতেছে কি পরে চলন হয়, সেই২ বিধিমতে ঐ এমিগ্রেশন এজেণ্ট সাহেবেরা কার্য্য করিবেন। ও ব্রিটনীয় বসতি স্থানের নিমিত্তে এমিগ্রেশন এজেণ্ট সাহেবেরদের কার্য্য সহজ করিবার যে সকল উপায় ও ক্ষমতা হয়, পূর্ব্বোক্ত এমিগ্রেশন এজেণ্ট সাহেবেরদের প্রতি লোক সংগ্রহ করিবার যে কর্ম্ম অর্পণ করা যায় তদ্বিষয়ে, তাঁহারদের ও তাঁহারা এ কর্ম্ম চালাইবার নিমিত্তে যে লোকেরদিগকে নিযুক্ত করেন তাঁহারদেরও সেই উপায় ও ক্ষমতা থাকিবে ইতি।

[মজুরেরদের রক্ষক সাহেবেরদের কথা।]

৫ ধারা। ব্রিটনীয় পূর্ব্বোক্ত তিন বন্দরে যাঁহারা মজুরেরদের রক্ষকের পদে থাকেন, তাঁহারা ব্রিটনীয় গবর্ণমেণ্টের পক্ষে এই আইনমতের গমনশীল মজুরেরদের রক্ষকস্বরূপে কর্ম্ম করিবেন। ভারতবর্ষে যে২ ফ্রান্সীয় বন্দর আছে তাহাতে ঐ সন্ধিপত্রের ৫ প্রকরণমতে ব্রিটনীয় কন্সুলর এজেণ্ট সাহেবেরদের প্রতি যে২ কার্য্য অর্পণ হয় সেই২ কার্য্য বিষয়ে হুজুর কৌন্সেলের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে২ উপদেশ দিয়া থাকিবেন সেই২ উপদেশমতে তাঁহারা ঐ কার্য্য নির্ব্বাহ করিবেন ইতি।

[কোন২ স্থল ছাড়া কর্ম্ম করিবার করার ভারতবর্ষে করিতে হইবার কথা, ও করারের ফলের কথা।]

৬ ধারা। পূর্ব্ব লিখিত সন্ধিপত্রের ৯ প্রকরণের ৪ দফাতে ও ১০ প্রকরণের ২ দফাতে যে২ করারের কথা লেখা আছে তাহা ছাড়া, এই আইনমতে বিদেশ গমনশীল মজুরেরদের সঙ্গে কর্ম্ম করিবার যে সকল করার করা যায় তাহা ভারতবর্ষে করিতে হইবে। ও সেই করারেতে যাঁহার নাম নির্দ্দিষ্ট থাকিবে তাঁহার নিকটে, কিম্বা মজুর যে বসতি স্থানে যাইবে সেই স্থানে পঁহুছিলে উপযুক্ত কার্য্যকারক সাহেব তাহাকে যে মুনিবের নিকটে চাকরী করিতে নিযুক্ত করেন তাঁহার নিকটে, ঐ করারমতে ঐ মজুরের কর্ম্ম করিতে হইবে ইতি।

[করারনামায় যে২ বিষয়ের নিয়ম করিতে হইবে তাহার কথা।]

৭ ধারা। কর্ম্ম করিবার করারনামা ঐ সন্ধিপত্রের নিয়মঅনুযায়ি হইবে ও তাহাতে এই২ বিষয়ের বিধান থাকিবে,

১। ঐ মজুর যত বৎসর কর্ম্ম করিলে পর ফ্রান্সীয় গবর্ণমেণ্টের খরচে ভারতবর্ষে ফিরিয়া আসিতে পারিবে সেই মিয়াদ, ও মজুরের বিনাখরচে ফিরিয়া আসিবার যে স্বত্ব থাকে তাহা যে নিয়মমতে ত্যাগ করিতে পারিবে সেই নিয়ম।

2. The number of days and hours of work.

3. The wages and rations as well as the rate of payment for extra work, and all the advantages promised to the Emigrant.

4. Gratuitous medical treatment for the Emigrant, except in cases where, in the opinion of the proper Government Officer, his illness shall have arisen from his own misconduct.

5. In every contract of engagement there shall be inserted an exact copy of Articles IX., X., XX., and XXI. of the Convention hereinbefore recited.

[Emigrant ships to be licensed. Fee for license. Master of ship to give Bond. Penalty if ship be not licensed.]

VIII. It shall not be lawful to convey any Emigrant, being a native of India, who may embark for the purpose of labouring for hire in any one of the said Colonies from any of the three British Ports aforesaid in any ship or vessel, unless a license be obtained for carrying Emigrants in any such ship or vessel from the Government of the Presidency in which the Port is situated. A fee, not exceeding one Rupee per Emigrant, as may be regulated from time to time by the local Government, shall be demandable in respect of every such license, which fee shall be carried to the credit of the said Government, and the granting or withholding any such license shall be entirely discretionary with the Government; and in consideration of such license the Master of every ship conveying or destined to convey Emigrants from India, shall execute a Bond binding himself and his owners in a penal sum of ten thousand Rupees to conform to the several conditions herein provided, and the said Bond shall be executed in duplicate, that it may be put in suit either at the place of execution or in the Colony to which the Emigrants are to be conveyed, and one copy shall be forwarded to the British Consular Agent at such Colony, to be dealt with as the case may require. And every ship or vessel in which any such Emigrant shall be embarked without a license being obtained as aforesaid, shall be liable to be forfeited, and the Master thereof shall be liable, as for a misdemeanor, to a fine of one hundred Rupees for every such Emigrant so illegally embarked.

[Master of vessel not to receive on board any Emigrants without a certificate. Certificate what to state, &c.]

IX. It shall not be lawful for the Master of any vessel licensed as above mentioned to receive on board any Emigrant laborer, as above provided, unless such laborer shall have in his possession and show a certificate or pass, to be given to him

২। তাহারদের যত দিন ও যত ঘণ্টা করিয়া কর্ম্ম করিতে হইবে তাহার কথা।

৩। তাহারা যত বেতন ও আহারীয় যত দ্রব্য পাইবে, ও উপরি কর্ম্ম করিলে তাহারা যে হিসাবে মেহনতানা পাইবে, ও মজুরকে যে সকল উপকারের প্রতিজ্ঞা হয় তাহার কথা।

৪। কোন মজুর পীড়িত হইলে তাহার বিনাখরচে চিকিৎসা হইবার কথা, কিন্তু তাহার নিজ কোন অহিতাচারেতে রোগ হইয়াছে গবর্ণমেণ্টের উপযুক্ত কর্ম্মকারকের এমত জ্ঞান হইলে তাহার বিনাখরচে চিকিৎসা না হইবার কথা।

৫। কর্ম্মেতে নিযুক্ত হইবার প্রত্যেক করারনামায় ইহার পূর্ব্বের লিখিত সন্ধিপত্রের ৯ ও ১০ ও ২০ ও ২১ প্রকরণের কথা অবিকল লিখিতে হইবে।

[মজুরদিগকে লইয়া যাইবার জাহাজের অনুমতিপত্র লওয়ার কথা ও অনুমতিপত্রের রসুমের কথা ও জাহাজের কাপ্তানের বণ্ড লিখিবার কথা ও জাহাজের অনুমতিপত্র না থাকিলে তাহার দণ্ডের কথা।]

৮ ধারা। ব্রিটনীয় যে তিন বন্দরের কথা পূর্ব্বে লেখা হইয়াছে, সেই২ বন্দর যে২ রাজধানীর মোতালক থাকে সেই২ রাজধানীর গবর্ণমেণ্ট বিদেশগমনকারি মজুরদিগকে লইয়া যাইবার যে কোন জাহাজের অনুমতিপত্র না দেন, এমত কোন জাহাজ, ভারতবর্ষীয় যে কোন লোক সেই২ বন্দরহইতে উক্ত কোন বসতি স্থানে মজুরী করিবার জন্যে গমন করে, তাহাকে লইয়া যাইতে পারিবে না। সেই প্রকারের প্রত্যেক অনুমতিপত্রের জন্যে যত রসুম স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ নিরূপণ করেন তত রসুম লওয়া যাইতে পারিবে, কিন্তু মজুর প্রতি এক টাকার অধিক রসুম লওয়া যাইবে না। সেই রসুমের টাকা ঐ গবর্ণমেণ্টের নামে জমা হইবে। ও সেই গবর্ণমেণ্ট তদ্রূপ কোন অনুমতিপত্র কেবল নিজ বিবেচনামতে দিবেন কি দিতে নারাজ হইবেন। আরো ভারতবর্ষহইতে যে জাহাজ মজুরদিগকে লইয়া যায়, কি মজুরদিগকে লইয়া যাইবার কর্ম্মে নিযুক্ত থাকে, সেই২ জাহাজের কাপ্তান ঐ অনুমতিপত্র পাইবার উপলক্ষে এই মর্ম্মের এক বণ্ড লিখিয়া দিবেন যে এই আইনের লিখিত নিয়মমতে কর্ম্ম না হইলে, আপনি ও জাহাজের মালিকেরা দশ হাজার টাকা জরীমানা দিবেন। সেই বণ্ড যে স্থানে লেখা যায় সেই স্থানে, কিম্বা মজুরদিগকে যে বসতি স্থানে লইয়া যাওয়া যায়, সেই স্থানে মোকদ্দমা হইলে ঐ বণ্ড উপস্থিত করা যাইতে পারে এই কারণে তাহা দুই২ কেতা করিয়া লেখা যাইবে। ও সেই বসতি স্থানের ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেবের নিকটে এক কেতা নকল পাঠান যাইবে, ও তিনি তাহা লইয়া প্রয়োজনমতে কার্য্য করিবেন। ও পূর্ব্বোক্ত প্রকারের অনুমতিপত্র না পাইয়া কোন জাহাজ যদি তদ্রূপ কোন মজুরদিগকে লইয়া যায়, তবে ঐ জাহাজ জব্দ হইতে পারিবে ও সেই জাহাজের কাপ্তান মিসডিমীনর অপরাধী হইয়াছেন বলিয়া, যত জন মজুরকে তদ্রূপে বেআইনীমতে জাহাজে লন তাহারদের জনপ্রতি তাঁহার এক শত টাকা জরীমানা হইতে পারিবে ইতি।

[কোন মজুর সর্টিফিকট না পাইলে তাহাকে কাপ্তানের গ্রাহ্য না করিবার কথা ও সর্টিফিকটে যাহা লেখা থাকিবে তাহার কথা।]

৯ ধারা। বিদেশগমনশীল কোন মজুরের নিকটে যদি সর্টিফিকট কি পাস না থাকে, ও সে যদি ঐ সর্টিফিকট কি পাস না দেখায়, তবে উক্তমতের অনুমতিপ্রাপ্ত কোন জাহাজের কাপ্তান তাহাকে পূর্ব্বোক্ত বিধানমতে জাহাজে গ্রাহ্য করিতে পারিবেন না। এই আইনমতে

by the Emigration Agent of the Port under this Act, countersigned by the Protector of Emigrants, stating his name and the name of his father, and his age, and certifying that, having appeared before such Agent, he has declared his willingness to proceed to work for hire in the Colony to which such vessel is bound, and has been engaged by him as an Emigrant to such Colony on the part of the Government thereof.

[Protector to hold personal conference with every Emigrant before embarkation. Enquiries to be made in public.]

X. The Protector of Emigrants shall ascertain, by personal communication with every Emigrant previously to his or her embarkation from the Port or place for which such Protector shall have been appointed, that such Emigrant has not been induced to emigrate by any fraud or by any false or unreasonable expectation, and is aware of the distance of the Colony to which he or she is about to emigrate from the place where he or she is about to embark, and that the real advantages likely to be derived from a removal to such Colony have been explained to such Emigrant, and that such Emigrant has been duly cautioned against unreasonable and unwarrantable expectations; and that every such Emigrant is in good health and not incapacitated from labor by old age, bodily infirmity, or disease; provided that every such Protector shall make the enquiries specified in such Section in an open Court or public Office to which all persons shall have admission.

[Before Port-clearance, Master of Ship to obtain certificate from Emigration Agent stating—]

XI. Before any ship or vessel, so licensed to carry Emigrant laborers as above provided, shall be cleared out from any of the aforesaid Ports for any of the Colonies aforesaid, it shall be necessary for the Master of such ship or vessel, provided any Emigrant of the description aforesaid shall embark therein, to obtain from the Protector of Emigrants at such Port as aforesaid, a certificate, under the hand of such Protector, to the effect following, that is to say—

[That the foregoing Section has been complied with.]

First.—That such Protector has by personal communication done what is required on the part of such Protector by the last preceding Section of this Act.

[That the directions in this Act as to health &c. have been complied with.]

Second.—That all the directions contained in this Act for ensuring the health and safety of passengers have been duly complied with.

যিনি বন্দরের এমিগ্রেশন এজেণ্ট হন তাঁহার স্থানে ঐ মজুর সেই সর্টিফিকট কি পাস পাইবে, ও তাহাতে মজুরেরদের রক্ষক সাহেবেরও দস্তখৎ থাকিবে। তাহাতে মজুরের নাম ও বয়স ও তাহার পিতার নাম লেখা থাকিবে। আরও তাহাতে এই কথা লেখা থাকিবে যে, ঐ মজুর উক্ত এজেণ্ট সাহেবের নিকটে উপস্থিত হইয়া, ঐ জাহাজ যে বসতি স্থানে যাইবে সেই স্থানে মজুরী পাইবার করারে কর্ম্ম করিবার নিমিত্তে আপনার যাইবার ইচ্ছা প্রকাশ করিয়াছে ও মজুরস্বরূপে ঐ বসতি স্থানে যাইবার বিষয়ে ঐ সাহেব সেই বসতি স্থানের গবর্ণমেণ্টের তরফে তাহার সঙ্গে করার করিয়াছেন ইতি।

[মজুর জাহাজে উঠিবার পূর্ব্বে তাহার সঙ্গে রক্ষক সাহেবের কথা কহিতে হইবার কথা। প্রকাশরূপে জিজ্ঞাসা করিবার কথা।]

১০ ধারা। বিদেশগমনশীল মজুরেরদের রক্ষক সাহেব যে বন্দরে কি স্থানে নিযুক্ত থাকেন সেই বন্দর কি স্থানহইতে গমনকারি কোন পুরুষের কি স্ত্রীর জাহাজে যাইবার পূর্ব্বে ঐ মজুরেরদের রক্ষক সাহেব নিজে তাহারদের সঙ্গে দেখা করিয়া এই২ বিষয় নিশ্চয়মতে জানিয়া লইবেন। অর্থাৎ কোন প্রতারণার দ্বারা কিম্বা কোন মিথ্যা কি অযুক্তিসিদ্ধ আশা জন্মাইয়া ঐ মজুরকে বিদেশে যাইবার প্রবৃত্তি দেওয়া যায় নাই। ও যে বসতিস্থানে যাইতেছে তাহা জাহাজে উঠিবার স্থানহইতে কত দূর এই কথা সেই মজুর জানে। ও সেই বসতিস্থানে গেলে ঐ মজুরের নিতান্ত যে লাভ সম্ভাবনা তাহা তাহাকে ভাঙ্গিয়া বলা গিয়াছে। ও তাহার অযুক্তিসিদ্ধ ও নিষ্ফল কোন আশা না থাকার বিষয়ে তাহাকে সাবধান করা গিয়াছে। ও সেই মজুর শরীরে সুস্থ আছে ও বৃদ্ধ বয়স কি শরীরের দুর্ব্বলতা কি পীড়াপ্রযুক্ত কর্ম্ম করিতে অক্ষম নহে। কিন্তু রক্ষক সাহেব এই ধারার লিখিত সকল কথা কোন প্রকাশ স্থানে কি খোলা আফিসে জিজ্ঞাসা করিবেন ও সেই স্থানে যাহার ইচ্ছা হয় তাহার যাইবার অনুমতি থাকিবে ইতি।

[বন্দরহইতে জাহাজের গমনের অনুমতিপত্র হইবার অগ্রে এমিগ্রেশন এজেণ্ট সাহেবের স্থানে কাপ্তান সাহেবের সর্টিফিকট পাইবার কথা।]

১১ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে যে কোন জাহাজে মজুরদিগকে লইয়া যাইবার উক্ত প্রকারের অনুমতিপত্র হয়, সেই জাহাজে যদি উক্ত প্রকারের কোন মজুরেরা যায়, তবে পূর্ব্বোক্ত কোন বসতিস্থানে যাইবার পূর্ব্বোক্ত কোন বন্দরহইতে ঐ জাহাজ খুলিয়া যাইবার অনুমতিপত্র হইবার পূর্ব্বে, ঐ বন্দরে যিনি বিদেশগমনশীল মজুরেরদের রক্ষক হন, তাঁহার স্থানে তাঁহার দস্তখৎ-করা এই মর্ম্মের এক সর্টিফিকট অর্থাৎ

[ইহার পূর্ব্বের বিধানমতে কার্য্য হইবার কথা।]

প্রথম। এই আইনের ইহার পূর্ব্বের ধারাতে ঐ রক্ষক সাহেবের যে সকল কর্ম্ম করিবার আজ্ঞা হইয়াছে তাহা তিনি নিজে ঐ মজুরেরদের সঙ্গে সাক্ষাৎ করিয়া করিয়াছেন।

[ও স্বাস্থ্যপ্রভৃতির নিমিত্তে এই আইনের সকল হুকুমমতে কার্য্য হইবার কথা।]

দ্বিতীয়। জাহাজে যাহারা যায় তাহারদের স্বাস্থ্যের ও নিরাপদের জন্যে এই আইনেতে যে সকল হুকুম হইয়াছে সেই হুকুমমতে উপযুক্তরূপে কার্য্য হইয়াছে।

[That the rules issued by the Governor General in Council as to Medical attendance &c. have been complied with]

Third.—That such rules have been complied with as the Governor General in Council shall from time to time frame touching the Medical attendance and Medical stores and the proper clothing to be provided, the species of provisions suited to Native habits, the number of women that should accompany the Emigrants, or other matters.

[To be continued:]

[চিকিৎসাপ্রভৃতির বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের জারীকরা বিধিমতে কর্ম্ম হইবার কথা।]

তৃতীয়। লোকেরদের চিকিৎসা হইবার ও ঔষধাদির বিষয়ে ও উপযুক্ত বস্ত্রাদি পাইবার বিষয়ে ও এদেশীয় লোকেরদের রীতিমতের আহারীয় দ্রব্য বিষয়ে ও মজুরেরদের সঙ্গে যত জন স্ত্রীর যাইতে হইবে সেই বিষয়ে কি অন্য২ বিষয়ে, হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সময়ে২ যে সকল বিধি করেন সেই সকল বিধিমতে কার্য্য হইয়াছে, এই সকল কথার সর্টিফিকট ঐ জাহাজের কাপ্তান সাহেবের লওয়া আবশ্যক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

No. 27.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, L. P., to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 5th June, 1860.

I am desired by the Board of Revenue to forward a list of Errata in the Periodical Returns Series, and to request that you will have your copy corrected by hand, accordingly.

E. T. Trevor,
Secretary.

ERRATA.

In the List of Periodical Returns, the Report on Revision of Securities should be separated from the "Estimate of Abkaree Revenue," which should appear as No. 19.

Appendix No. 1.—In para. 22 of Directions, read "Column 11" for "Column 9."

In para. 62 of the Directions, read "Government Promissory Notes" for "Company's Paper."

In the margin of para. 101 of the Directions, read "Forms Nos. 20 and 21," for "Form No. 20."

The second para. 103 to be 104, and 104 to 106 to be 105 to 107.

In the margin of para. 103, read "Column 5" for "Column 3."

In the margin of revised para. 104, read "Form No. 22," and of revised para. 106, read "Form No. 23" for "Form No. 22," and of revised para. 107, read "Form No. 24" for "Form No. 23."

In heading of last Column of Part 1 of the Memo. of Settlements (V_{11}) in Statement No. VII., read "the" for "last."

In heading of Statements 8 A. and B., read Act XI. of 1859, for "Act I. of 1845."

In heading of Statement 8 C., read Sections "17 and 18, Act XI. of 1859," for "10 and 11 of Act I. of 1845."

In heading of Statement D., read Section "24, Act XI. of 1859," for "16, Act I. of 1845."

Appendix No. 2.—In the directions for Headings and Registers "9 to 5," read "5 to 9."

In the directions for "Registers Nos. 51 to 53," read "Registers Nos. 51 to 56."

For "Registers Nos. 54 and 55," read "Registers Nos. 57 and 58."

For "Register No. 56," read "Register No. 59."

"Registers Nos. 57 to 59," and "no remarks called for," at the close of the Directions, to be scored through.

No. 28.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue, for the Division of

Dated Fort William, the 12th June, 1860.

I am directed by the Board of Revenue to request that you will be good enough to instruct the Collectors of your Division, who are put in charge of Minors' Estates by the Civil Court, under Section 12 of Act XL. of 1858, to send such of the Hindoo wards whose estates may yield a net income of Rs. 4,000 and upwards per annum, to the Wards' Seminary at Calcutta, to be educated along with the minors under the jurisdiction of the Court of Wards.

2. The board also request that you will submit a report on all proceedings which may have been held by the Collectors of your Division up to the end of the official year 1859-60 under the provisions of Act XL. of 1858.

(Signed) E. T. Trevor,
Secretary.

No. 29.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the

Dated Fort William, the 12th June, 1860.

I am directed by the Board of Revenue to request that the form of Nomination Roll prescribed by their Circular, dated the 21st April 1857, No. 3, may be modified as follows:

1. Instead of the heading in column 10, substitute the following, "Extent of acquirements in reading, writing, arithmetic, &c., with any evidence as to attendance or progress at School."

2. Introduce a column between 10 and 11, headed "when, how, and by whom, the foregoing acquirements were tested and certified."

3. The present columns 11, 12, 13 and 14 will then become 12, 13, 14 and 15.

(Signed) E. T. Trevor,
Secretary.

No. 30.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the

Dated Fort William, the 15th June, 1860.

I am directed by the Board of Revenue to inform you, that they have resolved, with the concurrence of Government, to receive no Appeals in Survey and Settlement Cases from the orders of a Commissioner unless presented within one month from the date of the order against which the appeal is preferred.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৭ নবেম্বর।]

২৮ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১২ জুন।

দেওয়ানী আদালত ১৮৫৮ সালের ৪০ আইনের ১২ ধারামতে তোমার এলাকার যে কালেকটর সাহেবেরদের জিম্মায় নাবালগেরদের ইষ্টেট রাখিয়াছেন তাঁহারদিগকে তুমি অনুগ্রহ করিয়া এই আদেশ কর যে, হিন্দু যে নাবালগেরদের ইষ্টেটহইতে খরচাবাদে বৎসরে ৪০০০৲ টাকা ও তাহার অধিক উৎপন্ন হয় সেই নাবালগেরদিগকে তাঁহারা কলিকাতায় নাবালগেরদের বিদ্যালয়ে, কোর্ট ওয়ার্ডসের এলাকার মধ্যের নাবালগেরদের সঙ্গে বিদ্যা শিক্ষা করিবার জন্যে পাঠান্, এই আদেশ বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে করিতেছি।

২। বোর্ডের সাহেবেরদের আরো এই আদেশ, যে, ১৮৫৮ সালের ৪০ আইনের বিধানমতে তোমার এলাকার কালেকটর সাহেবেরা সরকারী ১৮৫৯।৬০ সালের শেষপর্য্যন্ত যে সকল কারবারী করিয়াছেন তাহার রিপোর্ট পাঠান্।

ই টি ট্রবর। সেক্রেটারী।

---

২৯ নম্বর।

অমুক সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৬০ সাল ১২ জুন।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে আদেশ হইতেছে যে, ১৮৫৭ সালের ২১ আপ্রিল তারিখের ৩ নম্বরের সরকুলর অর্ডরেতে কোন পদে নিযুক্ত হইবার জন্যে নামাদির যে ফর্দ্দ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা নীচের লিখিতমতে মতান্তর করা যায়।

১। ১০ নম্বরের ঘরের কথার পরিবর্ত্তে এই কথা লিখিতে হইবে, "লেখাপড়া ও অঙ্ক বিদ্যাপ্রভৃতি যে-পর্য্যন্ত শিক্ষা করিয়াছেন, ও ইস্কুলে হাজির হইবার ও বিদ্যার উন্নতির যে প্রমাণ থাকে তাহা।"

২। ১০ ও ১১ নম্বরের ঘরের মধ্যে আর একটা ঘর করিতে হইবে তাহাতে এই কথা লিখিতে হইবে "যখন ও যে প্রকারে ও যাঁহার দ্বারা তাঁহার ঐ বিদ্যার পরীক্ষা হয় ও সর্টিফিকট দেওয়া যায়।"

৩। এইক্ষণকার ১১ ও ১২ ও ১৩ ও ১৪ নম্বরের ঘর ১২ ও ১৩ ও ১৪ ও ১৫ নম্বরের ঘর হইবে।

ই টি ট্রবর। সেক্রেটারী।

---

৩০ নম্বর।

অমুক সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৫ জুন।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে তোমাকে জানাইতেছি যে, গবর্ণমেণ্টের সম্মতিক্রমে তাঁহারা এই নির্দ্ধার্য্য করিয়াছেন, থাকবস্ত ও বন্দোবস্তের মোকদ্দমায় কমিস্যনর সাহেবের যে হুকুম হয় তাহার উপর আপীল যদি ঐ হুকুম করিবার তারিখঅবধি এক মাসের মধ্যে উপস্থিত না করা যায় তবে সেই আপীল গ্রাহ্য হইবে না।

2. The following addition is to be made after the word "Board" in the middle of Section LIX. of the Survey Series—"if presented within one month from the date of the order of the Commissioner appealed against."

২। জরিপী কার্য্যের বিধিশ্রেণীর ৫৯ ধারার মধ্য ভাগে "আপীল হইতে পারিবে," এই কথার পরে এই কথা দিতে হইবে "কিন্তু কমিসানর সাহেবের হুকুমের উপর আপীল হইলে ঐ হুকুমের তারিখঅবধি এক মাসের মধ্যে উপস্থিত করিতে হইবেক।"

3. Enclosed is a copy of the Board's Notification of this date, to which you are requested to give the fullest publicity.

৩। ইহার সঙ্গে বোর্ডের সাহেবেরদের অদ্যকার তারিখের বিজ্ঞাপনের এক কেতা নকল পাঠাইতেছি। তাহা সাধ্যমতে বিস্তারিতরূপে প্রকাশ করিতে তোমাকে আজ্ঞা হইতেছে।

(Signed) E. T. TREVOR,
Secretary.

ই টি ট্রবর।
সেক্রেটারী।

ISHTAHAR.

From the end of July (proximo) no Petition of Appeal in Survey and Settlement Cases will be received by the Board, unless presented within one month from the date of the order against which it is preferred. The ground of Appeal must be in some disputed point of law or practice, which must be certified on the back of the Petition.

(Signed) E. T. TREVOR,
Secretary.

ইস্তাহারনামা বোর্ড রিবিনিউ মোকাম কলিকাতা।

প্রকাশ থাকে যে আগত জুলাই মাসের শেষঅবধি থাকবন্ত ও বন্দোবস্তের মোকদ্দমায় বোর্ডে যে সকল আপীল হইবেক যদি নারাজি হুকুমের তারিখহইতে এক মাসের মধ্যে দাখিল না হয় তবে লওয়া যাইবেক না আর ঐ সকল আপীল কোন আইন ও প্রচলিত রীতির বিরুদ্ধ ঘটিত হয় (যাহা আপীলের দরখাস্তের পৃষ্ঠে লিখিতে হইবেক ইতি।

তারিখ ১৬ জুন সন ১৮৬০ সাল।

ই টি ট্রবর। সেক্রেটারী।

No. 31.

To the Commissioner of Revenue for the Division of

MEMORANDUM.

The following Rule should be written in by hand in continuation of the Rules in Appendix No. 2 of the Periodical Returns Series.

(Signed) E. T. TREVOR,
Secretary.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 19th June, 1860.

[*Government Gazette, 27th November*, 1860.]

৩১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেব বরাবরেষু।

স্মারক লিপি।

নিয়মিত সময়ের রিটর্ণের বিধিশ্রেণীর ২ নম্বরের ক্রোড়পত্রের বিধির শেষে এই বিধি লিখিয়া দিতে হইবেক।

ই টি ট্রবর।
সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

ফোর্ট উলিয়ম।
১৮৬০ সাল ১৯ জুন।

The Registers shall be examined at the end of every week by the Serishtadar, who shall be responsible for their correctness, and shall attest his examination with his signature under the last entry made at the time.

No. 32.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 6th July, 1860.

In continuation of Circular Order dated the 2nd March last, No. 7, I am directed by the Board of Revenue to inform you, that the Lieutenant Governor has authorized, under date the 20th ultimo, the extension of the orders granting tulubana to peons for serving the civil processes of Collectors' Courts at the enhanced rate of 3 annas per diem, to *all* processes issued from Collectors' offices, of whatever nature they may be, whether civil, or miscellaneous revenue.

(Signed) E. T. Trevor,
Secretary.

No. 33.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 6th July, 1860.

At the instance of the Accountant to the Government of Bengal, I am directed to request that you will submit to that Officer Quarterly Statements of all remissions of Abkarry Revenue sanctioned by you, under the powers vested in you by Circular Order No. 144, dated 22nd April, 1853.

2. Statements of remissions granted by the Board, will be forwarded to the Accountant from this Office.

(Signed) E. T. Trevor,
Secretary.

No. 34.

CIRCULAR MEMORANDUM.

The following Rule to be inserted as 1*A in the Rent Bill Series.*

If a Collector, during his absence from the station on duty, has left a Covenanted Deputy Collector or a Covenanted Assistant with the powers of a Deputy Collector in charge of the current duties of the office, it shall be competent for him by a proceeding

শিরিশ্‌তাদার প্রতিসপ্তাহের শেষে সকল রেজিষ্টর দেখিবেন, ও সেই রেজিষ্টরের শুদ্ধ হওয়ার বিষয়ে ঐ সিরিশ্‌তাদার দায়ী হইবেন, ও সেই সময়ে শেষে যে কথা তাহাতে লেখা থাকে সেই কথার নীচে আপনি যে তদারক করিয়া দেখিয়াছেন ইহার প্রমাণে দস্তখৎ করিবেন।

---

৩২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ৬ জুলাই।

গত মার্চ মাসের ২ তারিখের ৭ নম্বরের সরক্যুলর অর্ডরের অতিরিক্ত, বোর্ড রিবিনিউর সাহেবদের আজ্ঞামতে তোমাকে এই কথা জানাইতেছি। কালেক্টর সাহেবেরদের দেওয়ানী পরওয়ানা যে পেয়াদারা জারী করে তাহারেদর তলবানা বৃদ্ধি হইয়া দিনপ্রতি ৶ তিন আনা হইবে এই হুকুম শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব গত মাসের ২০ তারিখে কালেক্টর সাহেবেরদের কাছারীহইতে জারীকরা সকল পরওয়ানার বিষয়ে খাটাইয়াছেন। সেই পরওয়ানা যে কোন প্রকারের হউক অর্থাৎ দেওয়ানী কি রাজস্বসম্পর্কীয় মুৎফরক্কা পরওয়ানা হউক তাহার বিষয়ে খাটাইয়াছেন।

ই টি ট্রবর।
সেক্রেটারী।

---

৩৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ৬ জুলাই।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের কথামতে আমি আজ্ঞাক্রমে তোমাকে এই আদেশ করিতেছি। ১৮৫৩ সালের ২২ আপ্রিল তারিখের ১৪৪ নম্বরের সরক্যুলর অর্ডরক্রমে তুমি যে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছ সেই ক্ষমতামতে আবকারীর যে সকল রাজস্ব মাফ হইবার অনুমতি দেও, তাহার তিন২ মাসের কৈফিয়ৎ ঐ আকৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠাও।

২। বোর্ডের সাহেবেরা যে২ মাফের অনুমতি দেন তাহার কৈফিয়ৎ এই আফিসহইতে আকৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠান যাইবে।

ই টি ট্রবর।
সেক্রেটারী।

---

৩৪ নম্বর।

স্মারক লিপির সরক্যুলর।

নীচের লিখিত বিধি খাজানার আইনের বিধিশ্রেণীর ১ A দফা বলিয়া লিখিতে হইবে।

কালেক্টর সাহেবের কোন সরকারী কর্ম্মের নিমিত্তে আপনার মোকামের বাহিরে যাইতে হইলে, তিনি যদি চিহ্নিত ডেপুটী কালেক্টর সাহেবকে কিম্বা ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত চিহ্নিত আসিষ্টাণ্ট সাহেবকে আপন কাছারীর চলিত কর্ম্মের ভার দিয়া যান, তবে

to delegate to the Officer so left in charge the duty of deciding any cases that may be instituted under the provisions of Act X. of 1859, or of distributing such cases amongst the Officers authorized to decide the same.

By order of the Board of Revenue,

(Signed) E. T. TREVOR,
Secretary.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 10th July, 1860.

No. 35.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of
Dated Fort William, the 13th July, 1860.

Two instances have lately been brought to the notice of the Board and the Government, in which Deputy Collectors under Regulation IX. of 1833, were in the habit of keeping out of the execution of decree Register, until after the commencement of the ensuing quarter, cases which ought to have been entered before the conclusion of the current quarter. The consequence of this was, that fewer execution of decree cases appeared to be pending than in truth were pending.

2. I am, therefore, directed to enquire whether the Deputy Collectors employed in your Division, have acted as above, or whether, as directed in the Summary Suit Series, they have invariably entered cases of execution of decree under *Regulation VII. of* 1799 in the appropriate Register, without any formal application from the decree-holder, and at the time the decree was signed, which is directed to be in no case later than the fifth day from the date thereof.

(Signed) E. T. TREVOR,
Secretary.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 16th November, 1860.

Baboo Bhugwan Chunder Sein, Moonsiff of Toobkibograh, Zillah Tipperah, for one month, during the Dusserah Vacations.

H. B. LAWFORD, *Register.*

[*Government Gazette, 27th November,* 1860.]

কুরকারী লিখিয়া ঐ কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে এই ক্ষমতা দিতে পারিবেন যে, ১৮৫৯ সালের ১০ আইনের বিধানমতে যত মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার বিচার আপনি করেন, কিম্বা যে২ কার্য্যকারক উক্ত মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন হন তাঁহারদের মধ্যে তাহা বিলি করিয়া দেন।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমমতে।

ই টি ট্রবর। সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১০ জুলাই।

---

৩৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৩ জুলাই।

যে২ মোকদ্দমা চলিত তিন মাসের শেষ হইবার পূর্ব্বে ডিক্রীজারীর রেজিষ্টরে লিখিতে হয় তাহা ১৮৩৩ সালের ৯ আইনমতের কোন২ ডেপুটী কালেক্টর তৎপরের তিন মাসের আরম্ভ হইবার পরে ঐ রেজিষ্টরে লিখিয়াছেন। এইমত কার্য্য দুইবার হইবার সম্বাদ সম্প্রতি বোর্ডের সাহেবেরদের নিকটে ও গবর্ণমেণ্টের নিকটে জ্ঞাত করা গিয়াছে। ঐ প্রকারে কর্ম্ম হইবার ফল এই যে, ডিক্রীজারীর যত মোকদ্দমা নিতান্ত উপস্থিত ছিল তদপেক্ষা কম মোকদ্দমা উপস্থিতথাকা দৃষ্ট হয়।

২। অতএব আজ্ঞামতে তোমাকে এই কথা জিজ্ঞাসা করিতেছি। তোমার এলাকায় নিযুক্ত ডেপুটী কালেক্টরেরা উপরের লিখিতমতে কার্য্য করিয়াছেন, না সরাসরী মোকদ্দমার দ্বিতীয়শ্রেণীর লিখিত হুকুমমতে তাঁহারা ১৭৯৯ সালের ৭ আইনমতের ডিক্রীজারীর মোকদ্দমা ডিক্রীদারের স্থানে দাঁড়ামতের কোন দরখাস্ত না পাইয়া ও ডিক্রীতে যে সময়ে দস্তখৎ হয় সেই সময়েতেই উপযুক্ত রেজিষ্টরে সর্ব্বদা লিখিয়াছেন। ডিক্রী যে তারিখে হয় তাহার পর পাঁচ দিনের অধিক বিলম্বে তাহাতে দস্তখৎ না হইবার হুকুম আছে।

ই টি ট্রবর।
সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬০ সাল ১৬ নবেম্বর।

জিলা ত্রিপুরার তুবকিবোগরার মুনসেফ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ বিলাফর্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্‌তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজী ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজী জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জেলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীর ত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টব্য হইতেছে। ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ শেরর। একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৭ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারশেল্‌ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 4, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ৪ ডিসেম্বর।

ACT.

THE 6TH OCTOBER 1860.

ACT No. XLVI. OF 1860.

An Act to authorize and regulate the emigration of Native Laborers to the French Colonies.

[Concluded from page 785.]

[Probable lengths of voyage.]

XII. The probable lengths of the voyages to the several French Colonies from the Ports aforesaid shall be deemed for the purposes of this Act to be as follows:—

From the Port of Calcutta to Re-Union—

Between the months of April and October inclusive, ten weeks.

Between the months of November and March inclusive, eight weeks.

From the Port of Madras—

Between the months of April and October inclusive, seven weeks.

Between the months of November and March inclusive, five weeks.

From the Port of Bombay—

Between the months of April and September inclusive, five weeks; and between the months of October and March inclusive, six weeks.

From the Port of Calcutta to Martinique, Guadeloupe and its dependencies, twenty weeks.

From the Port of Madras, nineteen weeks.

From the Port of Bombay, nineteen weeks.

From the Port of Calcutta to Guiana, twenty-six weeks.

From the Port of Madras, nineteen weeks.

From the Port of Bombay, nineteen weeks.

আইন।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৬ অক্টোবর।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৪৬ আইন।

ফ্রান্সীয়েরদের বসতিস্থানে এদেশীয় মজুরদের গমন করিতে অনুমতি দিবার ও বিধান করিবার আইন।

[৭৮৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[যাইতে যত কাল লাগিবে তাহার কথা।]

১২ ধারা। পূর্ব্বোক্ত নানা বন্দরহইতে ফ্রান্সীয়েরদের নানা বসতিস্থানে যাইতে অনুমান যত কাল লাগিবে তাহা এই আইনের কার্য্যের নিমিত্তে এই রূপে নির্ণয় হইবেক অর্থাৎ

কলিকাতা বন্দরহইতে রিইউনিয়নপর্য্যন্ত

আপ্রিল মাসের আরম্ভঅবধি অক্টোবর মাসের শেষপর্য্যন্ত কোন সময়ে গেলে দশ সপ্তাহ।

নবেম্বর মাসের আরম্ভঅবধি মার্চ মাসের শেষপর্য্যন্ত গেলে আট সপ্তাহ।

মান্দ্রাজ বন্দরহইতে,

আপ্রিল মাসের আরম্ভঅবধি অক্টোবর মাসের শেষপর্য্যন্ত গেলে সাত সপ্তাহ।

নবেম্বর মাসের আরম্ভঅবধি মার্চ মাসের শেষপর্য্যন্ত গেলে পাঁচ সপ্তাহ।

বোম্বাই বন্দরহইতে,

আপ্রিল মাসের আরম্ভঅবধি সেপ্টেম্বর মাসের শেষপর্য্যন্ত গেলে পাঁচ সপ্তাহও অক্টোবর মাসের আরম্ভঅবধি মার্চ মাসের শেষপর্য্যন্ত গেলে ছয় সপ্তাহ।

কলিকাতা বন্দরহইতে মার্টিনীক ও গোয়াডিলুপ ও তাহার মোতালক স্থানে গেলে বিশ সপ্তাহ।

মান্দ্রাজ বন্দরহইতে গেলে উনিশ সপ্তাহ।

বোম্বাই বন্দরহইতে গেলে উনিশ সপ্তাহ।

কলিকাতা বন্দরহইতে গয়ানাতে গেলে ছাব্বিশ সপ্তাহ।

মান্দ্রাজ বন্দরহইতে গেলে উনিশ সপ্তাহ।

বোম্বাই বন্দরহইতে গেলে উনিশ সপ্তাহ।

Provided that the Governor General of India in Council may, by order to be published in the Calcutta Gazette, extend this Act to any other French Colony not expressly named herein at which a British Consular Agent is established and to which the application of the above recited Convention shall be extended, and in such order may declare the probable length of the voyage to such Colony. Such declaration shall have the same force and effect as if it formed part of this Section.

[Time of sailing.]

XIII. *Clause* 1.—Emigrants may leave India for the French Colonies to the East of the Cape of Good Hope at all times of the year.

Clause 2.—For the other French Colonies, they may leave only from the 1st of August to the 15th of March. This arrangement applies only to sailing vessels; vessels using steam power may leave at any time of the year.

Clause 3.—Every Emigrant sailing from India for any French Colony Westward of the Cape of Good Hope between the 1st of March and the 15th of September, shall receive at least one double blanket over and above the clothing usually allowed to him, and may make use of it so long as the vessel is outside of the Tropics.

[Emigrant vessel to carry an European Surgeon and an Interpreter. Captain to take charge of Despatches from the Protector to the British Consular Agent.]

XIV. Every Emigrant vessel must carry an European Surgeon and an Interpreter. The Master of every Emigrant vessel shall be bound to take charge of any Despatch which may be delivered to him by the Protector of Emigrants at the Port of embarkation, for the British Consular Agent at the Port of destination, and to deliver it to the Colonial Government immediately after his arrival.

[Space to be set apart for Emigrants on Board-ship.]

XV. *Clause* 1.—In every vessel employed for the conveyance of Emigrants, the Emigrants shall occupy, either between decks, or in cabins on the upper deck firmly secured and entirely covered in, a space devoted to their exclusive use. Such cabins and space between decks shall in every part have a height of five feet and a half.

Clause 2.—No compartment shall take more than one adult Emigrant for every cubic space of seventy-two feet in the Presidency of Bengal, and for every cubic space of sixty feet in the Presidencies of Bombay and Madras.

কিন্তু এই আইনের অনির্দ্দিষ্ট অন্য যে কোন ফ্রান্সীয় বসতিস্থানে ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেব নিযুক্ত থাকেন, ও উপরের লিখিত সন্ধিপত্র খাটান যায়, তাহাতেও হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর কলিকাতা গেজেটে হুকুম প্রকাশ করিয়া এই আইন চালাইতে পারিবেন ও সেই বসতিস্থানে যাইতে অনুমান যত সময় লাগিবে তাহাও ঐ হুকুমে লিখিবেন। উক্তমতের প্রকাশিত কথা এই ধারাতে লেখা হইবার মত প্রবল ও সফল হইবে ইতি।

[জাহাজের যাইবার সময়ের কথা।]

১৩ ধারা। ১ প্রকরণ। গুডহোপনামক কেপের পূর্ব্ব দিগে ফ্রান্সীয় যে সকল বসতিস্থান আছে তাহাতে যাইবার নিমিত্তে মজুরেরা বৎসরের সকল সময়ে ভারতবর্ষহইতে যাইতে পারিবে।

২ প্রকরণ। ফ্রান্সীয় অন্যান্য বসতিস্থানে তাহারা কেবল আগষ্ট মাসের ১ তারিখঅবধি মার্চ মাসের ১৫ তারিখপর্য্যন্ত যাইতে পারিবে। এই নিয়ম কেবল পাইলের জাহাজের উপর খাটে। কলের জোরে যে জাহাজ চলে তাহা বৎসরের কোন সময়ে যাইতে পারিবে।

৩ প্রকরণ। ঐ কেপের পশ্চিম দিগে ফ্রান্সীয়েরদের যে কোন বসতিস্থান থাকে সেই স্থানে যে কোন মজুরেরা মার্চ মাসের ১ তারিখঅবধি সেপ্টেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত কোন সময়ে ভারতবর্ষহইতে প্রস্থান করে, তাহারদিগকে অন্য যে কোন বস্ত্রাদি রীতিমতে দেওয়া যাইবে তদ্ভিন্ন তাহারা প্রত্যেক জন দোহারা এক কম্বলের কম পাইবে না ও সমুদ্রের উপর ট্রপিকনামক ভাগের মধ্যে যত কাল জাহাজ না থাকে তত কাল তাহারা সেই দোহারা কম্বল ব্যবহার করিতে পারিবে ইতি।

[মজুরদিগকে লইয়া যাইবার জাহাজে ইউরোপীয় ডাক্তর সাহেবের ও দোভাষির যাইবার কথা, ও ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেবের নামে রক্ষক সাহেব যে সকল পত্রাদি দেন তাহা কাপ্তান সাহেবের লইবার কথা।]

১৪ ধারা। মজুরদিগকে লইয়া যাইবার প্রত্যেক জাহাজে ইউরোপীয় এক জন ডাক্তর সাহেবকে ও এক জন দোভাষিকে লইতে হইবে। জাহাজ যে বন্দরহইতে প্রস্থান করে সেই বন্দরে মজুরেরদের রক্ষক সাহেব জাহাজ যে বন্দরে গমন করিবে সেই বন্দরের ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেবের নামে যে সকল পত্রাদি ঐ জাহাজের কাপ্তান সাহেবকে দেন, তাহা ঐ কাপ্তান সাহেবের জিম্মায় লইয়া উক্ত বন্দরে পঁহুছিলেই কলোনিয়ল (অর্থাৎ বসতিস্থানের) গবর্ণমেণ্টের নিকটে দাখিল করিতে হইবেক ইতি।

[জাহাজে মজুরেরদের নিমিত্তে যত স্থান রাখিতে হইবে তাহার কথা।]

১৫ ধারা। ১ প্রকরণ। মজুরদিগকে লইয়া যাইবার জন্যে যে২ জাহাজ নিযুক্ত হয় সেই২ জাহাজে দুই তোতকের মধ্যের স্থান কিম্বা উপরি তোতকের কোন কুঠরী কেবল ঐ মজুরেরদের থাকিবার জন্যে নিরূপণ হইবে সেই সকল কুঠরী শক্ত করিয়া আঁটা থাকিবে ও সম্পূর্ণরূপে আবৃত থাকিবে। ঐ২ কুঠরী ও তোতকের মধ্যের স্থানের সকল ভাগ সাড়ে পাঁচ ফুট উচ্চ হইবে।

২ প্রকরণ। বাঙ্গলা দেশে সম্পূর্ণ বয়সের এক২ জন মজুর আড়ে দীর্ঘে উচ্চে সর্ব্বসুদ্ধ বাহাত্তর ফুট পরিমাণের কোন জায়গা, ও বোম্বাই ও মান্দ্রাজ দেশে আড়ে দীর্ঘে উচ্চে সর্ব্বসুদ্ধ ষাইট ফুট পরিমাণের কোন জায়গা পাইবে সেই পরিমাণের জায়গাতে এক জনের অধিক থাকিবে না।

Clause 3.—An Emigrant above the age of ten years shall count as an adult, and two children from one to ten years of age shall count as one adult.

Clause 4.—A place shall be fitted up for a hospital in every Emigrant ship.

Clause 5.—Women and children shall occupy compartments of the vessel distinct and separate from those of the men.

[Amount or proportion of provisions to be carried by Emigrant vessel over and above the victualling of the crew. Proviso.]

XVI. There shall be actually laden on board of every ship or vessel conveying Emigrants into any of the Colonies aforesaid at the time of departure of such ship or vessel from the Port at which such laborers shall be embarked, good and wholesome provisions for the use and consumption of the said passengers, over and above the victualling of the crew, to the amount or in the proportion following: that is to say—a supply of water to the amount of five gallons for every week of the computed voyage for every passenger on board such ship or vessel, such water being carried in tanks or sweet casks; and a supply of rice, bread, biscuit, flour, oatmeal, or bread stuffs to the amount of seven pounds weight to every week of the computed voyage for every such passenger. Provided always that, when any such ship or vessel shall be destined to call at a Port or place in the course of her voyage for the purpose of filling up her water-casks, a supply of water at the rate before mentioned for every week of an average voyage to such Port or place of calling shall be deemed to be a compliance with this Regulation; and provided that the preceding Regulation regarding food shall be deemed to have been complied with in any case when it shall be made to appear that, by the special authority of the Governor General of India in Council, any other articles of food were substituted for the articles above enumerated, as being in his judgment equivalent thereto. Provided also that when any such ship or vessel is fitted with Normandy's Apparatus for distilling sea-water, a reduction shall be allowed of one-third in the quantity of water required to be provided as aforesaid.

[Before Port-clearance Master of vessel to obtain a Survey Certificate.]

XVII. Before any such ship or vessel shall be cleared out on any such voyage, the Protector of Emigrants at the Port or place from which such ship or vessel shall be cleared out, shall survey or cause to be surveyed by some competent person, the provisions and water hereinbefore required to be on board for the consumption of passengers, and shall ascertain that the same are in good and sweet condition, and also that, over and above the same, there is on board an ample supply of water and stores, for the victualling of the crew of the ship or vessel, and shall also ascertain that such ship or vessel is generally reputed sea-worthy, and that

৩ প্রকরণ। দশ বৎসরের অধিক বয়সের লোক বয়ঃপ্রাপ্ত লোকের সমান গণ্য হইবে ও এক বৎসরঅবধি দশ বৎসরপর্য্যন্ত বয়সের দুই২ জন বালক বয়ঃপ্রাপ্ত এক জনের তুল্য গণ্য হইবে।

৪ প্রকরণ। মজুরদিগকে লইয়া যাইবার প্রত্যেক জাহাজে হাসপাতাল বলিয়া এক স্থান সাজান যাইবে।

৫ প্রকরণ। জাহাজের যে স্থানে পুরুষেরা থাকে তাহার পৃথক্ ও ভিন্ন স্থানে স্ত্রী ছেলে থাকিবে ইতি।

[মজুরদিগকে লইয়া যাইবার জাহাজের মল্লাপ্রভৃতির আহারের দ্রব্যছাড়া ঐ মজুরেরদের নিমিত্তে যত আহারাদি লইতে হইবে তাহার কথা ও বর্জিত কথা।

১৬ ধারা। ঐ প্রকারের মজুরেরা যে বন্দরে জাহাজে উঠে সেই বন্দরহইতে পূর্ব্বোক্ত কোন বসতিস্থানে মজুরদিগকে লইয়া যাইবার প্রত্যেক জাহাজের প্রস্থান করিবার পূর্ব্বে, ঐ জাহাজের মল্লাপ্রভৃতির আহারীয় দ্রব্যছাড়া ও তাহার অতিরিক্ত, ঐ মজুরেরদের ব্যবহারের ও আহারের জন্যে নীচে যে হিসাবের যত দ্রব্য লেখা যাইতেছে সেই হিসাবে তত উত্তম ও সুখাদ্য দ্রব্য নিতান্ত ঐ জাহাজে লওয়া যাইবে। অর্থাৎ, লক্ষিত স্থানে পঁহুছিতে যত সপ্তাহ ধরা গিয়াছে, তাহার প্রত্যেক সপ্তাহ ঐ জাহাজের প্রত্যেক জন মজুরের জন্যে পাঁচ২ গালন জল, সেই জল জলাশয়ে কি জল পরিষ্কারথাকার পিপাতে রাখিতে হইবে, ও লক্ষিত স্থানে পঁহুছিতে যত সপ্তাহ ধরা গিয়াছে তাহার এক২ সপ্তাহ এক২ জন চড়নদারের নিমিত্তে সাত পৌণ্ড (অর্থাৎ সাড়ে তিন শের) চাউল কি রুটী কি বিসকুট কি ময়দা কি ওটমীল কি রুটী করিবার দ্রব্য লইতে হইবে। কিন্তু যদি কোন জাহাজের লক্ষিত স্থানে যাইবার পথের মধ্যে জলাশয় ভরিবার জন্যে অন্য কোন বন্দরে কি স্থানে যাইবার অভিপ্রায় থাকে, তবে ঐ বন্দরে কি স্থানে যাইতে যত কাল লাগিতে পারে তত কালের প্রত্যেক সপ্তাহের নিমিত্তে পূর্ব্বোক্ত হিসাবে জল লওয়া গেলে এই আইনমতে কার্য্য হইয়াছে এমত জ্ঞান হইবে। আরো আহারের যে সকল দ্রব্য উপরে লেখা হইয়াছে তাহার পরিবর্ত্তে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের বিবেচনাতে অন্য যে দ্রব্যের সমান গুণ থাকে তাহা উক্ত শ্রীযুক্তের বিশেষ অনুমতিক্রমে লওয়া গিয়াছে ইহা যদি দর্শান যায়, তবে আহারের পূর্ব্বোক্ত বিধিমতে কার্য্য হইয়াছে এমত জ্ঞান হইবে। আরো যদি কোন জাহাজে সমুদ্রের জল মিষ্ট করিবার "নরমাণ্ডির যন্ত্র" নামে যন্ত্র থাকে, তবে পূর্ব্ব বিধিমতে যত জল লইবার হুকুম হইয়াছে তাহার তিন ভাগের এক ভাগ কম জল লইবার অনুমত হইবেক ইতি।

[বন্দরহইতে জাহাজের প্রস্থান করিবার অনুমতিপত্র পাইবার আগে কাপ্তান সাহেবের এক সর্ভে সর্টিফিকট লইবার কথা।]

১৭ ধারা। উক্ত প্রকারের কোন বসতিস্থানে গমনার্থে কোন জাহাজের অনুমতিপত্র পাইবার পূর্ব্বে, ঐ জাহাজ যে বন্দর কি স্থানহইতে প্রস্থান করিবে সেই বন্দরে কি স্থানে যিনি বিদেশগমনকারি ব্যক্তিরদের রক্ষক সাহেব হন, তিনি চড়নদারেরদের ব্যবহারের জন্যে যত আহারীয় দ্রব্য ও জল লইবার বিধি পূর্ব্বে হইয়াছে তাহা তদারক করিয়া দেখিবেন, কিম্বা উপযুক্ত কোন ব্যক্তির দ্বারা তাহার তদারক করাইবেন, ও সেই সকল দ্রব্য ভাল ও সুখাদ্য আছে, ও তাহাছাড়া ও তদতিরিক্ত জাহাজের মল্লাপ্রভৃতির ব্যবহারের জন্যে যথেষ্ট জল ও খাইবার সামগ্রী জাহাজে রহিয়াছে ইহা জানিয়া লইবেন। আরো সেই জাহাজ সমুদ্রে গমনের যোগ্য ইহা সাধারণতে বোধ হয়, ও চড়নদারেরদের

the directions hereinbefore contained for ensuring the health and safety of the passengers have been complied with, and shall grant a certificate thereof, under his hand, to the Master of such ship or vessel.

[Up to what time Master of vessel to furnish Emigrants with provisions.]

XVIII. The Master of every ship or vessel conveying Emigrants to any of the said Colonies shall be bound to provide for and furnish to every such Emigrant, and his wife and children, a sufficient quantity of good and wholesome provisions for his, her, and their daily maintenance during such voyage, and during the space of forty eight hours next after the arrival of such ship or vessel at the place of destination.

[Emigrant vessel to carry copies and translations of these Regulations.]

XIX. Two copies of Sections X. to XX. inclusive of this Act, and two copies of a translation thereof in such Native language as the local Government may direct, authenticated by the signature of the Protector of Emigrants at the Port or place at which such Emigrants shall embark, shall be delivered to the Master by such Protector at the time of clearance, and shall be kept on board of every ship or vessel carrying such Emigrants as aforesaid, during the whole voyage, and one of such copies or translations shall, upon request made at any reasonable time to the Master of the ship or vessel, be produced to any passenger for his perusal.

[Master to deliver list to Emigration Agent.]

XX. The Master of every ship or vessel carrying Emigrants from India to any of the Colonies aforesaid shall, before clearing out such ship or vessel, deliver to the Protector of Emigrants at the Port or place from which such vessel is cleared out, a list in writing, together with a duplicate of the same, specifying, as accurately as may be, the names, ages, and occupations of all and every the Emigrants on board such ship or vessel, and such Protector shall thereupon deliver to the said Master the counterpart of such list signed by such Protector; and the said Master shall, on the arrival of such ship or vessel at the place of destination, and previous to the disembarkation of any such Emigrants, give notice of the arrival of such ship or vessel, and deliver the said counterpart of such list to the British Consular Agent at the Colony at which the said ship or vessel may have arrived.

[Penalty for non-compliance with particulars required before clearance.]

XXI. If the Master of any ship or vessel shall, at any of the Ports aforesaid, take on board such ship or vessel any Emigrant labourer of the description aforesaid, and shall clear such ship or vessel

স্বাস্থ্যের ও নিরাপদের জন্যে যে সকল বিধি পূর্ব্বে হইয়াছে সেই সকল বিধিমতে কার্য্য হইয়াছে, এই সকল কথা জানিয়া লইবেন, ও আপনার দস্তখৎকরা এক সর্টিফিকট ঐ জাহাজের কাপ্তান সাহেবকে দিবেন ইতি।

[বিদেশগমনকারি ব্যক্তিদিগকে জাহাজের কাপ্তান কত কালপর্য্যন্ত আহারীয় দ্রব্য দিবেন তাহার কথা।]

১৮ ধারা। উক্ত কোন বসতিস্থানে মজুরদিগকে লইয়া যাইবার প্রত্যেক জাহাজের কাপ্তান সাহেব, ঐ জাহাজের পথে গমনকালের প্রতিদিনে ও জাহাজের লক্ষিত স্থানে পঁহুছিবার পর আটচল্লিশ ঘণ্টাপর্য্যন্ত বিদেশগমনকারি উক্ত প্রত্যেক জনকে ও তাহার স্ত্রীকে ও সন্তানদিগকে তাহারদের প্রতিদিনের আহারের জন্যে উত্তম ও সুখাদ্য দ্রব্য দিতে বদ্ধ হইবেন ইতি।

[মজুরদিগকে লইয়া যাইবার জাহাজে এই আইনের কএক কেতা ও তাহার তরজমা লইবার কথা।]

১৯ ধারা। এই আইনের ১০ ধারা অবধি ২০ ধারাপর্য্যন্ত সকল ধারার দুই কেতা নকলে, ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট দেশীয় যে ভাষাতে তাহা তরজমা করিতে হুকুম করেন, সেই ভাষাতে ঐ২ ধারার তরজমার দুই কেতা নকলে ঐ বিদেশগমনকারি ব্যক্তিরা যে বন্দর কি স্থানে জাহাজে উঠে সেই বন্দরের কি স্থানের মজুরেরদের রক্ষক সাহেব দস্তখৎ করিয়া, জাহাজের প্রস্থান করিবার অনুমতি লইবার সময়ে, কাপ্তান সাহেবকে তাহা দিবেন। ও পথে যাইবার তাবৎ কাল, ঐ২ ধারার ঐ২ কেতা নকল ঐ বিদেশগমনকারি ব্যক্তিদিগকে লইয়া যাইবার জাহাজে থাকিবে। ও উপযুক্ত কোন সময়ে ঐ জাহাজের কাপ্তান সাহেবের নিকটে চাওয়া গেলে ঐ২ ধারা কি তাহার তরজমা পাঠ করিবার জন্যে তাহার এক কেতা কোন চড়নদারকে দেওয়া যাইবে ইতি।

[কাপ্তান সাহেব এমিগ্রেশন এজেণ্ট সাহেবকে যে ফর্দ্দ দিবেন তাহার কথা।]

২০ ধারা। ভারতবর্ষহইতে পূর্ব্বোক্ত কোন বসতিস্থানে মজুরদিগকে লইয়া যাইবার প্রত্যেক জাহাজের কাপ্তান সাহেব ঐ জাহাজের প্রস্থান করিবার পূর্ব্বে, যে বন্দর কি স্থানহইতে প্রস্থান করিবে তাহাতে বিদেশগমনকারি ব্যক্তিরদের যে রক্ষক সাহেব থাকেন তাঁহাকে হাতের লিখিত এক তালিকা ও তাহার এক কেতা নকল দিবেন, ঐ জাহাজে বিদেশগমনকারি যত জন আছে তাহারদের সকলের ও প্রত্যেক জনের নাম ও বয়স্ ও ব্যবসায়াদি সাধ্যমতে ঠিকরূপে সেই তালিকাতে নির্দ্দিষ্ট থাকিবে। ও সেই রক্ষক সাহেব আপনার দস্তখৎকরা ঐ তালিকার নকল ঐ কাপ্তান সাহেবকে দিবেন। ও সেই জাহাজ লক্ষিত স্থানে পঁহুছিলে ও তদ্রূপ কোন মজুরপ্রভৃতির ঐ জাহাজহইতে উঠিয়া যাইবার পূর্ব্বে ঐ কাপ্তান সাহেব উক্ত জাহাজ যে বসতিস্থানে পঁহুছে সেই স্থানের ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেবকে ঐ জাহাজের পঁহুছিবার সম্বাদ দিবেন ও ঐ তালিকার উক্ত নকল দিবেন ইতি।

[জাহাজের প্রস্থান করিবার অনুমতি হইবার পূর্ব্বে যে সকল হুকুম মানিতে হয় তাহা না মানিবার দণ্ডের কথা।]

২১ ধারা। যদি কোন জাহাজের কাপ্তান সাহেব পূর্ব্বোক্ত প্রকারের বিদেশগমনকারি কোন মজুরকে ঐ জাহাজে লন, ও জাহাজের প্রস্থান করিবার অনুমতি হইবার পূর্ব্বে যে সকল বিশেষ কার্য্য করিবার হুকুম এই

for any of the said Colonies without having fully complied with every particular herein required previously to clearance, he shall be liable, on conviction before any Magistrate or Justice of the Peace, to a penalty not exceeding two hundred Rupees for every Emigrant laborer so taken on board his ship or vessel.

[Penalty for taking on board, after clearance, Emigrants not entered in list.]

XXII. If the Master of any ship or vessel shall, after having cleared such ship or vessel at any such Port as aforesaid for any of the said Colonies, take on board any such Emigrant laborer as aforesaid without having entered such Emigrant laborer in such list as aforesaid, or without having obtained such duplicate as aforesaid containing the entry of such Emigrant prior to clearance, he shall be liable, on conviction before any Magistrate or Justice of the Peace, to a penalty not exceeding five hundred Rupees for every Emigrant so taken on board his ship or vessel.

[Penalty for fraudulent acts whereby certificate becomes inapplicable to the altered state of the vessel.]

XXIII. If any Master of any ship or vessel cleared for any of the said Colonies as aforesaid shall, after having obtained such certificate as aforesaid, fraudulently do or suffer to be done any act or thing whereby such certificate shall become inapplicable to the altered state of the ship or vessel, its passengers, or other matters to which such certificate relates, such Master shall be liable on conviction to a penalty not exceeding five thousand Rupees, besides incurring a forfeiture of any Bond executed in consideration of any license obtained for the vessel as originally described.

[Custom House Officers and Pilots to exercise, for the purposes of this Act, certain powers vested in the former for the prevention of smuggling.]

XXIV. All the powers vested by law in the Officers of Customs in regard to the searching and detention of ships or vessels or otherwise for the prevention of smuggling on board thereof, may be exercised by such Officers for the prevention of illegal embarkation of such Emigrants as aforesaid on board ships or vessels bound for any of the said Colonies and of other offences against this Act; and all Pilots in the service of the Government of India shall be invested with the same powers and be charged with the same duties as Preventive Officers of Customs in this behalf.

[*Government Gazette, 4th December*, 1860.]

আইনেতে হইয়াছে সেই সকল কার্য্য সম্পূর্ণরূপে না করিয়া যদি উক্ত কোন বসতিস্থানে যাইবার নিমিত্তে জাহাজের প্রস্থান করিবার অনুমতি লন, তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের কি জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে তাঁহার দোষ সাবুদ হইলে, ঐ জাহাজে যত জন মজুরকে লওয়া গেল তাহার প্রত্যেক জনের নিমিত্তে তাঁহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[প্রস্থান করিবার অনুমতি হইলে পর তালিকাতে যাহারদের নামাদি লেখা নাই এমত কোন মজুরকে জাহাজে লইবার দণ্ডের কথা।]

২২ ধারা। উক্ত কোন বসতিস্থানে যাইবার নিমিত্তে যদি কোন জাহাজের কাপ্তান সাহেব ঐ জাহাজের প্রস্থান করিবার অনুমতি পূর্ব্বোক্ত কোন বন্দরে পাইলে পর, পূর্ব্বোক্ত প্রকারের তালিকাতে যাহার নাম লেখা হয় নাই পূর্ব্বোক্তমতের এমত কোন মজুরকে জাহাজে লন, কিম্বা প্রস্থান করিবার অনুমতি পাইবার পূর্ব্বে ঐ মজুরের নাম যাহাতে লেখা থাকে তালিকার পূর্ব্বোক্ত প্রকারের এমত নকল না পাইয়া যদি ঐ মজুরকে জাহাজে লন, তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের কি জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে তাঁহার ঐ দোষ সাবুদ হইলে, বিদেশগমনকারি যত জনকে সেই প্রকারে জাহাজে লন তাহারদের প্রত্যেক জনের নিমিত্তে তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[প্রতারণার যে কার্য্যদ্বারা জাহাজের অবস্থা পরিবর্ত্তন হওয়াতে সর্টিফিকট খাটে না সেই কার্য্যের দণ্ডের কথা।]

২৩ ধারা। পূর্ব্বোক্ত কোন বসতিস্থানে যাইবার জন্যে যে জাহাজের প্রস্থান করিবার অনুমতি হয়, সেই জাহাজের কপ্তান সাহেব, পূর্ব্বোক্তমতের সর্টিফিকট পাইলে পর, যদি প্রতারণাভাবে কোন কার্য্য করেন কি করিতে দেন, ও তাহাতে জাহাজের কিম্বা চড়নদারেরদের কিম্বা সেই সর্টিফিকট অন্য যে বিষয়ের সম্পর্কীয় হয় তাহার অবস্থা পরিবর্ত্তন হইয়া যদি সেই সর্টিফিকট খাটিতে না পারে, তবে ঐ কাপ্তান সাহেবের দোষ সাবুদ হইয়া তাঁহার পাঁচ হাজার টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। তদ্ভিন্ন জাহাজের প্রথম যে অবস্থা নির্দ্দিষ্ট ছিল তাহা বুঝিয়া যে অনুমতিপত্র পাওয়া গেল তাহার উপলক্ষে যে বন্ধ লিখিয়া দেওয়া যায় তাহার টাকা জব্দ হইতে পারিবে ইতি।

[মাসুল না দিয়া জিনিস উঠাইয়া লওয়া নিবারণার্থে কস্টম হৌস আফিসরেরদের যে ক্ষমতা আছে সেই ক্ষমতামতে এই আইনের অভিপ্রায় সিদ্ধ করিবার জন্যে তাঁহারদের ও আড়কাটি সাহেবেরদের কার্য্য করিবার কথা।]

২৪ ধারা। জাহাজে মাসুল না দিয়া জিনিস উঠাওনের নিবারণার্থে জাহাজের তলাশী লওন ও আটক করণের বিষয়ে হাসিলের কার্য্যকারকদিগকে আইনমতে যে সকল ক্ষমতা দেওয়া যায়, পূর্ব্বোক্ত কোন বসতিস্থানে গমনশীল জাহাজের উপর উক্ত প্রকার বিদেশগমনকারি ব্যক্তিদিগকে বেআইনীরূপে আরোহণের নিবারণ জন্যে ও এই আইনের নিষিদ্ধ কর্ম্ম নিবারণার্থে ঐ২ কার্য্যকারক সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন। আরো এই বিষয়ে হাসিলের কার্য্যকারকেরদের প্রতি যে কার্য্যের ভার অর্পণ হইল, ও তাঁহারদিগকে যে ক্ষমতা দেওয়া গেল, ভারতবর্ষের গবর্ণমেণ্টের তরে নিযুক্ত সকল আড়কাটিরও সেইরূপ ক্ষমতা ও ভার হইবে ইতি।

[Custom House Officers and Pilots at Calcutta to countersign papers. To muster crew and Passengers and Emigrants. Report of Emigrants on board. Penalty.]

XXV. Whenever a vessel shall clear from Calcutta for any of the said Colonies with Emigrant laborers duly embarked thereon, the Customs Officer on board such vessel shall countersign the pass or certificate brought on board such vessel by every such Emigrant laborer and shall keep a register of every such Emigrant laborer as may come on board. And such Customs Officer shall remain on board such vessel until she shall arrive in Saugor roads, and shall not come away until muster of the crew and passengers and Emigrant laborers has been made in his presence and in that of the Pilot in charge of the vessel; and after the Customs Officer has taken muster and quitted the vessel, the Pilot shall continue to exercise the duties indicated in the last preceding Section of this Act; and it shall be lawful for him, if he shall deem it necessary, to require the Master or Commander to take a general muster of the crew and passengers and Emigrant laborers on board, and to sign a muster roll so taken. And every such Custom House Officer and Pilot shall make a complete report of the Emigrant laborers on board of any ship at the time of his quitting the same; and such report shall contain a declaration that to the best of the declarant's belief no additional Emigrant laborers have been received on board since obtaining the certificate, and that nothing else has been done or omitted to be done in the ship or vessel contrary to the provisions of this Act; and every such report or muster (if any) shall be transmitted without delay to the Protector of Emigrants at the Port. And any Custom House Officer or Pilot who shall wilfully make a false, erroneous, or incomplete report of the Emigrant laborers on board of any ship, or who shall connive at the unauthorized embarkation of any such Emigrant laborers, shall be liable, besides dismissal, to a fine of five hundred Rupees, commutable if not paid to imprisonment in the Civil Jail for six months, and the penalty shall be adjudged in like manner as similar penalties are adjudged for offences committed in respect to the Customs Revenue.

[কলিকাতায় কষ্টম হৌস আফিসরেরদের ও আড়কাটি সাহেবেরদের কগজপত্রে দস্তখৎ করিতে হইবার কথা ও জাহাজের মল্লাপ্রভৃতির ও চড়নদারেরদের ও মজুরেরদের গণতি লইবার কথা ও জাহাজের মজুরেরদের বিষয়ে রিপোর্ট করিবার কথা ও দণ্ডের কথা।]

২৫ ধারা। যে মজুরেরা উপযুক্তমতে জাহাজে উঠিয়াছে তাহারদিগকে লইয়া যদি উক্ত কোন জাহাজ কলিকাতাহইতে উক্ত কোন বসতিস্থানে যাইবার নিমিত্তে রওত হয়, তবে ঐ জাহাজে নিযুক্ত হাসিলের কার্য্যকারক ঐ বিদেশগমনকারি মজুর যে পাস অথবা সর্টিফিকট লইয়া জাহাজে আইসে তাহাতে দস্তখৎ করিবেন, ও ঐরূপ বিদেশগমনকারি যত মজুর জাহাজে উঠে তাহারদের এক রেজিষ্টর রাখিবেন। ঐ জাহাজ সাগরে না পঁহুছনপর্য্যন্ত ঐ হাসিলের কার্য্যকারক জাহাজে থাকিবেন, ও আপনার সম্মুখে ও জাহাজের আড়কাটির সম্মুখে জাহাজের মল্লাপ্রভৃতির ও চড়নদারেরদের ও বিদেশগমনকারি মজুরেরদের গণতি না হওয়াপর্য্যন্ত জাহাজহইতে চলিয়া যাইবেন না, ও হাসিলের কার্য্যকারক ঐ গণতি করিয়া জাহাজ ছাড়িবার পরে আড়কাটি সাহেব ইহার পূর্ব্বের ধারার নির্দ্দিষ্ট কার্য্য করিতে থাকিবেন। ও তাঁহার এই২ ক্ষমতা থাকিবে যে আবশ্যক বোধ করিলে ঐ জাহাজে বিদেশগমনকারি যত ব্যক্তি থাকে তাহারদের ও মল্লাপ্রভৃতির ও চড়নদারেরদের গণতি করিতে জাহাজের অধ্যক্ষকে হুকুম করেন, ও ঐ গণতির তালিকায় দস্তখৎ করেন। ও হাসিলের এমত প্রত্যেক কার্য্যকারক ও আড়কাটি সাহেব যে সময়ে জাহাজ ছাড়িয়া যাইবেন সেই সময়ে ঐ জাহাজে বিদেশগমনকারি যত মজুর ছিল তাহারদের বিষয়ের সম্পূর্ণ রিপোর্ট করিবেন, ও সেই রিপোর্টে এমত কথা লিখিবেন যে, আমার জ্ঞাতসারপর্য্যন্ত আমি কহিতে পারি যে সর্টিফকটপ্রাপ্ত হওনের পর বিদেশগমনকারি অতিরিক্ত কোন মজুরকে জাহাজে লওয়া যায় নাই ও এই আইনের বিধানের বিপরীত কোন কার্য্য করা যায় নাই কিম্বা যাহা করিতে হুকুম আছে তাহার ত্রুটি হয় নাই। ও এমত রিপোর্ট ও গণতি হইলে সেই গণতির তালিকা ঐ বন্দরের মজুরেরদের রক্ষক সাহেবের নিকটে অবিলম্বে পাঠাইতে হইবে। হাসিলের যে কোন কার্য্যকারক কিম্বা আড়কাটি সাহেব জানিয়াশুনিয়া ঐ জাহাজের উপর বিদেশগমনকারি মজুরেরদের মিথ্যা বা অশুদ্ধ কি অসম্পূর্ণ রিপোর্ট করেন অথবা বেআইনীমতে বিদেশগমনকারি মজুরদিগের আরোহণের বিষয়ে জানিয়াশুনিয়া চুপ করিয়া থাকেন সেই কার্য্যকারক কি আড়কাটি সাহেব কর্ম্মহইতে তগীর হওয়ার যোগ্য হইবেন। ও তদতিরিক্ত ৫০০৲ টাকা জরীমানা দেওনের যোগ্য হইবেন। ও যদি ঐ জরীমানার টাকা না দেওয়া যায় তবে দেওয়ানীর জেলখানায় ছয় মাস মিয়াদে কয়েদের যোগ্য হইবেন ও হাসিলের রাজস্বের বিষয়ে অপরাধ হইলে যেরূপ দণ্ড নিরূপণ হয় সেইরূপে এই অপরাধের বিষয়েও দণ্ড নিরূপণ হইবে ইতি।

[Punishment for forgery of document required by this Act.]

XXVI. If any person shall forge, or shall use knowing it to be forged, any document required by this Act, such person shall be liable to be imprisoned for any period not exceeding seven years.

[এই আইনের হুকুমমতের কোন দলীল জাল করিয়া লিখিবার দণ্ডের কথা।]

২৬ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের হুকুমকরা কোন দলীলদস্তাবেজ জাল করে, অথবা জাল হইয়াছে জানিয়া তাহা লইয়া ব্যবহার করে, তবে সেই ব্যক্তি সাত বৎসরের অনধিক কালপর্য্যন্ত কয়েদের যোগ্য হইবে ইতি।

[Penalties how to be enforced.]

XXVII. All the several penalties to which the Masters of ships or vessels are liable by this Act shall be enforced by information laid before any Magistrate or Justice of the Peace at the instance of the Protector of Emigrants or of any Officer appointed for the purpose by the Government of the Presidency, or place, or may be enforced by putting in suit the Bond given by the Master, if such Bond has been given in consideration of the license granted to the ship.

[দণ্ডের আজ্ঞা প্রবল করিবার নিয়মের কথা।]

২৭ ধারা। বিদেশগমনকারি মজুরেরদের রক্ষক সাহেব অথবা তৎস্থানের কি রাজধানীর গবর্ণমেণ্ট সেই কর্ম্মের নিমিত্তে যে কোন কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি কোন মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে এজহার দিলে, জাহাজের কাপ্তান সাহেবেরা এই আইনের দ্বারা যেং দণ্ডের যোগ্য হন, সেইং দণ্ডের হুকুম জারী হইবে, অথবা ঐ কাপ্তান সাহেব যে বণ্ড লিখিয়া দিয়া থাকেন, তাহা যদি জাহাজে দেওয়া অনুমতিপত্রের উপলক্ষে লেখা গিয়া থাকে তবে সেই বণ্ড ধরিয়া নালিশ করণের দ্বারা এই আইনের নিরূপিত দণ্ডের হুকুম জারী হইবে ইতি।

[Levy of fines.]

XXVIII. All fines and penalties imposed by a Magistrate or Justice of the Peace under the authority of this Act, if no other means for enforcing the payment of such fines and penalties are provided by this Act, may in case of non-payment thereof be levied by distress and sale of the goods and chattels of the offender by warrant of the Magistrate or Justice. When a warrant of distress is issued, the Magistrate or Justice may order the offender to be detained and kept in safe custody until return can be conveniently made to such warrant, unless the offender enter into a recognizance, with or without sureties, conditioned for his appearance before him on the day appointed for such return, such day not being more than eight days from the time of taking such recognizance; but if before issuing such warrant of distress, it shall appear to the Magistrate or Justice, by the admission of the offender or otherwise, that no sufficient distress can be had within the jurisdiction of such Magistrate or Justice whereon to levy such fine or penalty, he may, if he think fit, refrain from issuing such warrant of distress; and in such case, or if such warrant shall have been issued and upon the return thereof such insufficiency aforesaid shall be made to appear to the Magistrate or Justice, he shall, by warrant, commit the offender to jail, there to be imprisoned, according to the discretion of the Magistrate or Justice, for any term not exceeding two months where the amount of the fine shall not exceed fifty Rupees, and for any term not exceeding four months where the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six months in any other case; the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[জরীমানার টাকা আদায় করিবার কথা।]

২৮ ধারা। এই আইনের শক্তিক্রমে কোন মাজিষ্ট্রেট সাহেব কি জুষ্টিস অফ দি পীস সাহেব কোন জরীমানার কি অর্থদণ্ডের হুকুম করিলে, যদি সেই জরীমানার কি অর্থদণ্ডের টাকা আদায় করিবার অন্য কোন উপায়ের বিধান এই আইনেতে না হইয়া থাকে, তবে ঐ টাকা না দেওয়া গেলে, মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেবের পরওয়ানামতে অপরাধির মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া এ টাকা উসুল হইতে পারিবেক। যখন ক্রোকের পরওয়ানা বাহির হয়, তখন ঐ পরওয়ানার ওয়াপোস যত কাল সুবিধামতে হইতে না পারে তত কালপর্য্যন্ত অপরাধিকে আটক করিয়া হাজতে রাখিতে ঐ মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেব হুকুম করিতে পারিবেন। কিন্তু যদি ঐ অপরাধী পরওয়ানার ওয়াপোস হইবার নিরূপিত দিনে হাজির হইবার একরারনামা জামিন দিয়া কি বিনা জামিনীতে লিখিয়া দেন তবে তাঁহাকে হাজতে রাখিতে হইবেক না। কিন্তু হাজির হইবার সেই দিন ঐ একরার লইবার সময়াবধি আট দিনের অধিক না হয়। সেই ক্রোকের পরওয়ানা বাহির হইবার পূর্ব্বে যদি ঐ মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেব ঐ অপরাধির কবুলমতে কি অন্য কোন প্রকারে জানিতে পান যে, ঐ জরীমানার কি অর্থদণ্ডের টাকা যাহাতে উসুল হইতে পারে, ঐ মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেবের এলাকার মধ্যে অপরাধির ক্রোক করিবার এমত উপযুক্ত দ্রব্য নাই, তবে তিনি উপযুক্ত বোধ করিলে ঐ ক্রোকের পরওয়ানা জারী করা স্থগিত করিতে পারিবেন, তদ্রূপ স্থলে, কিম্বা ঐ ক্রোকের পরওয়ানা জারী হইলে ও তাহার ওয়াপোস হইলে ক্রোক করিবার উপযুক্ত দ্রব্য না থাকার কথা যদি ঐ মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেবের নিকটে দর্শান যায়, তবে তিনি পরওয়ানাক্রমে অপরাধিকে জেলখানায় কয়েদ করিবেন। অর্থাৎ জরীমানা পঞ্চাশ টাকার অধিক না হইলে দুই মাসপর্য্যন্ত, ও জরীমানা এক শত টাকার অধিক না হইলে চারি মাসপর্য্যন্ত, ও অন্য কোন স্থলে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে ঐ মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেবের বিবেচনামতে তাঁহাকে কয়েদ করিবেন। পূর্ব্বোক্ত কোন স্থলে জরীমানার টাকা দেওয়া গেলেই তাঁহাকে কয়েদহইতে মুক্ত করা যাইবে ইতি।

[Numerical proportion of women to men by each shipment.]

XXIX. Each shipment of Emigrants under this Act shall include a proportion of women equal to at least one-fourth of the number of men. After the expiration of three years, the numerical proportion of women shall be raised to one-third; after two years more, it shall be raised to one-half; and after a further period of two years, the proportion shall

[জাহাজ যাইবার সময়ে যত জন পুরুষ যায় তাহা বুঝিয়া যত জন স্ত্রী লোকের যাইতে হইবে তাহার কথা।]

২৯। এই আইনমতে বিদেশগমনকারি ব্যক্তিরা যখন জাহাজে যায় তখন পুরুষ যত জন যায় তাহার চারি ভাগের এক ভাগ স্ত্রীলোকও যাইবে। তিন বৎসর গত হইলে পর, পুরুষ যত জন যাইবে তাহার তিন ভাগের এক ভাগ স্ত্রীলোকও যাইতে পাইবে। আর দুই বৎসর গত হইলে পর যত জন পুরুষ যায় তাহার অর্দ্ধেক সংখ্যার স্ত্রীলোকও যাইবে। তাহার পর আর দুই

be the same as has been or may be fixed for the British Colonies.

[Protector to have right of access to every part of the ship.]

XXX. The Protector of Emigrants shall have at all reasonable times the right of access to every part of every ship which is appropriated to the use of Emigrants under this Act.

[Act when to take effect.]

XXXI. This Act shall take effect as to the Emigration of Native laborers from India to the number of not more than six thousand to the Island of Re-union, from the time of the passing thereof, and shall take effect generally as to Emigration to the said Island and to Martinique Guadeloupe and its dependencies, and Guiana, from the time when the Convention herein recited and set forth shall have been concluded and signed and shall take effect, and as to emigration to any other French Colony, from such date as the Governor General in Council in extending this Act to such Colony shall determine. From the time this Act shall so take effect, it shall continue in force so long as the said Convention shall continue in force and no longer. Provided that Act XIX. of 1856 (to enable the Governor General of India in Council to suspend the operation of certain Acts relating to the Emigration of Native laborers) shall have full force and effect in respect to the Emigration of Native laborers to any or all of the French Colonies under this Act.

M. Wylie,
Clerk of the Council.

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

The 6th October 1860.

The following Bill was read a second time in the Legislative Council on the 6th October 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 10th of January next:—

A Bill for the Regulation of Police within any parts of the British Territories in India to which it may please the Governor General in Council to extend its provisions.

[Preamble.]

Whereas it is expedient to make the Police Force an efficient instrument at the disposal of the Magistrate for the prevention and detection of crime, and to reorganize the Police Force; It is enacted as ows:—

বৎসর গত হইলে, পুরুষেরদের সংখ্যা বুঝিয়া যত জন স্ত্রী ব্রিটনীয় বসতি স্থানে যাইতে পায় তত জন স্ত্রীলোকের যাইবার অনুমতি হইবে ইতি।

[জাহাজের সকল স্থানে রক্ষক সাহেবের যাইবার ক্ষমতার কথা।]

৩০ ধারা। এই আইনমতে বিদেশগমনকারি ব্যক্তিরদের ব্যবহারের জন্য জাহাজের যে২ ভাগ নিরূপণ হইয়া থাকে সেই সকল ভাগে বিদেশগমনকারি ব্যক্তিরদের রক্ষক সাহেবের উপযুক্ত সকল সময়ে গমন করিবার অধিকার থাকিবে ইতি।

[এই আইন যে সময়ে চলন হইবে তাহার কথা।]

৩১ ধারা। এই আইন যে সময়ে জারী হয়, সেই সময়াবধি ভারতবর্ষহইতে রিইউনিয়ন নামক উপদ্বীপে ছয় হজারের অনধিক এদেশীয় মজুরের যাইবার বিষয়ে চলন হইবে। ও এই আইনের লিখিত ও প্রকাশিত সন্ধিপত্র যে সময়ে সিদ্ধ হয় ও তাহাতে যে সময়ে দস্তখৎ হয়, সেই সময়াবধি উক্ত উপদ্বীপে ও মার্টিনীক ও গোয়াডিলুপ ও তাহার মোতালক স্থানে ও গয়ানাতে মজুরেরদের সাধারণমতে গমনের বিষয়ে এই আইন চলন হইবে, ও হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর এই আইন অন্য কোন বসতিস্থানে খাটাইয়া যে তারিখ নির্দ্ধার্য্য করেন সেই তারিখঅবধি সেই অন্য বসতিস্থানে লোকেরদের গমনবিষয়ে চলন হইবে। এই আইন যে সময়ে যেরূপে চলন হয়, সেই সময়াবধি ঐ সন্ধিপত্র যত কাল প্রবল থাকে তত কালপর্য্যন্ত চলন হইবে, তাহার অধিক কাল নহে। কিন্তু ১৮৫৬ সালের ১৯ আইন (অর্থাৎ এদেশীয় মজুরেরদের বিদেশে গমনবিষয়ের কতক আইনের চলন স্থগিত করিতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকে ক্ষমতা দেওনের আইন) ফ্রান্সীয়েরদের কোন কি সকল বসতিস্থানে এই আইনমতে এদেশীয় মজুররদের গমনের বিষয়ে সম্পূর্ণরূপে প্রবল ও বলবৎ হইবেক ইতি।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ৬ অক্টোবর।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের অক্টোবর মাসের ৬ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। তাঁহারা আগামি জানুআরি মাসের ১০ তারিখের পরে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের যে কোন স্থানে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর এই আইন চলন করান সেই স্থানের পোলীসের বিধান করিবার আইনের মুসাবিদা।

[হতুবাদ।]

পোলীসের কর্ম্মকারকদিগকে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাধীনে অপরাধ নিবারণের ও তাহার সন্ধান লওয়ার ফলজনক উপায় করা, ও পোলীসের কর্ম্মকারকদিগের নূতন নিয়ম করা বিহিত, এই কারণে এই২ হুকুম হইল

[Interpretation.]

I. The following words and expressions in this Act shall have the meaning hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction, (that is to say)—

["District Officer."]

The Words "District Officer" shall mean the Chief Magisterial Officer in charge of a District and exercising the full powers of a Magistrate under the Regulations, or by whatever designation the Officer in executive administration of a District is styled.

["Magistrate."]

The words "Magisterial Officer" shall include all persons, within the Police District, exercising all or any of the powers of a Magistrate.

["Subordinate."]

The word "Subordinate" as applied to Police Functionaries, shall mean District Superintendents and their Assistants.

["Police."]

The word "Police" shall include General and Village Police, and all other persons, by whatever name known, who exercise any Police functions.

["General Police District."]

The expression "General Police District" shall embrace any Province, District, Tract or Territory to which the operation of this Act shall be extended.

["Property."]

The word "property" shall include any chattel, money, or valuable security.

["Number".]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

["Gender."]

Words importing the masculine gender shall include females.

["Person."]

The word "person" shall include a Company or Corporation.

["Month."]

The word "month" shall mean calendar month.

["Cattle."]

The word "cattle" shall, besides horned cattle, include Elephants, Camels, Horses, Asses, Mules, Sheep, Goats, and Swine.

[Superintendence vested in Governor in Council.]

II. The Superintendence of the Police throughout the General Police District shall vest in and be exercised by the Local Government, under the control of the Governor General in Council; and, except as authorized by the Local Government,

[অর্থের কথা।]

১ ধারা। এই আইনের নীচের লিখিত যে২ শব্দের ও কথার যে২ অর্থ এই ধারাতে করা গিয়াছে তাহার সেই২ অর্থ হইবে। কেবল যদি বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার ভাব বিবেচনায় সেই অর্থ না খাটে, তবে তাহার সেই অর্থ হইবে না। অর্থাৎ,

"জিলার কার্য্যকারক সাহেব"

"জিলার কার্য্যকারক সাহেব" এই কথাতে আইনমতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কার্য্যকারি প্রধান যে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি কোন জিলার কর্ম্মের ভার অর্পণ হয় তাঁহাকে, কিম্বা কোন জিলার কর্ম্ম নির্ব্বাহ করিবার ভার যে কার্য্যকারকের থাকে তাঁহার যে কোন খ্যাতি হউক তাঁহাকে বুঝায়।

"মাজিষ্ট্রেট।"

"মাজিষ্ট্রেট" এই শব্দেতে পোলীসের এলাকার মধ্যে যে সকল ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের সকল কি কোন ক্ষমতামতে কার্য্য করেন তাঁহারদিগকে বুঝায়।

"তাবেদার কর্ম্মকারক।"

"তাবেদার কর্ম্মকারক" এই কথা যদি পোলীসের কর্ম্মকারকেরদের সম্পর্কে প্রয়োগ হয় তবে তাহাতে জিলার সুপরিন্টেণ্ডেণ্টদিগকে ও তাঁহারদের আসিষ্টাণ্টদিগকে বুঝায়।

"পোলীস।"

"পোলীস" এই শব্দেতে সাধারণ ও গ্রামের পোলীসকে বুঝায়, ও যে কোন নামে খ্যাত অন্য যে সকল লোক পোলীসের কোন কর্ম্ম নির্ব্বাহ করেন তাঁহারদিগকেও বুঝায়।

"পোলীসের সাধারণ এলাকা।"

"পোলীসের সাধারণ এলাকা" এই শব্দেতে যে কোন প্রদেশে কি জিলাতে কি অঞ্চলে কি দেশে এই আইনের কার্য্য চলন হয় সেই প্রদেশপ্রভৃতিকে বুঝায়।

"সম্পত্তি।"

"সম্পত্তি" এই শব্দেতে কোন দ্রব্য কি টাকা কি মূল্যবান নিদর্শনপত্রও বুঝায়।

"বচন।"

এক বচনের শব্দেতে বহু বচনও বুঝায়, ও বহুবচনের শব্দেতে এক বচনও বুঝায়।

"লিঙ্গ"

পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীদিগকেও বুঝায়।

"ব্যক্তি।"

"ব্যক্তি" এই শব্দের মধ্যে কোন কোম্পানি কি চার্টরপ্রাপ্ত সমাজকেও বুঝায়।

"মাস"

"মাস" এই শব্দেতে ইঙ্গরেজী হিসাবমতের মাস বুঝায়।

"গোমেষাদি।"

"গোমেষাদি" এই শব্দেতে গোরু ও হাতি ও উট ও ঘোড়া ও গাধা ও খচর ও মেষ ও ছাগল ও শূকরও বুঝায়।

[তত্ত্বাবধারণের ভার হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুরের প্রতি অর্পণ হইবার কথা।]

২ ধারা। পোলীসের সাধারণ এলাকার সর্ব্বস্থানে পোলীসের তত্ত্বাবধারণের কার্য্য হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর জেনরল বাহাদুরের অধীনে স্থানবিশেষের গবর্ণমেণ্টের প্রতি অর্পণ হইবেক ও ঐ গবর্ণমেণ্ট সেই তত্ত্বাবধারণ করিবেন। ও এই আইনের বিধানমতে স্থানবিশেষের গবর্ণমেণ্টের স্থানে ক্ষমতা না পাইলে,

under the provisions of this Act, no person, Officer or Court shall be empowered to appoint, supersede, or control any Police functionary; any Regulation, Act, or usage to the contrary notwithstanding.

[Inspector General of Police, &c.]

III. The administration of the Police throughout the General Police District shall be vested in an Officer to be styled the Inspector General of Police, and in such Subordinates, subject to the general control and direction of the District Officer, as to the Local Government shall seem fit, who shall from time to time be appointed by the said Local Government and may be removed by the same authority; and who shall receive such salary as the Governor General of India in Council shall allow.

[Powers of Police, &c.]

IV. All powers not inconsistent with the provisions of this Act, which up to the passing of this Act belonged by law to the existing Police Authorities, shall be vested in the Police Authorities appointed under this Act. Provided always that no Police Functionary so appointed shall possess or exercise any Judicial or Revenue authority; and the duties and responsibilities of Land-holders and others as defined by law shall apply to the Police appointed under this Act.

[Inspector General to be appointed a Magistrate. To act as such under the orders of Government. District Superintendent may be appointed a Magistrate. In what cases he may act in that capacity.]

V. The Inspector General of Police shall be appointed a Justice of the Peace. He shall also have the full powers of a Magistrate throughout the General Police District; but shall exercise those powers subject to such orders as may from time to time be issued by the Local Government. The Local Government may vest any District Superintendent of Police with all the powers of a Magistrate within such limits as it may deem proper; but such Superintendent shall exercise the powers with which he shall be so invested only so far as may be necessary for the preservation of the peace, the prevention of crime, and the detection, apprehension and detention of offenders, in order to their being brought before a Magistrate, and as far as may be necessary for the performance of the duties assigned to him by this Act.

[Constitution of the Force.]

VI. The entire Police establishment under each Local Government shall, for the purpose of this Act, be deemed to be one Police Force, and shall be

কোন ব্যক্তি কি কোন কার্য্যকারক সাহেব কি আদালত পোলীসের কোন কর্ম্মকারককে নিযুক্ত কি তগীর করিতে কি তাহার উপর কর্ত্তৃত্ব করিতে পারিবেন না। কোন আইন কি অকুট কি আচার ইহার বিপরীত হইলেও পারিবেন না ইতি।

পোলীসের ইন্‌স্পেক্টর জেনরলপ্রভৃতির কথা।]

৩ ধারা। পোলীসের সাধারণ এলাকার সর্ব্বস্থানে পোলীসের কার্য্য নির্ব্বাহ করিবার ভার পোলীসের ইন্‌স্পেক্টর জেনরল নামে এক জন কর্ম্মকারক সাহেবের হাতে ও তাবেদার যত কর্ম্মকারক স্থানবিশেষের গবর্ণমেণ্ট উপযুক্ত বোধ করেন তাহারদের হাতে থাকিবে। তাহারা জিলার কর্ম্মকারক সাহেবের কর্ত্তৃত্বের ও আজ্ঞার অধীনে সাধারণমতে থাকিবে। তাহারদিগকে উক্ত স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ নিযুক্ত করিবেন, ও ঐ গবর্ণমেণ্টের হুকুমমতে তাহার তগীর হইতে পারিবেক। ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর তাহারদের যত বেতন নির্দ্ধার্য্য করেন তত তাহারা পাইবে ইতি।

[পোলীসের ক্ষমতাপ্রভৃতির কথা।]

৪ ধারা। এই আইন জারী হইবার কালপর্য্যন্ত এইক্ষণকার পোলীসের কর্ম্মকারকেরদের যে সকল ক্ষমতা আইনমতে থাকে, সেই সকল ক্ষমতা এই আইনের বিধানেতে যেপর্য্যন্ত অসঙ্গত না হয়, সেইপর্য্যন্ত এই আইনমতের নিযুক্ত পোলীসের কর্ম্মকারকেরদের হইবে। কিন্তু পোলীসের যে কোন কার্য্যকারক সেই প্রকারে নিযুক্ত হন তাঁহার দেওয়ানী মোকদ্দমার বিচার করিবার কি রাজস্ব আদায়প্রভৃতি করিবার ক্ষমতা থাকিবে না ও সেই২ ক্ষমতামতে তিনি কার্য্য করিবেন না। ও জমীদারপ্রভৃতির যে২ কর্ত্তব্য কর্ম্ম ও যে২ দায় আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা এই আইনমতের নিযুক্ত পোলীসের উপর খাটিবে ইতি।

[ইন্‌স্পেক্টর জেনরল সাহেবের মাজিষ্ট্রেটী পদে নিযুক্ত হইবার কথা ও গবর্ণমেণ্টের হুকুমমতে তাঁহার সেই পদে কর্ম্ম করিবার কথা। ও এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের মাজিষ্ট্রেটী পদে নিযুক্ত হইবার কথা। ও যে২ স্থলে তিনি সেই পদোপলক্ষে কার্য্য করিতে পারিবেন তাহার কথা।]

৫ ধারা। পোলীসের ইন্‌স্পেক্টর জেনরল সাহেব জুষ্টিস অফ দি পীসের পদে নিযুক্ত হইবেন। ও পোলীসের সাধারণ এলাকার তাবৎ স্থানে তাঁহার মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা থাকিবে। কিন্তু স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ যে হুকুম জারী করেন সেই হুকুম মানিয়া তিনি ঐ ক্ষমতামতে কার্য্য করিবেন। স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে কোন সীমানা উপযুক্ত বোধ করেন সেই সীমানার মধ্যে পোলীসের কোন এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে মাজিষ্ট্রেটের সকল ক্ষমতা দিতে পারিবেন। কিন্তু ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে যে ক্ষমতা সেই প্রকারে দেওয়া যায়, শান্তিরক্ষার জন্যে ও অপরাধ নিবারণের জন্যে ও অপরাধিদিগকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনাইবার নিমিত্তে তাহারদের ধরণ লইবার ও তাহারদিগকে গ্রেপ্তার ও আটক করিয়া রাখিবার জন্য যেপর্য্যন্ত আবশ্যক হয় ও এই আইনমতে যে সকল কার্য্য তাঁহার প্রতি অর্পণ করা যায় তাহা নির্ব্বাহ করিবার জন্যে যেপর্য্যন্ত আবশ্যক হয় সেইপর্য্যন্ত তিনি সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, অন্য স্থলে নয় ইতি।

[পোলীসের দলবদ্ধ করিবার বিধি।]

৬ ধারা। স্থানবিশেষের এক২ গবর্ণমেণ্টের তাবৎ পোলীসসম্পর্কীয় নিযুক্তার সমুদয় কর্ম্মকারক এই আইনের কার্য্যের নিমিত্তে পোলীসের একি দলস্বরূপ

formally enrolled ; and shall consist of such number of Officers and men, and shall be otherwise constituted in such manner, as shall be from time to time ordered by the Local Government, subject to the sanction of the Governor General of India in Council.

[Inspector General to control Force and make rules.]

VII. The Inspector General of Police may, from time to time, subject to the approval of the Local Government, frame such orders and regulations as he shall deem expedient, relative to the general organization and distribution of the Force, the places of residence, the pay and rank, the classification, distribution and particular service of the members thereof ; their inspection, the description of arms, accoutrements and other necessaries to be furnished to them ; the collecting and communicating intelligence and information ; and all such other orders and regulations relative to the said Police Force as the said Inspector General shall, from time to time, deem expedient for preventing abuse or neglect, and for rendering such Force efficient in the discharge of all its duties.

[Inspector General to appoint and dismiss.]

VIII. The appointment of all Police Officers shall, under such rules as the Local Government shall, from time to time sanction, rest with the Inspector General of Police and the District Superintendents, who may, under such rules as aforesaid, at any time dismiss, suspend, reduce or fine to any amount not exceeding one month's pay, any Police Officer whom they shall think remiss or negligent in the discharge of his duty or otherwise unfit for the same.

[Police Officers to receive certificates of Office.]

IX. Every person so appointed shall receive on his enrolment a certificate in the form annexed to this Act under the seal of the Inspector General, or such other Officer as the Inspector General shall appoint, by virtue of which the person holding such certificate shall be vested with the powers, functions, and privileges of a Police Officer. Such certificate shall cease to have effect whenever the person named in it is suspended or dismissed, or otherwise removed from employment in the Police Force, and shall thereupon be immediately surrendered to his superior Officer or other person empowered to receive it.

জ্ঞান হইবে। ও তাহারদের নাম দাঁড়ামতে ফর্দ্দে লেখা যাইবে। ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে স্থানবিশেষের গবর্ণমেণ্ট যত জন জমাদার সাহেবপ্রভৃতির ও লোকের নিযুক্ত হইবার বিষয়ের ও পোলীসের দলবদ্ধ হওয়ার অন্য২ নিয়মের যে হুকুম সময়ে২ করেন সেই হুকুমমতে তাঁহারা নিযুক্ত হইবেন ও ঐ দলবদ্ধ হইবেন ইতি।

[ইন্‌স্পেক্টর জেনরল সাহেবের ঐ দলের উপর কর্ত্তৃত্ব করিবার ও তাহার বিধি করিবার কথা।]

৭ ধারা। ঐ দলে যাহারদিগকে গ্রাহ্য করিতে হইবেক ও যাহারদিগকে যে পদে নিযুক্ত করিতে হইবে তাহার বিষয়ে, ও তাহারদের বাসস্থানের ও বেতনের ও শ্রেণীর ও সংপ্রদায়ের বিষয়ে, ও যে লোকেরদের যে স্থানে থাকিয়া যে কর্ম্ম করিতে হইবেক এই বিষয়ে, ও তাহারদের তদারকের বিষয়ে, ও যে প্রকারের অস্ত্রশস্ত্র ও সাজ ও আবশ্যক অন্য২ সরঞ্জাম পাইতে হইবে তাহার বিষয়ে, ও খবর পাইবার ও জানাইবার বিষয়ে, পোলীসের ইন্‌স্পেক্টর জেনরল সাহেব যে২ হুকুম ও বিধান বিহিত বোধ করেন তাহা তিনি স্থানবিশেষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে সময়ে২ করিতে পারিবেন, ও কোন অত্যাচার ও কর্ম্মে শৈথিল্য না হইবার জন্যে ও সেই দলের কর্ত্তব্য সকল কর্ম্ম সফলরূপে নির্ব্বাহ হইবার জন্যে উক্ত ইন্‌স্পেক্টর জেনরল সাহেব ঐ পোলীসের দলের বিষয়ে অন্য যে সকল হুকুম ও বিধান সময়ে২ বিহিত বোধ করেন তাহা তিনি করিবেন ইতি।

[নিযুক্ত ও ডিস্মিস করিতে ইন্‌স্পেক্টর জেনরল সাহেবের ক্ষমতার কথা।]

৮ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ যে সকল বিধিতে সম্মত হন সেই২ বিধিমতে পোলীসের সকল কর্ম্মকারককে নিযুক্ত করিবার ভার পোলীসের ইন্‌স্পেক্টর জেনরল সাহেবের ও এতদ্দেশীয় সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবেরদের উপর থাকিবে। ও পোলীসের কোন কর্ম্মকারক আপনার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করণে গাফিলী কি শৈথিল্য করিতেছে কিম্বা অন্য প্রকারে আপনার কর্ম্মের অনুপযুক্ত আছে এমত বোধ করিলে তাঁহারা পূর্ব্বোক্ত প্রকারের কোন বিধিমতে তাহাকে কোন সময়ে ডিস্মিস কি সসপেণ্ড করিতে পারিবেন কিম্বা নীচের পদে নিযুক্ত করিতে পারিবেন কিম্বা এক মাসের বেতন যত টাকা হয় তত টাকাপর্য্যন্ত তাহার জরীমানা করিতে পারিবেন ইতি।

[পোলীসের কর্ম্মকারকেরদের পদের সর্টিফিকট পাইবার কথা।]

৯ ধারা। সেই প্রকারের নিযুক্ত প্রত্যেক জনের নাম ফর্দ্দে লেখা গেলে, তাহাকে এই আইনের শেষ ভাগের লিখিত পাঠে একটা সর্টিফিকট দেওয়া যাইবে। তাহাতে ইন্‌স্পেক্টর জেনরল সাহেবের, কিম্বা তিনি অন্য যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তাঁহার মোহর দেওয়া যাইবে। সেই সর্টিফিকট যাহার থাকে সেই জন ঐ সর্টিফিকটের জোরে পোলীসের কর্ম্মকারকের ক্ষমতাপ্রাপ্ত হইবে ও তদ্রূপ কর্ম্মকারকের কার্য্য নির্ব্বাহ করিবে ও অনুগ্রহাদি পাইতে পারিবে। ঐরূপ সর্টিফিকটে যাহার নাম লেখা আছে সেই জনকে সসপেণ্ড কি ডিস্মিস করা গেলে, কিম্বা পোলীসের দলে তাহার যে কর্ম্ম থাকে তাহা প্রকারান্তরে রহিত হইলে সেই সর্টিফিকটের জোর থাকিবে না; তাহা হইলে ঐ লোকের তৎক্ষণাৎ ঐ সর্টিফিকট আপনার উপরিস্থ কর্ম্মকারকের হাতে কিম্বা তাহা লইবার ক্ষমতা অন্য যে ব্যক্তির থাকে তাঁহার হাতে দিতে হইবে ইতি।

[Police Superannuation Fund. Proviso.]

X. There shall be deducted from the pay of every Police Officer, of a Class not entitled to the benefit of the Uncovenanted Service Pension Rules, a sum, after such rate as the Local Government shall direct, not being a greater rate than one Anna in the Rupee, which sum so deducted, and also the monies accruing from the stoppages from the pay of Police Officers during absence from sickness or other causes, from fines imposed on Police Officers for misconduct, and from fines imposed by Magistrates and others upon drunken persons, or for assaults upon Police Officers, and all monies arising from the sale of worn or cast off clothing or other articles supplied for the use of the Police, or from any other miscellaneous sources which shall be permitted by the Local Government shall from time to time be invested in such manner and in such securities as the Local Government may direct, and the interest and dividends thereof, or so much of the same as shall not be required for the purposes herein mentioned, shall be likewise invested as aforesaid, and accumulate, so as to form a Fund to be called "The Police Superannuation Fund;" and shall be applied from time to time to the payment of superannuation or retiring allowances, or gratuities, under such rules as may be passed by the said Local Government: provided always that any Police Officer may be dismissed or removed without superannuation allowance; and that no Police Officer shall be entitled as of right to any allowance from this Fund; or shall retain any right to a refund of any deduction made from his pay while he may have been a Police Officer.

[To be continued.]

[পোলীসের কর্ম্মকারকেরদের বৃদ্ধ কালের পেনসান ফণ্ডের কথা ও বর্জ্জিত কথা।]

১০ ধারা। অচিহ্নিত কার্য্যকারকেরদের পেনস্যানের বিধিক্রমে পোলীসের যে শ্রেণীর কর্ম্মকারকেরদের উপকার পাইবার অধিকার না থাকে, তাহারদের প্রত্যেক জনের বেতনহইতে স্থানবিশেষের গবর্ণমেণ্ট যত হুকুম করেন তত বাদ দিয়া রাখা যাইবেক কিন্তু টাকাপ্রতি এক আনার অধিক বাদ দেওয়া যাইবে না। সেই প্রকারের বাদ দেওয়া সকল টাকা, ও পোলীসের কর্ম্মকারকেরদের পীড়াপ্রযুক্ত কি অন্য কারণে কর্ম্মে গরহাজির হইলে তাহারদের যে বেতন বন্দ হয় তাহা, ও পোলীসের কর্ম্মকারকেরদের কোন দোষপ্রযুক্ত তাহারদের যে জরীমানা হয় সেই জরীমানার টাকা, ও মাতাল লোকেরদের কি যাহারা পোলীসের কর্ম্মকারকেরদের উপর চড়াউ করে তাহারদের যে জরীমানা মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতি করেন সেই জরীমানার টাকা, ও জীর্ণ কি ত্যাগকরা বস্ত্র ও অন্য যে দ্রব্য পোলীসের ব্যবহারের নিমিত্তে দেওয়া যায়, তাহা বিক্রয় হইয়া যে টাকা পাওয়া যায়, সেই টাকা কিম্বা অন্য২ প্রকারের উৎপন্ন যে টাকা স্থানবিশেষের গবর্ণমেণ্ট লইবার অনুমতি দেন সেই সকল টাকা স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে প্রকারে ও যে মতের নিদর্শনপত্র লইয়া আমানৎ করিতে আজ্ঞা করেন সেইপ্রকারে আমানৎ হইয়া থাকিবে ও তাহার সুদ ও ডিবিডেণ্ড কিম্বা এই ধারার লিখিত কার্য্যের নিমিত্তে ঐ সুদপ্রভৃতির যত টাকা খরচ করিবার প্রয়োজন না হয়, তাহাও পূর্ব্বোক্তমতে আমানৎ হইয়া জমা থাকিবে সেইসকল টাকাতে "পোলীসের বার্দ্ধক্য কালের পেনস্যান ফণ্ড" নামে এক ফণ্ড হইবে। ও স্থানবিশেষের ঐ গবর্ণমেণ্ট যে২ বিধি করিয়া থাকিবেন সেই২ বিধিমতে ঐ তহবীলহইতে কর্ম্মকারকেরদের বৃদ্ধ কালে কি সরকারী কর্ম্ম ত্যাগ করণ কালে তাহারদিগকে পেনসান দেওয়া যাইবে কি মোটে কিছু টাকা দেওয়া যাইবে। কিন্তু বার্দ্ধক্য কালের পেনসান না দিয়াও পোলীসের কোন কর্ম্মকারক তগীর কি কর্ম্মচ্যুত হইতে পারিবে। ও পোলীসের কোন কর্ম্মকারকের স্বল্প বলিয়া সেই তহবীলহইতে কিছু মুশাহেরা পাইবার অধিকার থাকিবে না। কিম্বা পোলীসের কর্ম্মকারক হওনকালে তাহার বেতনহইতে যে টাকা বাদ দিয়া লওয়া যায় তাহা ফিরিয়া পাইতে তাহার কোন অধিকার থাকিবে না ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 17th November, 1860.

Moulvie Syud Saddut Hosein, Moonsiff of Thakoorgunge, Zillah Dinag epore, to be Moonsiff of Naraingunge, Zillah Dacca, and Bahoo Sreenath Roy, Officiating Moonsiff of Thakoorgunge, Zillah Dinagepore, to be Moonsiff of that Chowkee.

H. B. LAWFORD, *Register*.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৪ ডিসেম্বর।]

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ১৭ নবেম্বর।

জিলা দিনাজপুরের ঠাকুরগাঁয়ের মুনসেফ শ্রীযুত মৌলবী সৈয়দ সাআদত হুসেন জিলা ঢাকার নারায়ণগঞ্জের মুনসেফ হইবেন ও জিলা দিনাজপুরের ঠাকুরগাঁয়ের একটিং মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ রায় ঐ চৌকীর মুনসেফ হইবেন।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬১ সাল তারিখ ৭ জানুআরি সোমবার পূর্ব্বাহ্ন দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌সচেঞ্জ ঘরে সন ১৮৫৯। ৬০ সালের উৎপন্ন আফিমের প্রথম নীলাম হইবেক এবং ঐ নীলামে ১৭৮০ সিন্দুক অফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্‌সীর উৎপন্ন আফিম	১২২০
বানারসের এজেন্‌সীর উৎপন্ন আফিম	৫৬০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৬০ সালের ১০ নবেম্বর তারিখের লিখিত ইঙ্গরাজী ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্‌সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগার টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্‌স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬১ সালের ১২ এবং ২২ জানুআরি এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিস্‌রি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব ত্রেজরর সাহেবের দস্তখতী ত্রেজুরি রসীদ অথবা কোন রকম সরকারি মাতবরি দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬১ সালের ১২ জানুআরি শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্মতের পুরা টাকার দরুণ কোন ত্রেজুরি রসীদ সন ১৮৬১ সালের ২২ জানুআরি মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের পরিমাণ আফিমভিন্ন সন ১৮৬১ সালে নীচের লিখিত পরিমাণ বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখহায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিআর থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬১ সালের	৬	ফেব্রুআরি	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৭	মার্চ	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	১০	এপ্রেল	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৮	মে	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	১০	জুন	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৮	জুলাই	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৫	আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৯	সেপ্টেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৭	অক্টোবর	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৬	নবেম্বর	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২২০	৫৬০	১৭৮০
ঐ	৫	ডিসেম্বর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৪৪	৬০১	১৮৪৫
					১৩৪৪৪	৬২০১	১৯৬৪৫

রিমেম্বিজ্‌ঞ হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ১০ নবেম্বর

এ ইডেন। একটিং ছোট সেক্রেটারী।

জিলা মেদিনীপুর।

ভূমি নীলাম বিষয়ক ইশ্তিহার জিলা মেদিনীপুর।

ইশ্তিহারনামা কাছারি কালেক্টরি জেলা মেদিনীপুর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নোক্ত ইস্টেটমেণ্টের লিখিত খাস মহালাতে গবর্ণমেণ্টের জমিদারি যে স্বত্ব আছে তাহা গবর্ণমেণ্টের আদেশানুসারে মাহা শ্রীযুতের অণ্ডর সেক্রেটারি সাহেবের বোর্ড রেবিনিউ সেক্রেটারি সাহেবের নামিত সন ১৮৫৯ সালের ৩ নবেম্বরের ২৭২২ নম্বরের চিঠীতে প্রকাশ হইয়াছে ঐ জেলার কালেক্টরি কাছারিতে ইঙ্গরেজী সন ১৮৬০ সালের ১৪ ও ১৫ ডিসেম্বর মোতাবেক আমলি সন ১২৬৮ সালের ২ ও ৩ পৌষ রোজ শুক্রবার ও শনিবার দিবা ১২ বারো ঘণ্টার সময়ে নীলামের দ্বারায় বিক্রয় হইবেক যে ব্যক্তি খরিদ করিবেক তাহাকে নীচের লিখিত সরত আমলে আনিতে হইবেক।

নীলামের সরত।

১ দফা। মহাল সকল নির্দ্ধারিত উর্দ্ধ মূল্যের উপর সর্ব্ব উচ্চ ডাককরণিয়াকে বিক্রয় করা যাইবেক।

২ দফা। খরিদের মূল্য ১০০৲ শত টাকার অনূর্দ্ধ হইলে তাহা সমুদয় তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক খরিদের মূল্য ১০০৲ শত টাকার অধিক হইলে তাহার শতকরা ২৫৲ টাকার হিসাবে বায়না তৎক্ষণাৎ দিতে হইবেক সমুদয় পণের টাকা নীলামের দিনকে এক দিবস গণনা করিয়া ১৫৲ পোনের দিবসের দিবা দুই প্রহরপর্য্যন্ত দাখিল না করা গেলে বায়নার টাকা সরকারে জব্দ এবং মহাল পুনঃ নীলাম করা যাইবেক। আর পুনঃ নীলামে ক্ষতি পূরণের দায়িক প্রথম খরিদার হইবেক।

৩ দফা। ঐ নীলামের পূর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে তাহা নিয়মিত কালপর্য্যন্ত ঐ নীলাম হওয়া সত্ত্বেও বহাল থাকিবেক এবং বন্দবস্তি কাগজের দ্বারায় ও প্রচলিত আইনক্রমে যাহার যে স্বত্ব আছে তাহা বহাল থাকিবেক ও খোদকস্তা প্রজা যে মালের কর্ম্মকারকের কৃত জমাবন্দীতে দস্তখৎ করিয়াছে তাহার স্বত্বকে খরিদার সম্মান করিতে বাধ্য থাকিবেক।

৪ দফা। যে সকল মহালে বার্ষিক বাঁদ মেরামতী খরচা হারহারিমতে সরকারহইতে দেওয়া যায় তদনুসারে খরিদারকে দিতে হইবেক ও বাঁদ মেরামত ও রক্ষার কার্য্য এক্ষণে যেরূপ হইতেছে তদনুসারে হইবেক।

৫ দফা। অত্র ইস্টেটমেণ্টের লিখিত প্রত্যেক মহালের সদর জমা সরকারে আদায় করিবার জন্যে খরিদার দায়িক থাকিবেক।

৬ দফা। মহাল সকলে নানাপ্রকার আকর ও খাল থাকিলে তাহার প্রতি সরকারের স্বত্ব থাকিল ইতি।

ইস্টেটমেণ্ট।

নম্বর	নম্বর তোজী	নাম মহাল ও পরগনা	জমি	সদর জমা	নিরূপিত উচ্চ মূল্য	কৈফিয়ৎ
		১৪ ডিসেম্বর ১৮৬০ সালে যে সকল মহাল নীলাম হইবেক।				
	১২১	কেদার কুণ্ড ইস্টেট।				
১	ঐ	রামপুরা রকম ৮০ আনা পৎ কেদার কুণ্ড।	৬৩১৲৮	৩৮৬ ।৭ ।০	১০৩৭৲৭	এই সকল মহালের ইজারা পাট্টা সন ১৮৬৪ । ৬৫ সাল অর্থাৎ আমলি সন ১২৭১ সালে মিয়াদ শেষ হইবেক এই সকল ইজারার খাজানা যাহা আদায় হইয়া থাকে তাহা ইস্টেটমেণ্টের ৫ পঁচ স্থরে দেখান হইয়াছে।
২	ঐ	রামপুরা রকম ।০ আনা পৎ ঐ	২৫৬।২৸	১৪১ ।৬ ।	৩৭৬৸৵১ ॥	
৩	ঐ	ফলাশপুর পৎ ঐ	৭৪৭ ।১ ॥	৫৫৬৴২৸	১৪৭৮৸১০	
৪	ঐ	নকুড়্যা পৎ ঐ	১১৭ ।১৸	১০৪ ।৵৭ ।	২৬৮ ।৵১ ॥	
৫	ঐ	ভুজড়া পৎ ঐ	১১৮৯৴২ ॥৵	৯৬১৸২৸	২৫২৫৸১০	
৬	ঐ	সীন্দারপুর পৎ ঐ	৭২০৸১৸	৫২৮৴৪৸	১৪০৮৸১ ॥	
৭	ঐ	ভবানীপুর পৎ ঐ	২৬৸০ ॥	২০ ॥৮ ॥	৫৩ ॥৵৪ ॥	
৮	ঐ	ভাঁটাচৌকা পৎ ঐ	৩৬১ ।৪ ॥	৩২৪ ॥৬ ।	৮৬১৸৵১০	
৯	ঐ	চক মোমিণ পৎ ঐ	৪২৬ ॥৩ ।	৩৫৩৴৯	৯২১ ।৴৩ ॥	
১০	ঐ	পাহাড়পুর পৎ ঐ	৪০৮৴১ ।৴	৩২৫ ॥৵৫	৮৬৩ ॥৵১০ ॥	
১১	ঐ	সাহাপুর পৎ ঐ	৬১৮৴৩৸৵	৪৩০৴৬ ॥	১১৩৭৸১০	
১২	ঐ	চণ্ডীপুর পৎ ঐ	৭০৮ ॥১৴	৩৩৮৸৴১ ॥	৯০২৲২	
১৩	ঐ	ভোগদণ্ড পৎ ঐ	১২৫ ॥৪ ॥৵	৪১ ॥৵১৸	২৭ ।৪	
১৪	ঐ	বিশ্রী গেড়্যা পৎ ঐ	১১২ ।০ ॥	১৫৮ ।৮ ॥	৪১৪ ।৴১১	
১৫	ঐ	চক পরশুরাম পৎ ঐ	২২১৴২৸	২০৪৸৵৪ ॥	৫৪৯ ।৵৯	
১৬	ঐ	চক মাণ্ডর‍্যা পৎ ঐ	১৩৮ ।১ ॥	১১০ ॥১১	২৮৬৵৮ ॥	
১৭	ঐ	আজমতপুর ওরফে হরিহর পুর পৎ ঐ	২১ ।৪ ।	৬৩ ।৴২	১৬৮৸৴১	
১৮	ঐ	জখা পৎ ঐ	৫৪৴৪ ॥	৩৪ ॥০	৯২৲	
	১২২	ইস্টেট খড়্গপুর।				
১৯	ঐ	চক শ্রীমন্ত পৎ খড়্গপুর	৪৬ ॥০	৪৭ ।৵৪ ।	১২৬ ॥১১ ॥	
২০	ঐ	চক ব্রাহ্মণ পৎ ঐ	৭৬৸১ ॥	৭৭৵৫৸	২০৫ ॥৵১১	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৪ ডিসেম্বর।]

নম্বর	নম্বর তৌজী	নাম মহাল ও পরগনা	জমি	সদর জমা	নিরূপিত উচ্চ মূল্য	কৈফিয়ৎ
২১	১৯২	দক্ষিণ সিমুল্যা পৎ ঐ	৬০৫ ॥৪৮	৪৪৩৶১০৮	১১৮৭৮৶০ ॥	
২২	ঐ	রূপনারায়ণপুর রকম ॥০ আনা পৎ ঐ	১৪৮৪ ।৪ ॥	৫০৯ ।৶১ ॥	২৭০৩ ॥৶৩	
				৫০৯ ।৶১ ॥		
		রূপনারায়ণপুর রকম ॥০ আনা পৎ ঐ		১০১৮ ॥৶৩		
২৩	ঐ	বহড়াপাট ওরফে বরপাই পৎ ঐ রকম ॥০ আনা	১৫৭৯ ।১ ।	৫১০৸৭৭	২৭১৯ ।৶৭ ॥	
				৫১০৸৭৭ ।		
		বহড়াপাট ওরফে বরপাই পৎ ঐ রকম ॥০ আনা		১০২১৸২ ।		
২৪	ঐ	রাণীহাটী পৎ ঐ	৯৯২৶৪ ।	৮৩৪৸৭ ॥	২২৬২ ।৯ ॥	
২৫	ঐ	নিশ্চিন্তা পৎ ঐ	৪২৭ ।২ ॥	৩৮৯ ।৶২৮	১০৪৪৶৩	
২৬	ঐ	শ্যামনগর পৎ ঐ	৪৬৮৶২	৪১৯ ॥৶২ ।	১১৩১৶০ ॥	
২৭	ঐ	ফতে মহোমদ পৎ ঐ	১৭৮ ॥০ ॥	১৩৯৶৭৮	৩৭৪ ।৪ ॥	
২৮	ঐ	গোপীনাথপুর রকম ॥৶৮ পাই পৎ ঐ	৪৯৯ ॥২	৩৪০৶২৮	১০৭৯ ।৶৪ ॥	
				১৭০৶১৮		
		গোপীনাথপুর রকম ।৶৪ পাই		৫১০৶৪ ॥		
২৯	ঐ	চাটরা পৎ ঐ	২৫৬৶৩	২৩৩ ।৶১০	৬২৮ ।৶৬ ॥	
৩০	ঐ	জেঠো পৎ ঐ	৩৪১ ॥০	৩২৩৸৶০৮	৮৭৫৶৯	
৩১	ঐ	রাধাবল্লভপুর পৎ ঐ	৪০২ ।২	২৩৭৶৩৮	৭০২৬ ॥	
		১৫ ডিসেম্বর সন ১৮৬০ সালে যে সকল মহাল নীলাম হইবেক ।				
৩২	ঐ	বেলা গেড্যা পৎ খড়গপুর	২৭১ ।২ ।	২২০ ।৶১১	৫৯০৮৶১ ।	
৩৩	ঐ	সফিয়াবাদ পৎ ঐ	৯৮৫ ॥২ ।	৪২৫৬ ॥	১১৪১ ।৶৯	
৩৪	ঐ	চক মনোহর পৎ ঐ	৮১ ॥০	৭৮ ॥৶৮ ।	২০৯ ॥৶১০	
৩৫	ঐ	ক জলা পৎ ঐ	১০৩২৸৩ ।	১১২০ ॥৶৩	৩০২৯ ॥৶৮	
৩৬	ঐ	মইসা পৎ ঐ	১১৩২৶৪ ।৶	৯৬৬৸৬৮	২৬১৬ ।৶২	
৩৭	ঐ	চক দেউলী পৎ ঐ	৯৭ ॥২	৭৫ ॥৶৭	২১৪ ॥৶০ ॥	
৩৮	ঐ	শ্রীকৃষ্ণপুর পৎ ঐ	১৬১২৶১ ॥৶	১১৪৭ ।৶৫ ।	৩০৬৭৸০৯	
৩৯	ঐ	রাজগ্রাম পৎ ঐ	২৫৮৸২ ॥	২১৫৯ ॥	৫৭৬ ।৶৫	
৪০	ঐ	নিমগেড়্যা পাটনা পৎ ঐ	১৪১৩৮	৫৩৸৶৮	১৪৬৸৶১ ॥	
৪১	ঐ	পাইকনগরি পৎ ঐ	৪৩৪ ।৪	৪৪১ ।৶২ ।	১১৯২ ॥৶৭ ॥	
৪২	ঐ	চক কানুরাম পৎ ঐ	৪৩ ॥২ ॥	৪২ ।৶৮৮	১১২৸৶৩	
৪৩	ঐ	মর্দ্দ মুরি পৎ ঐ	২৬৯ ।৩৮	১৭৮ ।৶৪ ।	৪৮১ ॥১১	
৪৪	ঐ	রাধাকিশোর পৎ ঐ	৩৮৭৶০ ॥	৩৭১ ॥৶৬ ॥	৯৯৯৶৫	
৪৫	ঐ	চক মকরামপুর পৎ ঐ	১৯৬৭৸২	১৬০৩৶৫৮	৪২৯০৸৶৭	
৪৬	ঐ	সীরসী পৎ ঐ	২৩৭ ।১৮	১৪৫৮৶১১৮	৩৯৩৶৭	
৪৭	ঐ	তেঘরি পৎ ঐ	১০৭ ।৩ ॥	৯২৶৫৮	২১৮ ॥৶৩	
৪৮	ঐ	জিলয়র পৎ ঐ	৬৮৮ ॥০৮	৫১৬৶১	১৩৮৫ ।১০	
৪৯	ঐ	কন্দর্পপুর পৎ ঐ	১০২১৶১৮	৪২৮ ॥৶৭	১৩৩১৫	
৫০	ঐ	দুবগোহান পৎ ঐ	১৬৬২ ॥৩	১৩৬৪ ॥৶৮	৩৬১৯৶৮	
৫১	ঐ	বড়াডিহা পৎ ঐ	১৭৯৫৸০ ।	১২৯৪ ॥৮ ॥	৩৬১২৸৶১০	
৫২	ঐ	পোঁপর আড়া পৎ ঐ	১৫৬৫ ।০	৮৮৩ ॥৶৪ ॥	২৩৪৮৶৪ ॥	
৫৩	ঐ	নয়াবসান পৎ ঐ	৭১২৶২৮	৩৬৬ ॥৶৭ ।	৯৮৭৶৭	
৫৪	ঐ	ঝুঁরুক পৎ ঐ	৯০৯ ॥৪ ।	৬৮২ ॥৶৪ ।	১৮৫২৸৶	
৫৫	ঐ	ঢেকিরা বৈকুণ্ঠপুর পৎ ঐ	৭৭ ।০	৬২ ।৶০	২১৬ ॥৶১১ ॥	
৫৬	ঐ	জফলি পৎ ঐ	১১১ ।১ ।	১৩১ ।৪	৩৫৪৫০ ॥	
৫৭	ঐ	জফলা পৎ ঐ	৯২৮৸৩ ।	৮৭৩ ॥৶৪৮	২৩৩৯৸৶৪ ॥	
৫৮	ঐ	ইন্দা পৎ ঐ	১১৪৪৸১ ॥	১৩৩০৸৶২ ॥	৩১০১৸৶৯	
৫৯	ঐ	কৌশল্যা পৎ ঐ	৫৫৮৸২৮	৩১৬ ।৶৭ ।	৮১৮৸৶১ ॥	
৬০	ঐ	সাঁজওরাল পৎ ঐ	১৩৫২ ।০ ॥	৭৫৩৸১০৮	২০৮৮৸৶৫	
৬১	ঐ	গঙ্গারামপুর পৎ ঐ	১৩৭২ ।১৶	১০৩০৶৭	২৭৬০৶৩	
৬২	ঐ	খাটড়াঙ্গা পৎ ঐ	১৯৩১৸৪	৯৫৬৸৶৫ ॥	৪১৯৯ ॥৶৩	
৬৩	ঐ	কংসমালি পৎ ঐ	৯৩ ॥০৮	৫৬৫	১৬৬৶৬ ॥	
৬৪	ঐ	বুলবুলচটী পৎ ঐ	১৩৬৶১ ।	৩১৶৯ ॥	৯৩৸৯	
৬৫	ঐ	পূর্ব্ব দেউলী পৎ ঐ	৭৮০ ॥০ ।	৭৫০৸৶৯ ॥	২০২৪ ।৭	

তারিখ ২৫ অক্টোবর সন ১৮৬০ সাল। H. L. Dampier, *Offg. Secretary.*

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN NEWSON, an Insolvent.

On Tuesday, the 9th day of October last, upon an application of the Assignee in this matter it was ordered that the said Assignee do from and out of the sum of Company's Rupees 1977-2-3 in his hands pay a Dividend at the rate of Company's Rupees 100 per Cent. (which will amount to the sum of Company's Rupees 1298-11-3) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 27th November, 1860.

কলিকাতায় যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জান নিউসন সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব গত অক্টোবর মাসের ৯ তারিখ মঙ্গলবারে যে দরখাস্ত করেন তাহাতে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ১৯৭৭৶৩ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ১০০৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১২৯৮৷৶৩ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ২৭ নবেম্বর।

The like notice in the matter of EDWARD DAVEY FABIAN, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 2,907-3-7, a Dividend at the rate of 50 per Cent. (amounting to Rs. 2353-10) be paid.

যোত্রহীন এড্বার্ড ডেবি ফাবিয়ন সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে ২,৯০৭৶৭ টাকাহইতে শতকরা ৫০৲ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায়। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২,৩৫৩৷৶ টাকা দেওয়া যায়।

In the matter of JOHN HUTCHESON FERGUSSON, and another, Insolvents.

On Tuesday, the 9th day of October, 1860, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 49,000 in his hands pay a Dividend at the rate of Co.'s Rs. two per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 30,000) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 29th November, 1860.

যোত্রহীন জান হচিসন ফরগসন সাহেব ও অন্যেরদের বিষয়ে।

আসৈনি সাহেব ১৮৬০ সালের অক্টোবর মাসের ৯ তারিখ মঙ্গলবারে যে দরখাস্ত করেন তাহাতে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ৪৯,০০০ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ২৲টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩০,০০০৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা। ১৮৬০ সাল ২৯ নবেম্বর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত রাজা রাধাকান্ত দেব বাহাদুর বিরচিত শব্দ কল্পদ্রু মনামক সুবিখ্যাত সংস্কৃতাভিধান আমরা সংবর্দ্ধন করিয়া খণ্ডে খণ্ডে পুনর্মুদ্রন করিতেছি ইহার প্রথম খণ্ড সংপ্রতি প্রস্তুত হইয়া আমাদিগের নিকট ও ঠনঠনিয়ার সংস্কৃত যন্ত্রের পুস্তকাগারে এবং লালদীঘির রোজারিও সাহেবের দোকানে বিক্রয়ার্থে আছে। প্রতি খণ্ডের মূল্য ১৷৷০ দেড় টাকা মাত্র।

শ্রীঅমৃতলাল মিত্র দিগর সাং শোভাবাজার।

সকলকে জান'ন যাইতেছে যে সন ১৮৬০ সালের ৩২ আইন অর্থাৎ ইনকম টাক্সের আইন শ্রীরামপুর যন্ত্রালয়ে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ টাকামাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ৪ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 18, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ১৮ ডিসেম্বর।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No 36.

To the Civil Authorities in the Lower Provinces and the South Western Frontier Agency.

The Court are pleased to adopt the following Circular issued on the 27th September last by the Western Court.

"The Court of Sudder Dewanny Adawlut, North Western Provinces, are pleased to call the attention of the Civil authorities to Clauses 4 and 5, Section 13, Act XXXVI. of 1860, which repeal Sections 130 and 131, Act VIII. of 1859, and prescribe in what cases the Civil Courts may receive in evidence unstamped or insufficiently stamped deeds, instruments or writings on payment of the proper duty and penalty, laying down the procedure to be observed in such cases.

2. "Clause 4 authorizes the Civil Courts to receive such documents in evidence after payment of the proper duty and penalty in all cases under the Act in which a Collector may impress a stamp on payment of the proper amount of stamp duty and penalty.

"As the vernacular translation published in the *Allahabad Government Gazette* erroneously makes it to appear that a double payment of duty and penalty is prescribed in such cases, the Court with a view to remove all misconception on this important point take this opportunity of explaining that the Hindoostani version is incorrect, and that Clause 4 simply contemplates our payment of proper duty and penalty to be made in the Civil Court on account of unstamped or insufficiently stamped docu-

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৩৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও উত্তরপশ্চিম অঞ্চলের এজেণ্টীর শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

পশ্চিম দেশের সদর আদালত গত সেপ্টেম্বর মাসের ২৭ তারিখে নীচের লিখিত যে সরক্যুলর জারী করিয়াছেন তাহা এই সদর আদালত গ্রাহ্য করিয়াছেন।

"উত্তরপশ্চিম দেশের সদর দেওয়ানী আদালতের সাহেবেরা দেওয়ানীর কার্য্যকারক সাহেবদিগকে ১৮৬০ সালের ৩৬ আইনের ১৩ ধারার ৪ ও ৫ প্রকরণে মনোযোগ করাইতেছেন। তাহাতে ১৮৫৯ সালের ৮ আইনের ১৩০ ও ১৩১ ধারা রদ হইয়াছে, ও ইষ্টাম্প না হওয়া কি অনুপযুক্ত মুল্যের ইষ্টাম্প কাগজে লেখা যে দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া প্রমাণস্বরূপে দেওয়া যায় তাহার উপর উপযুক্ত মাসুল ও অর্থদণ্ড দেওয়া গেলে দেওয়ানী আদালত যে২ স্থলে তাহা গ্রাহ্য করিতে পারেন, তাহা সেই২ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে ও সেই২ স্থলে যেরূপে কার্য্য করিতে হইবেক তাহারও বিধি হইয়াছে।

২। "৪ প্রকরণে এই বিধি হইয়াছে।" ইষ্টাম্পের উপযুক্ত মাসুল ও জরীমানার টাকা দেওয়া গেলে যে স্থলে কালেক্টর সাহেব এই আইনমতে ইষ্টাম্প ছাপাইতে পারেন সেই স্থলে," ইষ্টাম্পের উপযুক্ত মাসুল ও জরীমানা দেওয়া গেলে দেওয়ানী আদালত সেই দলীল প্রমাণে গ্রাহ্য করিতে পারিবেন।

"আলাহাবাদের গবর্ণমেণ্ট গেজেটে যে তরজমা ছাপা হইয়াছে তাহাতে ভুল হইয়া এমত বোধ জন্মায়, যে, তদ্রূপ স্থলে দোহারা মাসুল ও জরীমানা দেওয়ার কথা নির্দ্দিষ্ট হইয়াছে। এই গুরুতর বিষয়ে কোন ভ্রম না থাকে এই নিমিত্তে সদর আদালতের সাহেবেরা এই সুযোগমতে জানাইতেছেন যে উর্দ্দু ভাষাতে ঐ প্রকরণের তরজমা অশুদ্ধ। ঐ ৪ প্রকরণের কেবল এই অভিপ্রায় যে, ইষ্টাম্প না হওয়া কি অনুপযুক্ত মুল্যের ইষ্টাম্প কাগজে লেখা কোন দলীল প্রমাণস্বরূপে দাখিল করা গেলে কালেক্টর সাহেবেরদের বিষয়ে যে নিয়ম পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে সেই নিয়মমতে তাহার উপর এক গুণ উপ-

ments offered in evidence, on the same conditions as those before prescribed for Collectors.

"These cases are stated in Clause 1, Section 13 of the Act, and include 'deeds, instruments and writings executed on unstamped or insufficiently stamped paper from accident, ignorance, inadvertence, mistake or from other unavoidable cause.'

"An authorized correction of the vernacular translation may shortly be expected.

"Clause 2 contains an enumeration of the penalties imposable under the Section which increase in severity in proportion to the length of time which may have elapsed since the execution of the document.

3. "The Civil Courts are hereby directed to prepare a book in accordance with Clause 5 for the purpose of recording the payments of duties and penalties above alluded to.

"The entries in this book should be made chronologically, the details being shewn in the following form :—

যুক্ত ইষ্টাম্পের মাসুল ও জরীমানা দেওয়ানী আদালতে দেওয়া যায়।

ঐ সকল স্থলের কথা ঐ আইনের ১৩ ধারার ১ প্রকরণে লেখা হইয়াছে,। অর্থাৎ "কোন দলীল কি দস্তাবেজ কি লেখাপড়া দৈবাৎ কিম্বা অজ্ঞানতা কি অনবধানতা কি ভুলক্রমে কি অনিবার্য্য অন্য কারণে ইষ্টাম্প না হওয়া কাগজে কিম্বা অনুপযুক্ত মুল্যের ইষ্টাম্প কাগজে লেখা গেলে," তাহা এই স্থলে গণ্য হয়।

উর্দ্দু ভাষাতে ঐ ধারার সংশোধিত তরজমা অল্প কালে হুকুমমতে ছাপা হইবে।

ঐ ধারামতে যে জরীমানার হুকুম হইতে পারিবে তাহা ২ প্রকরণে লেখা হইয়াছে। তাহাতে দলীল যত কাল করা গিয়াছে তাহা বুঝিয়া ঐ জরীমানা ক্রমশঃ বৃদ্ধি হইয়াছে।

৩। দেওয়ানী সকল আদালতকে হুকুম করা যাইতেছে যে, উক্ত প্রকারে যে মাসুল ও জরীমানার টীকা দেওয়া যায় তাহা লিখিয়া রাখিবার জন্যে ৫ প্রকরণমতে একখান বহী তৈয়ার করেন।

ঐ বহীতে যে সকল কথা লেখা যায় তাহা সময়ানুক্রমে লিখিতে হইবেক। ও বিশেষ কথা সকল এই নক্‌শামতে লিখিতে হইবেক।

1	2	3	4	5	6	7	8			9
							Amount paid.			Remarks.
No. of suit.	Name of Plaintiff.	Name of Defendant.	Title of suit.	Name of party paying duty or penalty.	Description of document of which payment is made.	Date of payment.	Duty.	Penalty.	Total.	Containing signature of the receiving officer, &c.

১	২	৩	৪	৫	৬	৭	৮			৯
							যত টাকা দেওয়া যায়			
মোকদ্দমার নম্বর	ফরিয়াদীর নাম	আসামীর নাম	মোকদ্দমার খ্যাতি	যে জন মাসুল কি জরীমানা দেয় তাহার নাম	যে দলীলের উপর ঐ টাকা দেওয়া যায় তাহার প্রকার	টাকা দিবার তারিখ	মাসুল	জরীমানা	মোট	মন্তব্য কথা। ইহাতে যে কার্য্যকারক টাকা লন তাঁহার সহীপ্রভৃতি থাকিবে।

"The above details are also to be endorsed on the back of the document under the signature of the Judge of the Court who is required to make monthly returns of the moneys thus received to the Collector of the Stamp revenue of the district.

উক্ত সকল কথা দলীলের পৃষ্ঠেও লিখিতে হইবে। ও তাহাতে আদালতের বিচারপতি দস্তখৎ করিবেন। ও সেইরূপে যে সকল টাকা পান তাহা মাসে২ জিলার ইষ্টাম্প মাসুলের কালেক্টর সাহেবের নিকটে রিটর্ণ করিয়া পাঠাইবেন।

"These returns will be prepared from the book above mentioned and contain the particulars already detailed.

ঐ সকল রিটর্ণ উক্ত বহী দেখিয়া লেখা যাইবে ও তাহাতে পূর্ব্বোক্ত বিস্তারিত কথা দেওয়া যাইবে।

4. "The Zillah Judges are required to satisfy themselves that their subordinate Judges carry out the instructions of Para. 3 of this Circular, and will report the fact of Registers having been opened in each Court subordinate to them in accordance therewith.

৪। জিলার জজ সাহেবেরদের অধীন বিচারপতিরা এই সরক্যুলরের ৩ দফার লিখিত হুকুমমতে কার্য্য করিতেছেন এই কথা ঐ জজ সাহেবেরা খাতিরজমামতে জানিয়া লইবেন, ও আপনারদের অধীন প্রত্যেক আদালতে ঐ হুকুমমতে রেজিষ্টর করা গিয়াছে ইহার রিপোর্ট করিবেন।

"The Register book now prescribed will be added to the list of Registers necessary to be kept up and the rules generally applicable to similar Registers in respect of their safe custody periodical inspection, &c. &c., should be duly observed."

যে সকল রেজিষ্টরী বহী রাখা আবশ্যক তাহার ফিরিস্তির মধ্যে এই সরক্যুলরের নির্দ্দিষ্ট রেজিষ্টরী বহী লিখিতে হইবে। ও তাহা নিরাপদে রাখণ ও সময়ে২ তাহা দৃষ্টি করণপ্রভৃতির যে বিধি সেই প্রকারের রেজিষ্টরের উপর খাটে তাহা উপযুক্তমতে মানিতে হইবে।

H. B. LAWFORD,
Register.

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

Fort William, the 27th November, 1860.

ফোর্ট উলিয়ম।
১৮৬০ সাল ২৭ নবেম্বর।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

No. 36.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 17th July, 1860.

I am directed by the Board of Revenue to forward a form of Monthly Statement of cases under Act X. of 1859, which is prescribed under the orders of the Lieutenant-Governor. Every Officer competent to try these cases will submit a statement, and the Collector of each District will, from these returns, compile a general statement, including, of course, the cases on his own file, and submit the same to you. Should any case have been pending more than two months, the name of the Officer before whom such case is pending, with the explanation afforded by him, must be entered in the column of remarks.

2. It will not be necessary for you to have a Divisional Return compiled from the District Statements, but you will forward these with your own remarks, when such are necessary, to this office.

3. For the return now ordered to be of any use, it is absolutely necessary that it should be submitted immediately after the close of each month. The Officers subordinate to the Collector should submit their statement on the 5th of the ensuing month, the several Collectors on the 10th, and they should not be detained in your office more than one day. Any remarks you may have to make may be recorded on the back of the Statement.

4. Should any delay occur in submitting these Statements, the cause of it, with the name of the Officer responsible for it, should be mentioned. Collectors are at once to indent on the Government Lithographic Press for a sufficient number of forms.

(Signed) E. T. Trevor,
Secretary.

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৩৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৭ জুলাই।

১৮৫৯ সালের ১০ আইনমতের মোকদ্দমার মাসিক কৈফিয়তের যে নক্সা শ্রীযুতলেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুমমতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা লিখিবার পাঠ বোর্ড রেবিনিউর আজ্ঞাক্রমে তোমার নিকটে পাঠাই। ঐ২ মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন প্রত্যেক কার্য্যকারক ঐ কৈফিয়ৎ দিবেন ও প্রত্যেক জিলার কালেক্টর সাহেব ঐ সকল কৈফিয়ৎ দেখিয়া সাধারণ এক কৈফিয়ৎ করিবেন তাহাতে তাঁহার নিজ নথাতে যে২ মোকদ্দমা থাকে তাহাও লিখিবেন, ও তোমার নিকটে পাঠাইবেন। যদি কোন মোকদ্দমা দুই মাসের অধিক কাল মুলতবী থাকে তবে যে কার্য্যকারকের সম্মুখে সেই২ মোকদ্দমা থাকে তাঁহার নাম ও তিনি মুলতবীথাকার যে কারণ জানান্ তাহা মন্তব্য কথার ঘরে লিখিতে হইবে।

২। এলাকার কৈফিয়ৎ ঐ জিলার কৈফিয়ৎ দেখিয়া প্রস্তুত করা আবশ্যক নয় কিন্তু তুমি আবশ্যক বুঝিলে আপনার মন্তব্য কথা লিখিয়া ঐ কৈফিয়ৎ এই আফিসে পাঠাইবা।

৩। এখন যে কৈফিয়তের হুকুম হইয়াছে তাহার কার্য্য দর্শাইবার নিমিত্তে প্রতিমাসের শেষ হইবার পরেই ঐ কৈফিয়ৎ দেওয়া অতিআবশ্যক। কালেক্টর সাহেবের অধীন কার্য্যকারকেরদের ঐ কৈফিয়ৎ তৎপর মাসের ৫ তারিখে দাখিল করিতে হয়, ও নানা কালেক্টর সাহেবের ১০ তারিখে ঐ কৈফিয়ৎ দাখিল করিতে হয় ও তাহা তোমার কাছারীতে এক দিনের অধিক রাখা উচিত নহে। তোমার যে কোন কথা লিখিতে হয় তা। কৈফিয়তের পৃষ্ঠে লিখিতে পারিবা।

৪। ঐ কৈফিয়ৎ দাখিল করিতে যদি কিছু বিলম্ব হয় তবে সেই বিলম্বের কারণ ও যে কার্য্যকারক সেই বিলম্বের দায়ী হন্ তাঁহার নামও লিখিতে হইবেক। কালেক্টর সাহেবেরা ঐ নক্সার যতখান চাহেন তাহা গবর্ণমেণ্টের পাতরিয়া ছাপাখানাহইতে অগ্রিমে চাহিয়া লইবেন।

ই টি ট্রেবর।
সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৮ ডিসেম্বর।]

Monthly Statement of Cases under Act X. of 1859 *in the Office of the* *of* *for the month of* 18 .

১৫ ধারা। কোন স্থানে কোন হঙ্গামা কি ফসাদ কি অত্যাচার হইয়াছে কি হইবার আশঙ্কা যুক্তিসিদ্ধমতে হইতে পারে, ও শান্তিরক্ষার জন্যে যে কর্ম্মকারকেরা সাধারণমতে নিযুক্ত থাকে, কেবল তাহারদের দ্বারা ঐ স্থানের শান্তিরক্ষা ও নিবাসিরদের রক্ষা ও সম্পত্তি রক্ষা হইতে পারিবে না, ইহা যদি দৃষ্ট হয়, তবে ইন্‌সপক্টরের পদস্থ কর্ম্মকারকহইতে নীচ পদের কর্ম্মকারক নহে পোলীসের এমত কোন কর্ম্মকারক, যত জনের যত কালের নিমিত্তে ও যে প্রকারে পোলীসের বিশেষ কর্ম্মকারকরূপে কর্ম্ম করিবার জন্যে নিযুক্ত করা আবশ্যক বুঝেন, সরকারী কি গ্রামের চাকরেরদের হইতে কি নিকট নিবাসি লোকহইতে তত জনকে তত কালের নিমিত্তে সেই প্রকারের কার্য্য করিবার জন্যে নিযুক্ত করিতে, অতিনিকটের মাজিষ্ট্রেট সাহেবকে প্রা-

shall be the duty of such Magisterial Officer at once to comply with such applications.

[Powers of special Police Officers.]

XVI. Every special Police Officer so appointed shall have the same powers, privileges, and protection, and be liable to all such duties and penalties, and be subordinate to the same authorities as the ordinary Officers of Police.

[Refusal to serve.]

XVII. If any person being appointed a special Police Officer as aforesaid shall, without sufficient excuse, neglect or refuse to serve as such, or to obey such lawful order or direction as may be given him for the performance of his duties, he shall be liable upon conviction before a Magisterial Officer to a fine not exceeding fifty Rupees for every such neglect, refusal or disobedience.

[Police Officers not to resign without leave or two months' notice.]

XVIII. No Police Officer shall be at liberty to resign his office, or withdraw himself from the duties thereof, unless expressly allowed to do so in writing by the District Superintendent; or unless he shall have given to his superior Officer two months' notice in writing of his intention to do so; nor shall any such Police Officer engage in any employment or office whatever, other than his duties under this Act, unless expressly permitted to do so in writing under the seal of the Inspector General.

[Unlawful assumption of Police functions, personation of Police, &c.]

XIX. From and after the passing of this Act, every person not being, or having ceased to be, a duly enrolled Police Officer, who shall unlawfully assume any function or power belonging to the Police; and who shall not forthwith deliver up his Certificate, and all the clothing, accoutrements and appointments, and other necessaries which may have been supplied to him for the execution of his duty; or who shall have in his possession any distinctive article of the dress or appointment directed to be worn exclusively by the Police Force, without being able to account satisfactorily for his possession thereof; or who shall put on the dress of any Police Officer or any dress designed to represent it or to be taken for it; or who shall otherwise personate the character or act the part of any Police Officer for any purpose whatever; shall, in addition to any other punishment to which he may be liable for any offence committed under the assumed character, be liable, on conviction before a Magisterial Officer, to a penalty not exceeding two hundred Rupees, or

থনা করিতে পারিবেন। ও সেই মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্য যে তৎক্ষণাৎ সেই প্রার্থনামতে কার্য্য করেন ইতি।

[পোলীসের বিশেষ কর্ম্মকারকেরদের ক্ষমতার কথা।]

১৬ ধারা। পোলীসের সাধারণ কর্ম্মকারকেরদের যে সকল ক্ষমতা থাকে ও তাহারা যেপ্রকারের অনুগ্রহ ও রক্ষা পায়, ও তাহারদের যে সকল কর্ম্ম করিতে হয় ও যে২ দণ্ড হইতে পারে ও তাহারা যে২ কার্য্যকারকেরদের অধীনে থাকে, উক্তমতের নিযুক্ত পোলীসের বিশেষ কর্ম্মকারকেরদের প্রত্যেক জনের সেই প্রকারের সকল ক্ষমতাপ্রভৃতি থাকিবে ইতি।

[কর্ম্ম করিতে স্বীকার না করিবার কথা।]

১৭ ধারা। কোন লোক পূর্ব্বোক্তমতে পোলীসের বিশেষ কর্ম্মকারকস্বরূপে নিযুক্ত হইয়া যদি উপযুক্ত ওজর না থাকিলেও তদ্রূপ কর্ম্ম করিতে কিম্বা তাহার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহের জন্যে ন্যায্য যে কোন হুকুম কি আদেশ দেওয়া যায়, তাহা মানিতে শৈথিল্য করে কি স্বীকার না করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্দ হইলে সে যতবার শৈথিল্য করে কি কর্ম্ম করিতে স্বীকার না করে কি হুকুম না মানে ততবার তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[ছুটী না পাইলে কি দুই মাসের সম্বাদ না দিলে পোলীসের কর্ম্মকারকেরদের কর্ম্ম ছাড়িতে না পারিবার কথা।]

১৮ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক যদি আপনার কর্ম্মে ইস্তাফা দিতে কিম্বা আপনার পদের কর্ত্তব্য কর্ম্ম ছাড়িতে চাহে, তবে এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব লিখিয়া স্পষ্টরূপে ছুটী না দিলে, কি সেই কর্ম্মকারক আপনার কর্ম্ম ত্যাগ করিবার মানসের এত্তেলা দুই মাস থাকিতে আপনার উপরিস্থ কার্য্যকারককে লিখিয়া না দিলে, সে আপন পদে ইস্তাফা দিতে কি কর্ম্ম ছাড়িতে পারিবে না। ও পোলীসের তদ্রূপ কোন কর্ম্মকারক ইন্‌স্পেক্টর জেনরল সাহেবের মোহরকরা লিপিক্রমে স্পষ্ট অনুমতি না পাইলে, আপনার এই আইনমতের কর্ত্তব্য কর্ম্ম ভিন্ন অন্য কোন কর্ম্ম করিতে কি পদ গ্রহণ করিতে পারিবে না ইতি।

[কোন লোক পোলীসের কর্ম্মকারক না হইয়া বেআইনীমতে ঐ কর্ম্ম করিলে কি আপনাকে পোলীসের কর্ম্মকারকস্বরূপইত্যাদি দেখাইলে তাহার দণ্ডের কথা।]

১৯ ধারা। এই আইনজারী হইবার সময়াবধি, পোলীসের কর্ম্মকারকস্বরূপে যাহার নাম উপযুক্তমতে ফর্দ্দে লেখা না যায়, কিম্বা পূর্ব্বে পোলীসের কর্ম্মকারক ছিল এখন নহে এমত কোন লোক যদি বেআইনীমতে পোলীসের কোন কর্ম্ম আপনি করে কি পোলীসের ক্ষমতা গ্রহণ করে, ও সেই লোক আপনার সর্টিফিকট ও আপনার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিবার জন্যে বস্ত্র ও পোশাক ও সাজ সরঞ্জামপ্রভৃতি আবশ্যক যে সকল বিষয় তাহাকে দেওয়া গিয়াছে তাহা যদি তৎক্ষণাৎ ফিরিয়া না দেয়, কিম্বা পোশাকের কি সাজ সরঞ্জামের যে কোন বিশেষ বিষয় কেবল পোলীসের দলস্থ লোকেরদের পরিধার হুকুম আছে তাহা যদি কোন লোকের নিকটে থাকে, ও তাহা যে প্রকারে পাইল ইহা যদি খাতিরজমায়তে জানাইতে না পারে, কিম্বা যদি কোন লোক পোলীসের কোন কর্ম্মকারকের পোশাক পরে, কিম্বা তদ্রূপ পোশাক দেখাইবার কি জান হইবার অভিপ্রায়ে কোন পোশাক পরে, কিম্বা কোন লোক কোন কারণে আপনাকে পোলীসের কোন কর্ম্মকারক বলিয়া দেখায় কি সেই কর্ম্মকারকের মত কর্ম্ম করে, তবে ঐ লোক আপনাকে ঐ পদস্থ দেখাইয়া কোন অপরাধ করিলে ঐ অপরাধের যে দণ্ড হইতে পারিবে তদ্ভিন্ন মাজিষ্ট্রেট

to imprisonment, with or without hard labor, for a period not exceeding six months, or both.

[Duties of Police Officers.]

XX. Every Police Officer shall, for all purposes in this Act contained, be considered to be always on duty, and shall have the powers of a Police Officer in every part of the General Police District. It shall be his duty to use his best endeavours and ability to prevent all crimes, offences, and public nuisances; to preserve the peace; to apprehend disorderly and suspicious characters; to detect and bring offenders to justice; to collect and communicate intelligence affecting the public peace; and promptly to obey and execute all orders and warrants lawfully issued to him by any competent authority.

[Police Officer may arrest without warrant.]

XXI. It shall be the duty of every Police Officer, and he is hereby authorized to arrest without warrant—

[Person charged with or suspected of grave crimes.]

1. Any person who is charged on credible information, or whom he has reasonable ground to suspect, of having been concerned in any grave or forcible crime or outrage.

[Persons charged with aggravated assault recently committed.]

2. Any person who is charged with committing an aggravated assault, in every case in which he shall have good reason to believe that such assault has been committed, although not in his view, and that by reason of the recent commission of the offence a warrant could not have been issued.

[Persons committing a breach of the peace.]

3. Any person committing, or attempting to commit, any breach of the peace, in his view, and who refuses to desist on being required thereto.

[Persons found injuring public buildings, &c. Proviso.]

4. Any person found injuring the public buildings, roads, tanks, and water channels, or committing any offence punishable by Law: provided always that, where such offence is of a slight and petty nature, it shall not be necessary for the Police Officer to arrest, if, from the circumstances of the case, there is no reason to apprehend that the party will abscond.

[Vagrants and suspicious persons.]

5. Any vagrant whom he shall find disturbing the public peace, or whom he shall have good cause to suspect of having committed or being about to commit a crime; all persons whose name and resi-

সাহেবের সম্মুখে তাহার দোষ সাবুদ হইলে তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমান হইতে পারিবে কিম্বা সে ছয় মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইতে পারিবে কিম্বা তাহার ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

[পোলীসের কর্ম্মকারকেরদের কর্ত্তব্য কর্ম্মের কথা।]

২০ ধারা। পোলীসের প্রত্যেক জন কর্ম্মকারক এই আইনের লিখিত সকল কার্য্যের নিমিত্তে সর্ব্বদাই আপন পদের কর্ম্মে উপস্থিত আছে এমত জ্ঞান হইবেক, ও পোলীসের সাধারণ এলাকার সর্ব্ব স্থানে তাহার পোলীসের কর্ম্মকারকের ক্ষমতা সর্ব্বদা থাকিবে। তাহার কর্ত্তব্য কার্য্য এই২। সকল দোষ ও অপরাধ ও সাধারণ লোকেরদের ঘৃণাজনক সকল বিষয় নিবারণ করিতে, ও শান্তিরক্ষা করিতে, ও অনিয়মিতাচারি ও সন্দিগ্ধচরিত্রের লোকেরদিগকে গ্রেফ্তার করিতে, ও অপরাধিরদের সন্ধান লইয়া তাহারদিগকে বিচার হইবার নিমিত্তে উপস্থিত করিতে, ও সাধারণ লোকেরদের শান্তির বৃদ্ধি কি হানি যাহাতে হয় এমত সকল সম্বাদ জানিতে ও জানাইতে তাহার সাধ্যমতে উদ্যোগ করিতে হইবেক। ও উপযুক্ত কোন কর্ম্মকারক তাহাকে আইনমতের যে সকল হুকুম ও পরওয়ানা দেন তাহা অন্য মানিতে ও জারী করিতে হইবেক ইত।

[পোলীসের কর্ম্মকারক বিনাপরওয়ানাতে যাহারদিগকে গ্রেফ্তার করিতে পারে তাহারদের কথা।]

২১ ধারা। পোলীসের প্রত্যেক জন কর্ম্মকারকের কর্ত্তব্য এই, ও তাহাকে ইহাতে এই ক্ষমতা দেওয়া গেল যে, নীচের লিখিত ব্যক্তিদিগকে বিনাপরওয়ানাতে গ্রেফ্তার করে।

[সঙ্গিন অপরাধ করিবার নালিশ কি শোরে যাহারদের উপর হয় তাহারদিগকে।]

১ প্রকরণ। বিশ্বাসযোগ্য কোন লোকের কথাক্রমে যাহার নামে সঙ্গিন কি বলপূর্ব্বক কোন অপরাধে কি অত্যাচারেতে লিপ্ত হইবার নালিশ হয় কি উপযুক্ত কারণে এমন শোরে হয় তাহাকে।

[সম্প্রতি ভারি চড়াউ করিবার দোষের নালিশ যাহারদের নামে হয় তাহারদিগকে।]

২ প্রকরণ। ভারি চড়াউ করিবার অপরাধে যাহার নামে নালিশ হয়, যদিও সেই অপরাধ ঐ কার্য্যকারকের সাক্ষাতে না করা যায় তথাপি ঐ চড়াউ হইয়াছে ইহাতে তাহার বিশ্বাস করিবার উত্তমকারণ থাকিলে, ও সেই অপরাধ অতি অল্পকাল হওয়াতে পরওয়ানা বাহির হইবার অবকাশ না থাকিলে, সেই লোককে।

[যাহারা দাঙ্গা করে তাহারদিগকে।]

৩ প্রকরণ। যে কোন লোক ঐ কার্য্যকারকের দৃষ্টিগোচরে দাঙ্গা করে কি করিবার উদ্যোগ করে ও ক্ষান্ত হইবার আজ্ঞা পাইলেও ক্ষান্ত না হয় তাহাকে।

[যাহারদিগকে সরকারী ইমারৎ প্রভৃতি হানি করিতে দেখা যায় তাহারদিগকে ও বর্জ্জিত লিখি।]

৪ প্রকরণ। যে কোন লোককে সরকারী কোন ইমারতের কি রাস্তার কি পুকুরের কি জলপ্রণালির হানি করিতে কিম্বা আইনমতের দণ্ডনীয় অন্য অপরাধ করিতে দেখা যায় তাহাকে। কিন্তু যদি সেই অপরাধ অল্প ও ক্ষুদ্র প্রকারের হয়, তবে বিষয় বুঝিয়া ঐ ব্যক্তি যে পলাইবে এমত বুঝিবার কারণ না থাকিলে তাহাকে পোলীসের কর্ম্মকারকের গ্রেফ্তার করিতে হইবে না।

[বটুয়াদিগকে ও সন্দিগ্ধ লোকদিগকে।]

৫ প্রকরণ। বেটুয়া যে কোন লোককে দাঙ্গা করিতে দেখিতে পায়, কিম্বা কোন অপরাধ করিয়াছে কি করিতে উদ্যত আছে যাহার বিষয়ে এমত শোরে করিবার উপযুক্ত কারণ থাকে, তাহাকে, ও যে সকল লোকের

dence is unknown, or whom he may find by night lying or loitering in any high-way, road or other place, and who, in either case, are unable to give a satisfactory account of themselves.

নাম ও বাসস্থান জানা না হয়, কিম্বা যে সকল লোককে রাত্রিতে কোন সদর রাস্তায় কি পথে কি অন্য স্থানে থাকিতে কি আলস্যভাবে বেড়াইতে দেখে, ও তদ্রূপ কোন স্থলে যদি সেই লোকেরা আপনারদের খাতির-জমামতের হিসাব দিতে না পারে, তবে তাহারদিগকে।

[Persons assaulting Police Officer.]

[যাহারা পোলীসের কর্ম্মকারকেরদের উপর চড়াউ হয় তাহারদিগকে।]

6. Any person who assaults, resists or obstructs such Police Officer in the execution of his duty, or aids or excites others so to do.

৬ প্রকরণ। পোলীসের কর্ম্মকারক আপনার কর্ত্তব্য কর্ম্ম করিতেছে এমন সময়ে যে কেহ তাহার উপর চড়াউ হয়, কি তাহাকে বাধা কি বারণ করে, কিম্বা তাহা করিতে অন্য লোকের সাহায্য করে কি অন্য লোককে প্রবৃত্তি দেয় তাহাকে।

[Persons escaping from legal custody.]

[যাহারা আইনমতের কয়েদহইতে পলায় তাহারদিগকে।]

7. All persons who, having been in legal custody, shall have escaped therefrom.

৭ প্রকরণ। যে সকল লোক আইনমতে কয়েদ হইয়া পলায় তাহারদিগকে।

[Persons charged with an offence, refusing to give name.]

[অপরাধের নালিশ যাহারদের নামে হয় তাহারা নাম জানাইতে স্বীকার না করিলে তাহারদিগকে।]

8. All persons who are charged with having done any injury or damage to the person or property of another, and who refuse to give their name and residence, or who give one which there is ground to believe to be false, may be detained solely for the purpose of ascertaining such name and residence, with a view to future proceedings.

৮ প্রকরণ। কোন ব্যক্তির কি সম্পত্তির কিছু হানি কি নোকসান করিবার নালিশ যাহার নামে হয় এমত কোন লোক যদি আপনার নাম ও বাসস্থান জানাইতে স্বীকার না করে, কিম্বা যে নাম দেয় তাহা মিথ্যা জানিবার কারণ থাকে, তবে তাহার উপর পরে মোকদ্দমা হইতে পারে এই কারণে কেবল তাহার নাম ও বাসস্থান নিশ্চয়মতে জানিবার নিমিত্তে তাহাকে আটক করিয়া রাখা যাইতে পারিবে ইতি।

[Amends may be awarded for charges made on insufficient ground.]

[অনুপযুক্ত কারণে নালিশ হইলে ক্ষতিপূরণের হুকুম হইতে পারিবার কথা।]

XXII. In every case in which any person shall be given in charge to a Police Officer, on a false or frivolous charge; or in which a false and frivolous charge shall be made to a Police Officer against any person; or in which any information or complaint shall be laid or made before a Magisterial or Police Officer, and shall not be further prosecuted; or in which if further prosecuted, it shall appear to the Magisterial Officer by whom the case is heard, that there were no sufficient grounds for making the charge, such Magisterial Officer shall have the power to award a fine not exceeding fifty Rupees, or imprisonment for a period not exceeding one month, or both; or to award such amends not exceeding fifty Rupees, to be paid by the informer or complainant to the party informed or complained against, for his loss of time and expenses in the matter, as to such Magisterial Officer shall seem fit. And such amends shall be recoverable in the manner provided for the levy of fines.

২২ ধারা। যখন কোন ব্যক্তির নামে মিথ্যা কি তুচ্ছ দোষের নালিশ হইয়া তাহাকে পোলীসের কর্ম্মকারকের জিম্মায় দেওয়া যায়, কিম্বা যখন পোলীসের কর্ম্মকারকের নিকটে কোন ব্যক্তির নামে মিথ্যা ও তুচ্ছ দোষের নালিশ হয়, কিম্বা যখন কোন মাজিষ্ট্রেট সাহেবের কি পোলীসের কর্ম্মকারকের নিকটে কোন এজহার কি নালিশ হয়, মোকদ্দমার তদবীর না হয়, কিম্বা হইলে, যে মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমা শুনেন তিনি যদি দেখেন যে ঐ নালিশ করিবার উপযুক্ত কোন কারণ নাই, তবে মাজিষ্ট্রেট সাহেব পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানার কিম্বা এক মাসের অনধিক কাল কয়েদ হইবার কিম্বা ঐ দুই দণ্ডের হুকুম করিতে পারিবেন, অথবা যাহার নাম এজহার কি নালিশ হইয়াছে তাহার সেই বিষয়ে সময় হরণ ও খরচ শোধ করিবার জন্য এ এজহারদেওনিয়ার কি নালিশকরণিয়ার পঞ্চাশ টাকার অনধিক যত টাকা মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত বোধ করেন তত টাকা দিবার হুকুম করিতে পারিবেন। ও জরীমানার টাকা যে প্রকারে উসুল হইতে পারে এ ক্ষতিশোধের টাকা সেইপ্রকারে উসুল হইবে ইতি।

[Persons arrested without warrant to be taken to Station House until brought before Magistrate or bailed. Proviso.]

[যাহারদিগকে পরওয়ানাবিনা গ্রেফ্তার করা যায় তাহারদিগকে যত কাল মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনা না যায় কি তাহারদের হাজিরজামিন না লওয়া যায় তত কাল থানাতে লইয়া রাখিবার কথা ও বর্জ্জিত কথা।]

XXIII. Every person taken into custody by any Police Officer without warrant, except persons detained for the mere purpose of ascertaining their name and residence, shall forthwith be delivered into the custody of the Police Officer in charge of a Chowky or Station House, in order that such person may be secured until he can be brought before a Magisterial Officer to be dealt with according to

২৩ ধারা। নাম ও বাসস্থান নিশ্চয়মতে জানিবার জন্যে যাহারদিগকে আটক করিয়া রাখা যায় তাহারা ছাড়া অন্য যে ব্যক্তিকে পোলীসের কোন কর্ম্মকারক বিনাপরওয়ানাতে হেফাজতে লয়, তাহার সঙ্গে আইনমতে কার্য্য হইবার জন্যে যত কাল তাহাকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনা যাইতে পারে তত কাল আটকাইয়া রাখিবার জন্যে, কোন চৌকীতে কি থানায় পোলীসের প্রধান যে কার্য্যকারক থাকেন, তাঁহার

Law, or may give bail for his appearance before a Magisterial Officer, if the Officer in charge shall deem it prudent to take bail as hereinafter mentioned: provided always that, where bail is not taken, the prisoner shall be brought before a Magisterial Officer within twenty-four hours, unless circumstances render delay unavoidable.

[Releasing on bail.]

XXIV. Whenever any person shall be brought in custody, without a warrant, to any Station House, at a time when he cannot at once be sent before a Magisterial Officer, and shall be charged with any bailable offence, or with any unbailable offence, of which it shall appear to the Officer in charge of the Station House or other superior Officer of Police that the prisoner is falsely accused, it shall be lawful for such Police Officer to release the accused on bail, or on his own recognizance, to appear before the Magisterial Officer when required.

[Superior Officer of Police may take recognizance for appearance of prosecutor of witness.]

XXV. It shall be lawful for every Police Officer in charge of a Station, or other Superior Officer of Police, to bind by recognizance any person to appear as prosecutor or as a witness before the Magisterial Officer by whom any grave charge is being or is about to be investigated; and if any such prosecutor or witness shall refuse to execute such recognizance, it shall be competent to such Officer to forward the person in custody to the Court of such Magisterial Officer.

[Condition of recognizance.]

XXVI. Every recognizance, so taken, shall be without fee or reward, and shall be conditioned for the appearance of the person thereby bound before any Magisterial Officer at such time and place as may be required and the time and place of appearance, and the sum thereby acknowledged, not exceeding one thousand Rupees, shall be specified in the said recognizance, or in the condition thereof; and the Officer taken the recognizance shall return the same forthwith to the Magisterial Officer present at the time and place when and where the party is bound to appear.

[Remands. Proviso.]

XXVII. If from the absence of witnesses, or from any other reasonable cause, it shall become necessary or advisable to defer the examination of any case, or the further examination of any witnesses, it shall be lawful for any Magisterial Officer, from time to time, by his warrant, to remand the accused to the custody of any Police Officer, for such time as he shall deem necessary and reasonable, not exceeding eight clear days, to be secured

হেফাজতে তাহাকে অব্যাজে দাখিল করিতে হইবে। কিম্বা যদি সেই কর্ম্মকারক বোধ করেন যে তাহার স্থানে নীচের লিখিতমতে হাজিরজামিন লওয়া বিহিত তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইবার জামিন যত কাল না দেয় তত কাল তাহাকে রাখিতে হইবে। কিন্তু যদি হাজিরজামিন না লওয়া যায়, তবে কোন কারণে অগত্যা বিলম্ব করিতে না হইলে আসামীকে চব্বিশ ঘণ্টার মধ্যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনিতে হইবে ইতি।

[হাজিরজামিন লইয়া ছাড়িয়া দিবার কথা।]

২৪ ধারা। কোন ব্যক্তিকে যে সময়ে বিনাপরওয়ানাতে কোন লোকের হেফাজতে থানাতে আনা যায় সেই সময় বুঝিয়া যদি তাহাকে অব্যাজে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠান যাইতে না পারে ও যে অপরাধের নিমিত্তে হাজিরজামিন লওয়া যাইতে পারে তাহার নামে যদি এমত অপরাধের নালিশ হয়, কিম্বা যে অপরাধের নিমিত্তে হাজিরজামিন লওয়া যাইতে না পারে এমত অপরাধের নালিশ হইয়া যদি থানার প্রধান কর্ম্মকারক কি পোলীসের অন্য উপরিস্থ কর্ম্মকারক বোধ করেন যে মিথ্যা নালিশ হইয়াছে, তবে সেই ব্যক্তি আজ্ঞা পাইলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইবে এমত জামিন দিলে কি সেই মর্ম্মের একরারনামা লিখিয়া দিলে, পোলীসের ঐ কর্ম্মকারক তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন ইতি।

[নালিশবন্দ ব্যক্তির কি সাক্ষির হাজির হইবার একরারনামা পোলীসের উপরিস্থ কার্য্যকারকের লইতে পারিবার কথা।]

২৫ ধারা। কোন থানার কর্ম্মের ভার পোলীসের যে কার্য্যকারকের হাতে থাকে তাঁহার কিম্বা পোলীসের অন্য উপরিস্থ কার্য্যকারকের এই ক্ষমতা থাকিবে যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে কোন ভারি নালিশের বিচার যখন হইতেছে কি অল্প কালে হইবে তখন কোন ব্যক্তিকে নালিশবন্দরূপে কি সাক্ষিস্বরূপে হাজির হইবার একরারনামাতে বদ্ধ করেন। ও যদি সেই প্রকারের কোন নালিশবন্দ ব্যক্তি কি সাক্ষী তদ্রূপ একরারনামাতে দস্তখৎ করিতে স্বীকার না করে তবে সেই কার্য্যকারক তাহাকে কোন লোকের হেফাজতে দিয়া ঐ মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে চালান করিতে পারিবেন ইতি।

[একরারনামার নিয়মের কথা।]

২৬ ধারা। সেই প্রকারে যে প্রত্যেক একরারনামা লওয়া যায় তাহার নিমিত্তে কোন রসুম কি পুরস্কার লাগিবে না। ও তাহার নিয়ম এই যে সেই ব্যক্তি আজ্ঞামতের কোন সময়ে কি স্থানে কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইবে। ও তাহার হাজির হইবার সময় ও স্থান ও এক হাজার টাকার অনধিক যত টাকার তাইনে সে বদ্ধ হয়, তাহা ঐ একরারনামায় কি তাহার শর্ত্তের মধ্যে নির্দ্দিষ্ট থাকিবে। ও সেই ব্যক্তি যে সময়ে ও স্থানে হাজির হইতে বদ্ধ হয়, সেই সময়ে সেই স্থানে যে মাজিষ্ট্রেট সাহেব থাকেন তাঁহার নিকটে ঐ একরারনামা লওনিয়া কার্য্যকারক অব্যাজে ঐ একরারনামা পাঠাইবেন ইতি।

[হাজতে ফিরিয়া পাঠাইবার কথা ও বর্জ্জিত কথা।]

২৭ ধারা। যদি সাক্ষিরদের হাজির না থাকাপ্রযুক্ত কিম্বা অন্য কোন উপযুক্ত কারণে কোন মোকদ্দমার বিচার করণের কি কোন সাক্ষিদের জোবানবন্দী লওয়ার কাল বিলম্ব করা আবশ্যক কি বিহিত হয়, তবে কোন মাজিষ্ট্রেট সাহেব সময়ে২ পরওয়ানা দিয়া আট দিনের অনধিক যত কাল আবশ্যক ও উপযুক্ত বোধ করেন তত কালপর্য্যন্ত অভিযুক্ত ব্যক্তিকে কোন থানায় কি জেলখানায় রাখিবার নিমিত্তে কিম্বা উক্ত মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাতে অন্য যেরূপে বিহিত

in any Station House or Jail, or to be otherwise detained in custody, as to the said Magisterial Officer shall appear expedient: provided always that any such Magisterial Officer may order such accused party to be brought before him at any time or place before the expiration of the time for which such accused party shall have been remanded; or may discharge such accused party on his own recognizances, with or without sureties, conditioned for his appearance at the time and place appointed for such further examination.

[Entering drinking shops, &c., without a warrant.]

XXVIII. It shall be lawful for any Police Officer without a warrant to enter and inspect all drinking shops, gaming houses, and other resorts of loose and disorderly characters; all premises of persons, suspected of receiving stolen property; any locality, vessel, boat or conveyance in any part of which places he shall have just cause to believe that crime has been, or is about to be committed; or which he reasonably suspects to contain stolen property; and then and there to take all necessary measures for the effectual prevention and detection of crime; and to take charge of all property reasonably suspected to have been stolen; and of all articles or things which may serve as evidence of the crime supposed to have been committed; and to take charge of all unclaimed property.

[Inspection of weights and measures.]

XXIX. Every Police Officer, not below the grade of Inspector, shall, under such orders as may from time to time be issued by the Inspector General of Police, be an Inspector of weights and measures, and may enter any shop or premises for the purpose of inspecting the weights and measures, and instruments for weighing, kept or used therein; and may seize any weight, measure, or instrument for weighing, which may have reason to believe is false.

[Police Officer not to receive complaints of petty offences. Proviso.]

XXX. No Police Officer shall receive any complaint of any petty offence; or take into his custody any person brought to him, accused of such petty offences, as trespass, assault, quarrelling, or the like; and it shall be lawful for any Police Officer to refuse to receive and act upon any charge of an offence of a grave character, if he shall, on enquiry made of the complainant alone, see good grounds for doubting its truth: provided always that, if the charge be not of such a nature as under ordinary circumstances would justify the Police Officer in refusing to receive it, the particular reasons for

হয় সেইরূপে তাহাকে হাজতে আটক রাখিবার নিমিত্তে পোলীসের কোন কর্ম্মকারকের হেফাজতে দিবেন। কিন্তু যুত কালের নিমিত্তে সেই অভিযুক্ত ব্যক্তিকে ফিরিয়া পাঠান যায়, সেই কালের মধ্যে ও তদ্রূপ কোন মাজিষ্ট্রেট সাহেব উক্ত অভিযুক্ত ব্যক্তিকে কোন সময়ে কি স্থানে আপনার সম্মুখে আনাইতে হুকুম করিতে পারিবেন। কিম্বা ঐ আসামী হাজীর হইবার যে সময় ও স্থান নিরূপণ হয় সেই সময়ে ও স্থানে হাজির হইবার একরারনামা জামিনী সহিত কি জামিনবিনা ঐ অভিযুক্ত ব্যক্তির স্থানে লইয়া তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন ইতি।

[পরওয়ানাবিনা মদের দোকানপ্রভৃতিতে প্রবেশ করিবার কথা।]

২৮ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক পরওয়ানা না পাইয়াও সকল মদের দোকানে ও জুয়াখেলার ঘরে, ও অন্য যে২ স্থানে লম্পট ও অনিয়মিতাচারী লোকেরা নিত্য গিয়া থাকে সেই২ স্থানে, ও চোরা জিনিস লইবার লোভে যাহারদের প্রতি হয় তাহারদের বাড়ীতে, ও যে কোন স্থানের কি জাহাজের কি নৌকার কি গাড়িপ্রভৃতির যে ভাগে অপরাধ হইয়াছে কি হইবার কল্পনা আছে এমত বিশ্বাস করিবার উপযুক্ত কারণ থাকে ঐ২ স্থানের সেই২ ভাগে, কিম্বা যে স্থানে চোরা জিনিস থাকিবার উপযুক্ত সন্দেহ থাকে সেইস্থানে প্রবেশ করিয়া সন্ধান লইতে পারিবে। ও সেই স্থানে তখনই অপরাধ সকলরূপে নিবারণের ও তাহার সন্ধান লওয়ার জন্যে আবশ্যক সকল উপায়মতে কার্য্য করিতে পারিবে, ও যে সকল দ্রব্যের বিষয়ে চোরা বলিয়া উপযুক্তমতে সন্দেহ হইতে পারে তাহা, ও যে অপরাধ হইয়াছে বোধ হয় তাহার প্রমাণস্বরূপে যে সকল দ্রব্য ও জিনিস থাকে তাহা আপনার জিম্মায় লইতে পারিবে ও লাওয়ারিস সকল দ্রব্য আপনার জিম্মায় লইতে পারিবে ইতি।

[বাটখারা গজপ্রভৃতি দেখিয়া লইবার কথা।]

২৯ ধারা। পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেব সময়ে২ যে২ হুকুম জারী করিয়া থাকিবেন সেই২ হুকুমমতে পোলীসের যে কর্ম্মকারক ইনস্পেক্টরের পদের নীচ পদস্থ না হন এমত কোন কর্ম্মকারক বাটখারার ও গজপ্রভৃতির ইনস্পেক্টর হইবেন। ও কোন দোকানে কি বাড়ীতে যে সকল বাটখারা ও মাপিবার গজপ্রভৃতি ও ওজন করিবার যন্ত্র থাকে কি ব্যবহার হয় তাহা দেখিবার জন্যে ঐ দোকানে কি বাড়ীতে প্রবেশ করিতে পারিবেন, ও যে কোন বাটখারা কি মাপিবার গজপ্রভৃতি কি ওজন করিবার দ্রব্য বেঁটাড়া জানিবার কারণ থাকে তাহা জ্রোক করিতে পারিবেন ইতি।

[ক্ষুদ্র দোষের নালিশ পোলীসের কর্ম্মকারকের গ্রাহ্য না করিতে হইবার কথা ও বর্জ্জিত কথা।]

৩০ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক ক্ষুদ্র২ অপরাধের কোন নালিশ গ্রাহ্য করিবে না। ও গৃহ'দিতে প্রবেশ ও চড়াউ হওন ও ঝগড়া করণপ্রভৃতি ক্ষুদ্র২ অপরাধ করণের নালিশমতে যাহাকে নিকটে আনা যায় তাহাকে হেফাজতে লইবে না। ও তাদৃশপ্রকারের অপরাধের কোন নালিশ পোলীসের কোন কর্ম্মকারকের নিকটে হইলে, যদি কেবল ফরিয়াদীর নিকটে জিজ্ঞাসা করিলে সেই কথা সত্য হওয়ার সন্দেহ করিবার উপযুক্ত কারণ দেখে, তবে তাহাও সেই কার্য্যকারক গ্রাহ্য করিতে ও তাহার মতে কর্ম্ম করিতে অস্বীকার করিতে পারিবে। পরন্তু সাধারণ অবস্থায় পোলীসের কর্ম্মকারক যে নালিশ গ্রাহ্য করিতে স্বীকার না করিয়া নির্দ্দোষ হইতে পারে, এমত নালিশ যদি না হয়, তবে বিশেষ যে২ কারণে ঐ নালিশ গ্রাহ্য করিতে স্বীকার না করে তাহা সেই

refusing it are to be recorded by such Officer at the time.

[Police Officers may lay informations, &c. Proviso.]

XXXI. It shall be lawful for any Police Officer to lay any information before any Magisterial Officer, and to apply for summons, warrant, search warrant, of such other legal process as may by law issue, and may be expedient under the circumstances, against any person committing an offence against any law or enactment, or against any regulation for the protection of the Revenue, or against any person committing or failing to remove any public nuisance or unwarrantable obstructions, keeping a disorderly house, harbouring thieves, disturbing the peace, obstructing the due course of justice, and the like; and to prosecute such offenders up to final judgment: provided always that any rewards, forfeitures, and penalties, or shares of rewards, forfeitures, or penalties which by law are payable to informers, and all costs of prosecution which may by any enactment be awarded to the prosecutor, shall be paid into the "General Police Fund."

[All warrants, &c., to be executed by members of the Police Force.]

XXXII. From and after the passing of this Act all summonses, warrants, search warrants, warrants of commitment for trial, or orders for escort and conveyance of prisoners, and all other processes issued by any Officer in any criminal proceeding, shall be directed and delivered to Officers of the Police alone; and such processes shall be served and executed by them and none others; provided always that, in all cases of petty offence it shall be lawful for the Magisterial or other Officer issuing a summons to require the party applying for a summons for the appearance of either the defendant or witnesses to deposit and eventually to pay any fee for such summons, and all costs incurred by the Police in serving such process, the same to be paid into the "General Police Fund" for the maintenance of the Police.

[Warrant to be endorsed. Proviso.]

XXXIII. Where any such warrant, order or process shall be directed or delivered to any of the said Officers, unless it be necessary for the due execution thereof that such warrant be executed without delay, the person receiving it shall deliver the same to any Officer authorized for that purpose, who shall take charge of it, and appoint by endorsement thereon one or more Police Officers to execute the same or endorse it to any other Officer for a like purpose; and every Police Officer whose name shall be so endorsed thereon shall have the same powers, privileges, and protection as if the same had origi-

কর্ম্মকারকের সেই সময়ে লিখিয়া রাখিতে হইবে ইতি।

[পোলীসের কর্ম্মকারকেরদের কোন কথাপ্রভৃতি জানাইবার ক্ষমতার কথা ও বর্জ্জিত কথা।]

৩১ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কোন কথার খবর দিতে পারিবে, ও যে কোন লোক কোন আইনের কি বিধানের বিপরীত কি রাজস্ব রক্ষা করিবার কোন বিধির বিপরীত কর্ম্ম করিয়া কোন অপরাধ করে তাহার নামে কিম্বা যে কোন লোক সাধারণ লোকেরদের ঘৃণাজনক কোন কর্ম্ম করে কি উঠাইয়া না দেয় কিম্বা কোন পথপ্রভৃতি অবিধিমতে অবরোধ করিয়া তাহা মুক্ত না করে কিম্বা অনিয়মিত লোকেরদের ঘর রাখে কি চোরকে আশ্রয় দেয় কি শান্তি ভঙ্গ করে, কি যথার্থ বিচার হইবার উপযুক্ত কর্ম্মের বাধা করে, এমত লোকের নামে সমন কি পরওয়ানা কি তলাশী পরওয়ানা কি আদালতের অন্য যে হুকুমনামা আইনমতে জারী হইতে পারে ও বিষয় বুঝিয়া বিহিত হয় তাহা জারী হইবার প্রার্থনা করিতে পারিবে, ও সেই অপরাধির নামে নালিশ করিয়া শেষ হুকুমনামা হওয়াপর্য্যন্ত মোকদ্দমা তদবীর করিতে পারিবে। পরন্তু যে সকল পুরস্কার ও জব্দকরা ও জরীমানার যে সকল টাকা কিম্বা পুরস্কারের কি জব্দকরা কি জরীমানার টাকার যে সকল হিস্যা আইনমতে গোয়েন্দারদিগকে দেওয়া যাইতে পারে ও মোকদ্দমার যে সকল খরচ কোন আইনমতে ফরিয়াদীরদিগকে দেওয়া যাইতে পারে, তাহা পোলীসের সাধারণ ফণ্ডে দেওয়া যাইবে ইতি।

[সকল পরওয়ানাপ্রভৃতি পোলীসের দলের কোন লোকের জারী করিবার কথা।]

৩২ ধারা। এই আইন জারী হইবার সময়াবধি সকল সমন ও পরওয়ানা ও তলাশী পরওয়ানা ও বিচারার্থে সোপর্দ্দ করণের পরওয়ানা, ও কয়েদীদিগকে নেগাহবানীতে রাখিয়া অন্য স্থানে চালান করিবার হুকুম, ও ফৌজদারী কোন মোকদ্দমায় কোন কার্য্যকারক অন্য যে সকল হুকুমনামা জারী করেন তাহা পোলীসের কর্ম্মকারকেরদের নামে দিয়া তাহারদিগকে দেওয়া যাইবে। তাহারাভিন্ন অন্য কেহ সেই সকল হুকুমনামা জারী করিতে ও তাহার মতে কর্ম্ম করিতে পারিবে না। কিন্তু ক্ষুদ্র অপরাধের সকল মোকদ্দমায়, যে জন আসামীর কি সাক্ষিরদের হাজির হইবার সমন জারী হইবার প্রার্থনা করে, তাহাকে মাজিষ্ট্রেট সাহেব কি অন্য যে কর্ম্মকারক সমন জারী করেন তিনি ঐ সমনের নিমিত্তে কোন রসুম অমানৎ করিতে ও সময়মতে দিতে, ও সেই হুকুমনামা জারী করিতে পোলীসের কর্ম্মকারকের যে খরচ হয় তাহা দিতে আজ্ঞা করিতে পারিবেন। সেই টাকা পোলীসের বেতনাদির জন্যে পোলীসের যে সাধারণ ফণ্ড হয় সেই ফণ্ডে দেওয়া যাইবে ইতি।

[পরওয়ানার পৃষ্ঠে লিখিবার কথা ও বর্জ্জিত কথা।]

৩৩ ধারা। যখন সেই প্রকারের কোন পরওয়ানা কি হুকুমনামা উক্ত কোন কর্ম্মকারকেরদের নামে কি কর্ম্মকারকদিগকে দেওয়া যায়, তখন তাহা উপযুক্তমতে জারী হইবার নিমিত্তে অবিলম্বে জারী করা আবশ্যক না হইলে, যে জন তাহা পায় সে ঐ কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন কোন কর্ম্মকারককে তাহা দিবে, সেই জন ঐ পরওয়ানা জিম্মায় লইয়া তাহা জারী করিবার নিমিত্তে তাহার পৃষ্ঠে পোলীসের এক কি অধিক জন কর্ম্মকারকের নাম লিখিবে কিম্বা সেই কর্ম্ম করিবার জন্যে অন্য কর্ম্মকারকের নাম পৃষ্ঠে লিখিয়া তাহাকে দিবে। ও পোলীসের যে কর্ম্মকারকের নাম পৃষ্ঠে লেখা থাকে তাহার নামে ঐ পরওয়ানা প্রথমে দেওয়া গেলে, তাহার

nally been directed to him by name: provided also, that every such process shall be executed with all secrecy and despatch; and shall have full force in any part of the General Police District, except within the limits of the Supreme Court, without further formality or local endorsement; and that all Police Authorities shall every where be assisting in the execution of such process.

[Service of summonses, &c.]

XXXIV. Every summons, notice, or other criminal process may be served on the party named personally, or be left with some adult male member of his family, or a copy thereof may be affixed on some conspicuous part of his usual place of abode; and any party failing or neglecting to obey such summons or notice duly served, shall be liable, at the discretion of the Magistrate or Court that issued the process, to a penalty not exceeding fifty Rupees, unless such person shall be able to prove that he was prevented by unavoidable accident or other satisfactory cause from obeying such summons, notice or the like.

[Warrant without summons.]

XXXV. Any Magisterial Officer may, without issuing any summons, forthwith issue his warrant, to bring before him any person charged with an offence cognizable by him, or whose attendance it may for any reason be necessary to enforce, whenever it shall appear probable that such person will not attend unless compelled so to do.

[Notification of substance of Warrant.]

XXXVI. A Police Officer executing a warrant of arrest shall notify the substance of the warrant, and if required so to do shall show the warrant.

[Warrant how to be executed.]

XXXVII. In making an arrest, the Police Officer executing the warrant shall not be required to touch or confine the person to be arrested, if there be submission to the custody by word or action.

[No unnecessary restraint.]

XXXVIII. After arrest the prisoner shall not be subjected to any more restraint than such as may be necessary to prevent his escape.

[Breaking of outer door or window.]

XXXIX. Any Police Officer authorized by a warrant to arrest a person accused of any offence for which a warrant may issue on complaint, may break open any outer or inner door or window of a dwelling-house, whether that of the person accused or of any other person, in order to execute such warrant,

যেরূপ ক্ষমতা ও অনুগ্রহ ও রক্ষ হইতে পারিত তাহার সেইরূপ ক্ষমতাপ্রভৃতি থাকিবে। পরন্তু সেই প্রকারের প্রত্যেক পরওয়ানা সাধ্যমতে গুপ্তরূপে ও ত্বরা করিয়া জারী করিতে হইবে। ও দাঁড়ামতের অন্য কোন কার্য্য কি স্থানবিশেষে তাহার পৃষ্ঠে অন্য কথা লেখনবিনা তাহা, সুপ্রিম কোর্টের এলাকার সীমানাছাড়া, পোলীসের সাধারণ এলাকার কোন স্থানে সম্পূর্ণরূপে বলবৎ হইবে। ও সকল স্থানে পোলীসের সকল কার্য্যকারক সাহেব ঐ পরওয়ানা জারীর সহায়তা করিতে থাকিবেন ইতি।

[সমনপ্রভৃতি জারী করিবার কথা।]

৩৪ ধারা। প্রত্যেক সমনে কি এত্তেলাতে কি ফৌজদারী অন্য পরওয়ানাতে যাহার নাম লেখা থাকে নিজ সেই লোকের উপর ঐ সমনপ্রভৃতি জারী হইতে পারিবে, কিম্বা তাহার পরিবারের মধ্যে বয়ঃপ্রাপ্ত কোন পুরুষের হাতে দেওয়া যাইতে পারিবে, কিম্বা সেই সমনপ্রভৃতির এক কেতা নকল তাহার নিয়ত বাসস্থানের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইতে পারিবে। ও যদি কোন লোক উপযুক্তমতে জারীকরা তদ্রূপ কোন সমন কি এত্তেলা মানিতে ত্রুটি কি শৈথিল্য করে, তবে মাজিষ্ট্রেট সাহেব কি যে আদালত ঐ পরওয়ানা জারী করেন সেই আদালত আপনার বিবেচনামতে তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা করিতে পারিবেন। কিন্তু যদি সেই লোক অনিবার্য্য কোন দৈবঘটনাতে কি উপযুক্ত অন্য কারণে সেই সমন কি এত্তেলাপ্রভৃতি মানিতে পারে নাই, ইহার প্রমাণ করিতে পারে তবে তাহার জরীমানা হইবে না ইতি।

[সমনবিনা গ্রেফ্তারী পরওয়ানার কথা।]

৩৫ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা যে অপরাধ বিচার্য্য হয় এমত কোন অপরাধের নালিশ যাহার নামে হয় সেই লোককে কিম্বা যে লোককে কোন কারণে বলপূর্ব্বক হাজির করাণ আবশ্যক হয়, সেই লোককে জোর করিয়া না আনাইলে সে হাজির হইবে না এমত সম্ভাবনা থাকিলে, ঐ মাজিষ্ট্রেট সাহেব কোন সমন জারী না করিয়া ঐ লোককে নিকটে আনিতে আপন পরওয়ানা অব্যাজে জারী করিতে পারিবেন ইতি।

[পরওয়ানার মর্ম্মের সম্বাদ দিবার কথা।]

৩৬ ধারা। পোলীসের যে কর্ম্মকারক গ্রেফ্তারী পরওয়ানা জারী করে, সে ঐ পরওয়ানার মর্ম্ম জানাইবে, ও কেহ আদেশ করিলে সেই পরওয়ানা দেখাইবে ইতি।

[পরওয়ানা যেরূপে জারী হইবে তাহার কথা।]

৩৭ ধারা। গ্রেফ্তারী কার্য্য করিতে হইলে, যাহাকে গ্রেফ্তার করিতে হইবে সেই লোক যদি কথা কি কর্ম্ম দ্বারা হেফাজতে যাইতে স্বীকার করে, তবে পোলীসের যে কর্ম্মকারক ঐ পরওয়ানা জারী করে তাহার ঐ লোককে স্পর্শ করা কি করেদ রাখা প্রয়োজন নাই ইতি।

[অনাবশ্যকমতে আটকাইয়া না রাখিবার কথা।]

৩৮ ধারা। গ্রেফ্তার হইলে পর আসামী যাহাতে পলাইতে না পারে এমন আবশ্যক উপায়ছাড়া, তাহাকে অন্য কোন প্রকারে আটক করিয়া রাখিতে হইবেক না ইতি।

[সদর দ্বার কি খিড়কি ভাঙ্গিয়া খুলিবার কথা।]

৩৯ ধারা। যে অপরাধের নালিশ হইলে গ্রেফ্তারের পরওয়ানা জারী হইতে পারে এমত কোন অপরাধের নালিশ যাহার নামে হয়, সেই ব্যক্তিকে গ্রেফ্তার করিতে পোলীসের যে কোন কর্ম্মকারক পরওয়ানাদ্বারা ক্ষমতা পায়, সেই কর্ম্মকারক আপনার ক্ষমতার ও অভিপ্রায়ের সম্বাদ দিলে পর, ও বসত ঘরে প্রবেশ

if, after notification of his authority and purpose, and demand of admittance duly made, he cannot otherwise obtain admittance.

[Breaking open a Zenanah or female apartment.]

XL. If information be received that a person accused of any offence for which a warrant may issue, has concealed himself in a Zenanah or female apartment in the actual occupancy of women, the Officer employed to execute the warrant shall take such precautions as may be necessary to prevent the escape of the accused; and if such person shall not deliver himself up, the Police Officer authorized to execute the warrant may break open the Zenanah, and execute the process entrusted to him, giving sufficient notice to enable any woman in the Zenanah to withdraw, affording her every reasonable facility for doing so.

[Party arrested to be brought immediately to the authority mentioned in the warrant.]

XLI. After arrest made, the Police Officer executing the warrant shall, without unnecessary delay, bring the person arrested before the Magistrate or other authority described in the warrant.

[No threat or promise to compel disclosure by party arrested.]

XLII. No Police Officer shall offer to the person arrested any inducement by threat or promise, or otherwise, to make any disclosure. But no Police Officer shall prevent the persons arrested, by any caution or otherwise, from making any disclosure which he may be disposed to make of his own free will.

[Police Officer may require assistance. Penalty.]

XLIII. If any Police Officer shall at any time find himself unable to effect an arrest, it shall be lawful for him to require any and every person present to assist and aid him in making the arrest; and any person who shall refuse or neglect to comply with such requisition, shall be liable on conviction before any Magisterial Officer to a fine not exceeding fifty Rupees, or to imprisonment for a period not exceeding three months, or both.

[Penalties for neglect of duty, &c.]

XLIV. Every Police Officer who shall be guilty of any violation of duty or wilful breach or neglect of any regulations and lawful orders of other competent authority and not punishable under Section X. of this Act; or who shall cease to perform the duties of his office without leave, or without having given

করিবার অনুমতি উপযুক্তরূপে চাহিলে পর, যদি অন্য কোন প্রকারে প্রবেশ করিতে না পারে তবে সেই পরওয়ানা জারী করিবার নিমিত্তে ঐ ঘরের সদর কি মফঃসল দ্বার কি খিড়কি ভাঙ্গিয়া খুলিতে পারিবে, সেই ঘর ঐ অভিযুক্ত ব্যক্তির হউক কি অন্য কোন লোকের হউক তাহা করিতে পারিবে ইতি।

[অন্তঃপুরের দ্বার ভাঙ্গিয়া খুলিবার কথা।]

৪০ ধারা। যে অপরাধের নিমিত্তে গ্রেফ্তারী পরওয়ানা জারী হইতে পারে এমত কোন অপরাধের নালিশ যাহার নামে হইয়াছে সেই লোক অন্তঃপুরে কিম্বা যে ঘরে স্ত্রীলোকেরা নিতান্ত আছে তাহাতে লুকাইয়া রহিয়াছে এইরূপ সম্বাদ যদি পাওয়া যায়, তবে ঐ পরওয়ানা জারী করিতে যে কর্ম্মকারককে দেওয়া গিয়াছে সেই কর্ম্মকারক ঐ অভিযুক্ত ব্যক্তির পলাইতে না পারিবার আবশ্যক সকল কর্ম্ম করিবে ও যদি সেই লোক আপনাকে ধরা না দেয়, তবে ঐ পরওয়ানা জারী করিবার ক্ষমতা পোলীসের যে কর্ম্মকারককে দেওয়া যায় সেই কর্ম্মকারক, ঐ অন্তঃপুরের কোন স্ত্রীলোককে চলিয়া যাইবার উপযুক্ত মতের এত্তেলা দিয়া ও তাহার চলিয়া যাইবার উপযুক্তমতের সকল সুযোগ করাইয়া দিলে পর, ঐ অন্তঃপুরের দ্বার ভাঙ্গিয়া খুলিয়া আপনার প্রতি অর্পিত ঐ পরওয়ানা জারী করিতে পারিবে ইতি।

[গ্রেফ্তারকরা লোককে অধ্যক্ষে পরওয়ানার লিখিত কার্য্যকারকের নিকটে আনিবার কথা।]

৪১ ধারা। ঐ লোককে গ্রেফ্তার করিলে পর পোলীসের যে কর্ম্মকারক পরওয়ানা জারী করে, সে অনাবশ্যক কিছু বিলম্ব না করিয়া ঐ গ্রেফ্তারকরা লোককে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পরওয়ানার লিখিত অন্য কার্য্যকারকের সম্মুখে আনিবে ইতি।

[গ্রেফ্তারকরা লোকের কোন কথা প্রকাশ করাইবার জন্যে তাহাকে ভয় জন্মাইবার কথা না কহিবার কি কোন আশা না দিবার কথা।]

৪২ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক গ্রেফ্তারকরা লোককে ভয় দর্শাইয়া কি কোন আশা দিয়া কি অন্য কর্ম্ম করিয়া কোন কথা প্রকাশ করিবার প্রবৃত্তি দিবে না। কিন্তু গ্রেফ্তারকরা ঐ লোক যদি আপন ইচ্ছামতে কোন কথা প্রকাশ করিতে চাহে তবে পোলীসের কর্ম্মকারক তাহাকে সাবধান করাইয়া কি অন্য কোন প্রকারে বারণ করিবে না ইতি।

[কোন লোকের স্থানে পোলীসের কর্ম্মকারকের সাহায্য চাহিয়া লইতে পারিবার কথা ও দণ্ডের কথা।]

৪৩ ধারা। যদি পোলীসের কোন কর্ম্মকারক কোন সময়ে কোন লোককে গ্রেফ্তার করিতে আপনাকে অসমর্থ জানে তবে সে গ্রেফ্তার করিবার কার্য্যেতে বর্ত্তমান কোন লোককে ও প্রত্যেক জনকে আপনার সাহায্য ও উপকার করিতে হুকুম করিতে পারিবে ও সেই হুকুমমতে কার্য্য করিতে যে কেহ স্বীকার না করে কি শৈথিল্য করে, তাহার ঐ দোষ কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাবুদ হইলে, তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে কিম্বা সে তিন মাসের অনধিক কাল কয়েদ হইতে পারিবে কিম্বা তাহার ঐ উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

[উপযুক্ত কর্ম্মেতে শৈথিল্যপ্রভৃতি হইলে তাহার দণ্ডের কথা।]

৪৪ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক যদি কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি করিবার দোষী হয়, কিম্বা কোন আইন কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কর্ম্মকারকের আইনমতের কোন হুকুম ইচ্ছাপূর্ব্বক লঙ্ঘন করিবার কি মানিতে শৈথিল্য করিবার দোষী হয়, ও এই আইনমতের ১০ ধারাক্রমে তাহার দণ্ড হইতে না পারে, কিম্বা যদি কোন

two months' notice, as provided by this enactment; or engage without authority in any employment other than his Police duty; who shall be guilty of prevarication in any judicial trial; or who shall maliciously and without probable cause, prefer any false, vexatious, or frivolous charge or information against any individual; or who shall knowingly and wilfully, and with evil intent, exceed his powers; or shall be guilty of any wilful and culpable neglect of duty in not bringing any person, who shall be in his custody without a warrant, before a Magisterial Officer as hereinbefore provided; or who shall allow any person in his custody to escape; or who shall offer any unwarrantable personal violence to any person in his custody, shall be liable on conviction by a Magisterial Officer to a penalty not exceeding three months' pay, or to imprisonment with or without hard labor for a period not exceeding three months, or both.

[Penalty for receiving unauthorized fees, &c.]

XLV. Any Police Officer who shall on any pretext or under any circumstance, directly or indirectly, collect or receive any fee, gratuity, diet money, allowance, or recompense, other than he may be duly authorized by the Inspector General or other Officer acting under his order to collect or receive, shall on conviction before any Magisterial Officer be liable to a penalty not exceeding six months' pay, or to imprisonment with or without hard labor not exceeding six months, or both.

[Penalty for extortion, &c.]

XLVI. Any Police Officer, who shall directly or indirectly extort, exact, seek, or obtain any bribe or unauthorized reward or consideration, by any illegal threat or pretence, or for doing or omitting or delaying to do any act which it may be his duty to do, or to cause to be done; or for withholding or delaying any information which he is bound to afford or to communicate; or who shall connive at the escape of any person in his custody; or who shall attempt to commit any of the said offences; or shall be guilty of cowardice, shall be liable upon conviction before any Magisterial Officer to a fine not exceeding twelve months' pay, or to imprisonment with or without hard labor not exceeding twelve months, or both. Provided always that nothing in the three last preceding Sections shall be deemed to preclude such Magisterial Officer from committing for trial any cases of this nature too serious for his cognizance.

কর্ম্মকারক এই আইনের বিধানমতে ছুটী না পাইয়া কিম্বা দুই মাসের এত্তেলা না দিয়া আপনার পদের কর্ত্তব্য কর্ম্ম করিতে ক্ষান্ত হয়, কিম্বা অনুমতি না পাইয়া আপন পোলীসসংক্রান্ত কর্ম্মছাড়া অন্য কোন কর্ম্মেতে লিপ্ত হয়, কিম্বা কোন মোকদ্দমার বিচারকালে কোন অপ্রকৃত কথা কহিবার দোষী হয়, কিম্বা যদি ঈর্ষ্যা করিয়া ও সম্ভাবিত কোন কারণ না থাকিলে, কোন লোকের নামে মিথ্যা কি ক্লেশদায়ক কি তুচ্ছ অপরাধের নালিশ করে কি খবর দেয়, কিম্বা জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক ও কুঅভিপ্রায়ে আপনার ক্ষমতার অতিরিক্ত কর্ম্ম করে কিম্বা পরওয়ানাবিনা যে লোক তাহার হেফাজতে থাকে এমত কোন লোককে পূর্ব্ব বিধানমতে কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে না আনাতে কর্ত্তব্য কর্ম্মে ইচ্ছাপূর্ব্বক ও দোষভাবে শৈথিল্য করিবার দোষী হয়, কিম্বা আপন হেফাজতে থাকা কোন ব্যক্তিকে যদি পলাইতে দেয়, কিম্বা আপন হেফাজতে থাকা কোন লোকের উপর বেআইনীমতে কোন অত্যাচার করে, তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাবুদ হইলে, তাহার তিন মাসের অনধিক বেতনের জরীমানা হইতে পারিবে কিম্বা সে তিন মাসের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে কয়েদ হইতে পারিবেক কিম্বা তাহার ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

[অনিয়মিত রসুমপ্রভৃতি লইবার দণ্ডের কথা।]

৪৫ ধারা। ইন্‌স্পেক্টর্‌ জেনরল সাহেবের কি তাঁহার হুকুমমতে কর্ম্মকারি অন্য কার্য্যকারকের অনুমতিক্রমে পোলীসের কোন কর্ম্মকারক উপযুক্তমতে যে কোন রসুম কি বকশীশ কি খোরাকী কি খরচ কি পুরস্কার উসুল করিতে কি গ্রহণ করিতে পারে, তাহাছাড়া যদি সে কোন প্রকারের ছলে কি কোন গতিকে সপষ্টরূপে কি চক্রান্তে উক্ত কিছু রসুমপ্রভৃতি উসুল কি গ্রহণ করে, তবে তাহা কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাবুদ হইলে, তাহার ছয় মাসের অনধিক বেতনের জরীমানা হইতে পারিবে কিম্বা সে কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে ছয় মাসের অনধিক মিয়াদে কয়েদ হইতে পারিবে কিম্বা তাহার ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

[ভয় দেখাইয়া টাকা লওয়াইত্যাদির দণ্ডের কথা।]

৪৬ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক যদি বেআইনীমতের কোন ভয় দেখাইয়া কি ছল করিয়া, কিম্বা তাহার যে কর্ম্ম করিতে কি করাইতে হয় এমত কর্ম্ম করিবার কি সেই কর্ম্ম করিতে ত্রুটি কি বিলম্ব করিবার নিমিত্তে কিম্বা তাহার যে সম্বাদ অবশ্য দিতে কি জানাইতে হয় তাহা না দিবার কি দিতে বিলম্ব করিবার নিমিত্তে, কোন ঘুষ কি বিনানুমতির কোন পুরস্কার কি টাকা কি দ্রব্যাদি সপষ্টরূপে কি চক্রান্তে ভয় দেখাইয়া কি জোর করিয়া লয়, কি লইতে চেষ্টা করে কি পায়, কিম্বা যে লোক তাহার হেফাজতে থাকে তাহার পলায়নের কার্য্য জানিয়া না জানিবার মত করে, কিম্বা যদি উক্ত কোন অপরাধ করিতে উদ্যোগ করে, কি ভীরুভাবের দোষী হয়, তবে তাহা কোন মাজিষ্ট্রেট সাহেবের গোচরে সাবুদ হইলে তাহার বারো মাসের অনধিক বেতনের জরীমানা হইতে পারিবে. কিম্বা সে কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে বারো মাসের অনধিক কাল কয়েদ হইতে পারিবে কিম্বা তাহার ঐ দুই দণ্ড হইতে পারিবে। পরন্তু এই প্রকারের কোন বিষয়ের বিচার অতিগুরুতর হইয়া মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে না থাকিলে' ইহার পূর্ব্বের তিন ধারার কোন কথাতে তাঁহার সেই মোকদ্দমা বিচারার্থে সোপর্দ্দ করণের কোন বাধা হইবে না ইতি।

[Penalty for obstructing a Police Officer in the execution of his duty.]

XLVII. If any person shall assault or resist any Police Officer in the execution of his duty, or shall aid or incite any other person so to do, or shall maliciously, and without probable cause, prefer any false or frivolous charge against any Police Officer, he shall, on conviction of such offence before any Magisterial Officer, be liable to a fine not exceeding two hundred Rupees, or to imprisonment with or without hard labor not exceeding six months, or both.

[পোলীসের কর্ম্মকারক আপন কর্ত্তব্য কর্ম্ম করিতেছে এমন সময়ে তাহার বাধা করিবার দণ্ডের কথা।]

৪৭ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক আপন কর্ত্তব্য কর্ম্ম করিতেছে এমন সময়ে যদি কোন লোক তাহার উপর চড়াও হয় কি তাহার বাধা করে, কিম্বা অন্য কোন কাহাকে তাহা করিতে সাহায্য করে কি প্রবৃত্তি দেয়, কিম্বা ঈর্ষাতে কি সম্ভাবিত কারণ না থাকিলে পোলীসের কোন কর্ম্মকারকের নামে কোন মিথ্যা কি তুচ্ছ নালিশ করে, তবে তাহা কোন মাজিষ্টেট সাহেবের সম্মুখে সাবুদ হইলে, ঐ লোকের দুই শত টাকা-পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে, কিম্বা সে কঠিন পরিশ্রমসহিত কি বিনাপরিশ্রমে ছয় মাসের অনধিক মিয়াদে কয়েদ হইতে পারিবেক কি তাহার ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

[Certain duties of Police Officers. Obstructions and nuisances in roads.]

XLVIII. Any person who, in any street or road, thoroughfare, or passage, within the limits of any Town, commits any of the following offences, to the obstruction, inconvenience, annoyance, risk, or damage of the residents and passengers, shall, on conviction before any Magisterial Officer, be liable to a fine not exceeding fifty Rupees, or to imprisonment not exceeding eight days; and it shall be lawful for any Police Officer to take into custody without a warrant any person who within his view commits any offence—

[পোলীসের কর্ম্মকারকেরদের কর্ত্তব্য কোন২ কর্ম্মের কথা ও রাস্তা অবরোধ করিবার ও ঘৃণাজনক বিষয়ের কথা।]

৪৮ ধারা। যদি কোন লোক কোন নগরের সীমানার মধ্যের কোন রাস্তায় কি পথকে কি লোকেরদের যাতায়াত করিবার কোন পথে নিবাসি লোকেরদের কি পথিকেরদের বাধাজনক কি ক্লেশদায়ক কি বৈরক্তিজনক কি আপদ কি ক্ষতিজনক নীচের লিখিত কোন অপরাধ করে, তবে তাহা কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাবুদ হইলে, তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে, কিম্বা সে আট দিনের অনধিক কাল কয়েদ হইতে পারিবে। ও পোলীসের কোন কর্ম্মকারকের সাক্ষাতে যে কোন লোক কোন অপরাধ করে তাহাকে সেই কর্ম্মকারক বিনাপরওয়ানাতে হেফাজতে লইতে পারিবে। এ অপরাধ এই২।

[Slaughtering cattle, furious riding, &c.]

[গোমেষাদিকে জবাই করণ ও অতিবেগে হাঁকানপ্রভৃতির কথা।]

First. Any person who shall slaughter any cattle or clean any carcase in the streets; any person riding or driving any cattle recklessly and furiously, or training or breaking any horse or other cattle on or near any public road, to the danger of the passers-by.

প্রথম। যে কেহ রাস্তায় কোন গোমেষাদিকে জবাই করে, কি কোন লাশ সাফ করে। ও যে কেহ পথিকেরদের সঙ্কটজনক ভাবে অবিবেচনামতে ও অতিবেগে কোন জন্তুর উপর চড়িয়া যায় কি তাহাকে হাঁকায় কিম্বা সরকারী কোন রাস্তায় কি রাস্তার নিকটে কোন ঘোড়াকে কি অন্য জন্তুকে শিখায় কি গাড়ি টানিতে শিখায় সেই লোক।

[Cruelty to animals.]

[জীবজন্তুর প্রতি নির্দ্দয়াচারের কথা।]

Second. Any person who wantonly or cruelly beats, abuses, or tortures any animal.

দ্বিতীয়। যে কেহ কোন পশুকে অকারণে কি নির্দ্দয়রূপে মারে কি তাহার প্রতি অত্যাচার করে কি যাতনা দেয় সেই লোক।

[Obstructing passengers.]

[পথিকেরদের পথ অবরোধ করিবার কথা।]

Third. Any person who shall keep any cattle or conveyance of any kind standing in any road or street longer than is required for loading or unloading, or for taking up or setting down passengers; or who shall leave any conveyance in such a manner as to cause inconvenience or danger to the public.

তৃতীয়। কোন গাড়িতে বোঝাই দ্রব্য দিবার কি গাড়িহইতে উঠাইয়া লইবার জন্যে কিম্বা চড়নদারেরদের উঠিবার কি নামিবার জন্যে যত সময় প্রয়োজন হয় তাহার অধিক কাল যদি কেহ কোন ঘোড়াপ্রভৃতি কি কোন প্রকারের গাড়ি কোন রাস্তায় কি পথে দাঁড় করাইয়া রাখে কিম্বা সাধারণ লোকেরদের ক্লেশ কি বিপদ যাহাতে হইতে পারে এমন ভাবে কোন গাড়ি রাখে সেই লোক।

[Exposing goods for sale on roads.]

[কোন মাল বিক্রয়ার্থে রাস্তায় রাখিবার কথা।]

Fourth. Any person exposing goods for sale on the roads so as to obstruct passengers.

চতুর্থ। যে কোন লোক কোন মাল বিক্রয়ার্থে রাস্তায় এমন রাখে যে তাহাতে পথিকেরদের পথ অবরুদ্ধ হয় সেই লোক।

[Throwing dirt into street.]

[রাস্তায় ময়লা দ্রব্যাদি ফেলিবার কথা।]

Fifth. Any person who throws or lays down any dirt, filth, rubbish, or any stones or building materials; or who constructs any cowsheds, stable, or the like, within the bounds of any thoroughfare; or who causes any offensive matter to run from any

পঞ্চম। যে কেহ লোকেরদের গমনাগমনের পথের সীমার উপর কোন ময়লা দ্রব্য কি জঞ্জাল কি রাবিশ কি ইট কি ঘর করিবার সরঞ্জাম ফেলে কি রাখে কিম্বা যে কেহ কোন গোশলা কি আস্তাবলপ্রভৃতি করে, কিম্বা

house, factory, dung-heap, or the like, into the street.

[Being found drunk in any thoroughfare.]

Sixth. Any person found in any thoroughfare drunk and riotous, or incapable of taking care of himself.

[Indecent exposure of person.]

Seventh. Any person who wilfully and indecently exposes his person, or any offensive deformity or disease, or commits nuisance by easing himself in or by the side of, or near any public street or thoroughfare; or by bathing or washing in any tank or reservoir not being a place set apart for that purpose.

[Neglect to protect dangerous places.]

Eighth. A person who neglects to fence in, or duly to protect any well, tank, or other dangerous place or structure.

[Regulations of public procession, &c., and of carriages and persons at places of public resort. Licenses for use of music in streets.]

XLIX. The Superintendent and Superior Officers of Police may as occasion requires, direct the conduct of all assemblies and processions in the public roads, streets, or thoroughfares; prescribe the routes by which, and the times at which such processions may pass; keep order in the public roads, streets, thoroughfares, ghauts, and landing places, and all other places of public resort; and prevent obstructions on the occasions of such assemblies and processions and in the neighbourhood of places of worship during the time of public worship, and in any case when the roads, streets or thoroughfares, ghauts or landing places, may be thronged or may be liable to be obstructed. They may also regulate the use of music in the streets, on the occasion of native festivals and ceremonies; and may direct all crowds of twelve or more persons to disperse, when they have reason to apprehend any breach of the peace; and every person opposing, or not obeying the orders so issued as aforesaid, or violating the conditions of any license granted by such Superintendent or other Officers for the use of such music, or for the assembling of any such body of persons, shall be liable to a fine not exceeding two hundred Rupees. Provided always that nothing in this Section contained shall be deemed to interfere with the general control of the Magistrate over such matters.

[Jurisdiction. Proviso.]

L. In all cases of convictions under this Act, the Magisterial Officer trying the case shall be restrained within the limits of his ordinary jurisdiction as to the amount of fine or imprisonment he may inflict: provided always that such charges against Police Officers above the rank of a Constable

কোন ঘর কি কুঠী কি গোবরের গাদিপ্রভৃতিহইতে কোন দুর্গন্ধ বিষয় রাস্তায় পড়িতে দেয় সেই লোক।

[লোকেরদের গমনাগমনের কোন পথে মাতাল হইয়া থাকিবার কথা।]

ষষ্ঠ। মাতাল ও দাঙ্গাবাজ কি আপনার খবরদারী করিবার অপারক যে কোন লোককে গমনাগমনের কোন পথে পাওয়া যায় সেই লোক।

[নির্লজ্জরূপে অঙ্গ প্রকাশের কথা।]

সপ্তম। যে কেহ কোন সরকারী রাস্তায় কি লোকেরদের যাতায়াত করিবার পথে কি তাহার পার্শ্বে কি নিকটে ইচ্ছাপূর্ব্বক ও নির্লজ্জরূপে আপনার অঙ্গ প্রকাশ করে কিম্বা ঘৃণাজনক কোন অঙ্গের বিকৃতি কি রোগ দেখায়, কি বাহ্য করিয়া অনিষ্ট কর্ম্ম করে, কিম্বা স্নান করিবার কি গা ধুইবার নিরূপিত স্থানভিন্ন কোন পুকুরে কি জলাশয়ে স্নান করে কি গা ধোয় সেই লোক।

[আপদজনক স্থানে বেড়া দিবার ত্রুটির কথা।]

অষ্টম। যে কেহ কোন ইঁদারাতে কি পুকুরে কিআশঙ্কাজনক অন্য স্থানে কি গাঁথনিতে বেড়া দিতে কি তাহা উপযুক্তমতে রক্ষা করিতে ত্রুটি করে সেই লোক।

সর্ব্ব সাধারণ লোকেরদের গমনীয় স্থানে যাত্রাপ্রভৃতির ও গাড়ির ও লোকেরদের বিধির কথা ও রাস্তায় বাদ্য বাজাইবার অনুমতিপত্রের কথা।]

৪৯ ধারা। পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ও উপরিস্থ কার্য্যকারকেরা প্রয়োজনমতে সরকারী রাস্তায় ও শড়কে ও লোকেরদের যাতায়াত করিবার পথে যত লোক জমায়তের ও যাত্রার নিয়ম করিবেন। ও সেই যাত্রার যে পথ দিয়া যে সময়ে যাইতে হইবে, তাহা নিরূপণ করিবেন। ও সরকারী রাস্তায় ও শড়কে ও লোকেরদের গমনাগমনের পথে ও ঘাটে ও নৌকাহইতে উত্তরিবার স্থানে ও সাধারণ লোকেরা অন্য যে সকল স্থানে গিয়া থাকে সেই২ স্থানে সুনিয়ম রক্ষা করিবেন। ও সেইপ্রকারের লোক জমায়ত ও যাত্রা যে সময়ে হয়, ও গির্জা হইবার সময়ে গির্জা ঘরের নিকট স্থানে, পথ অবরোধ হইতে দিবেন না, ও যে কোন সময়ে রাস্তায় কি শড়কে কি লোকেরদের যাতায়াত করিবার পথে কি ঘাটে কি নৌকাহইতে উত্তরিবার স্থানে অনেক লোকের সমাগম হইতে পারে ও পথ অবরোধ হইবার সম্ভাবনা হয় সেই সময়ে পথ অবরোধ হইতে দিবেন না। আরো এদেশীয় পূজা ও বিবাহপ্রভৃতির যাত্রা হইবার সময়ে রাস্তায় বাদ্য বাজাইবার নিয়ম করিবেন। ও যদি শান্তিভঙ্গ হইবার সন্দেহ থাকে তবে বারো কি তাহার অধিক জন জমায়ত হইলে তাহারদিগকে চলিয়া যাইতে হুকুম করিবেন। ও যে কেহ বাধা করে কি উক্তমতের জারীকরা হুকুম না মানে, কিম্বা ঐ বাদ্য বাজাইবার কি লোক জমায়ত হইবার যে কোন অনুমতিপত্র ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব কি অন্য কার্য্যকারকেরা দিয়া থাকেন সেই অনুমতিপত্রের নিয়ম লঙ্ঘন করে, তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। কিন্তু তদ্রূপ বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের যে সাধারণ কর্ত্তৃত্ব থাকে তাহার কিছু হানি এই ধারার কোন কথাতে হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[এলাকার কথা ও বর্জিত কথা।]

৫০ ধারা। এই আইনমতে যখন তাহার দোষ সাবুদ হয়, তখন যে মাজিষ্ট্রেট সাহেব ঐ মোকদ্দমার বিচার করেন, তাঁহার যত টাকা জরীমানা করিবার কি যত কাল কয়েদ করিবার ক্ষমতা সাধারণমতে থাকে তাহার অধিক জরীমানা কি অধিক কাল কয়েদ করিবেন না। কিন্তু কনষ্টাবলের (অর্থাৎ সার্জ্জনের) উপর পোলীসের যে কর্ম্মকারক থাকে তাহার নামে উক্ত প্রকারের নালিশ হইলে, তাহার বিচার মাজিষ্ট্রেটের

shall only be adjudicated on by Officers exercising the full powers of a Magistrate.

[Power to prosecute not affected. Proviso.]

LI. Nothing contained in this Act shall be construed to prevent any person from being prosecuted for any offence made punishable on conviction by this Act; or to prevent any person from being liable under any other Law, Regulation, or Act, to any other or higher penalty or punishment than is provided for such offence by this Act. Provided always that no person shall be punished twice for the same offence.

[Levy of fines.]

LII. All fines and penalties imposed, and all sums of money recoverable under the authority of this Act, may, in case of non-payment thereof, be levied by distress and sale of the goods and chattels of the offender by warrant of the Magisterial Officer in manner provided by Law.

[Limitation of action. Proviso.]

LIII. All actions and prosecutions against any person, which may be lawfully brought for any thing done or intended to be done, under the provisions of this Act, or under the general Police powers hereby given, shall be commenced within three months after the act complained of shall have been committed, and not otherwise; and notice in writing of such action, and of the cause thereof, shall be given to the defendant, or to the Superintendent or other superior Officer of the District in which the act was committed one month at least before the commencement of the action. And no plaintiff shall recover in any such action if tender of sufficient amends shall have been made before such action brought, or if a sufficient sum of money shall have been paid into Court after such action brought, by or on behalf of the defendant; and though a decree shall be given for the plaintiff in any such action, such plaintiff shall not have costs against the defendant; unless the Judge, before whom the trial shall be, shall certify his approbation of the action: provided always that no action shall in any case lie where such Officers shall have been prosecuted criminally for the same act.

[Plea that act was done under a warrant. Proviso.]

LIV. When any action, prosecution, or proceeding shall be brought against any Police Officer for any act done by him in such capacity, it shall be lawful for him to plead that such act was done by him under the authority of warrant issued by a Magisterial Officer. And such plea shall be proved by the production of the warrant directing the act and purporting to be signed by such Magisterial Officer. And the defendant shall thereupon be entitled to

সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারক বিনা অন্য কেহ করিতে পারিবেন না ইতি।

[নালিশ করিবার ক্ষমতা বজায় থাকিবার কথা ও বর্জ্জিত কথা।]

৫১ ধারা। এই আইনমতে সাবুদ হইয়া যে দোষের দণ্ড হইতে পারিবে, এমত কোন দোষের নিমিত্তে কোন লোকের নামে নালিশ হইবার নিষেধ হইয়াছে এই আইনের লিখিত কোন কথার এমত অর্থ করিতে হইবে না। কিম্বা এই আইনেতে ঐ অপরাধের জন্যে কোন লোকের যত জরীমানা কি দণ্ড হইতে পারে তাহাহইতে অধিক দণ্ড কি জরীমানা অন্য কোন বিধান কি আইন কি আক্টদ্বারা হইতে পারিলে, এই আইনপ্রযুক্ত তাহা না হইতে পারে এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবে না। কেবল একি অপরাধের জন্যে একি জনের দুই দণ্ড না হয় ইতি।

[জরীমানার টাকা আদায়ের কথা।]

৫২ ধারা। এই আইনের শক্তিক্রমে যে সকল জরীমানার ও অর্থদণ্ডের হুকুম হয় ও যে সকল টাকা আদায় হইতে পারিবে তাহা যদি না দেওয়া যায় তবে আইনের নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেট সাহেবের পরওয়ানাক্রমে অপরাধির মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া ঐ টাকা উসুল হইতে পারিবে ইতি।

[নালিশ করিবার মিয়াদের কথা ও বর্জ্জিত কথা।]

৫৩ ধারা। যে কোন ক্রিয়া করা যায় কি করিবার কল্পনা হয় তাহার জন্যে এই আইনের বিধানমতে কিম্বা এই আইনদ্বারা পোলীসের সাধারণ যে ক্ষমতা দেওয়া যায় সেই ক্ষমতামতে কোন লোকের নামে যে সকল দাবীর নালিশ ও মোকদ্দমা হইতে পারে, তাহা যে ক্রিয়ার নালিশ হয় সেই ক্রিয়া করা যাইবার পর তিন মাসের মধ্যে করিতে হইবেক তাহার পর নয়। ও সেই দাবীর নালিশ আরম্ভ করিবার পূর্ব্বে অতি কম এক মাস থাকিতে ঐ নালিশ হইবার সম্বাদ ও তাহার কারণ লিখিয়া আসামীকে, কিম্বা ঐ ক্রিয়া যে এলাকার মধ্যে করা গিয়াছিল সেই এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে কি উপরিস্থ অন্য কার্য্যকারককে দিতে হইবেক। ও সেই নালিশ উপস্থিত হইবার পূর্ব্বে যদি ক্ষতি শোধের উপযুক্ত টাকা দিবার প্রস্তাব হয়, কিম্বা সেই নালিশ উপস্থিত হইবার পরে যদি আসামীর দ্বারা কি তাহার পক্ষে উপযুক্ত টাকা আদালতে দাখিল করা যায়, তবে ফরিয়াদী সেই দাবীর নালিশমতে কিছু পাইতে পারিবে না ও সেই দাবীর নালিশমতে মোকদ্দমা হইয়া যদিও ফরিয়াদীর পক্ষে ডিক্রী হয় তথাপি আসামীর স্থানে ফরিয়াদীর খরচা পাইবার হুকুম হইবে না। কেবল যে জজ সাহেবের সম্মুখে মোকদ্দমার বিচার হয় তিনি যদি সেই নালিশের বিষয়ে আপনার সম্মতি জানান তবে খরচা পাইতে পারিবে। কিন্তু যে কর্ম্মকারকেরদের নামে যে ক্রিয়ার নিমিত্তে ফৌজদারী নালিশ হয় তাহারদের নামে সেই ক্রিয়ার নিমিত্তে দাবীর নালিশ হইতে পারিবেক না ইতি।

[সেই ক্রিয়া পরওয়ানামতে করা গেল এইরূপ জওয়াবের কথা ও বর্জ্জিত কথা।]

৫৪ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক আপন পদোপলক্ষে যে ক্রিয়া করে তাহার জন্যে যদি কোন দাবীর কি অন্য নালিশ কি মোকদ্দমা করা যায়, তবে সে কর্ম্মকারক এই জওয়াব করিতে পারিবে, যে, মাজিষ্ট্রেট সাহেবের জারীকরা পরওয়ানার শক্তিতে আমি ঐ কার্য্য করিয়াছিলাম। তাহাতে যে পরওয়ানাতে ঐ কার্য্য করিবার হুকুম হয় ঐ মাজিষ্ট্রেট সাহেবের দস্তখৎথাকার ভাবপ্রকাশক সেই পরওয়ানা দেখাইয়া ঐ জওয়াবের প্রমাণ করিতে হইবে। তাহা হইলে ঐ

decree in his favor, notwithstanding any defect of jurisdiction in such Magisterial Officer. And no proof of the signature of such Official shall be necessary, unless the Court shall see reason to doubt its being genuine: provided always that any remedy which the party may have against the authority issuing such warrant shall remain entire.

[Scope of Act.]

LV. This Act shall take effect in any and every such District as the Governor General in Council shall appoint by notification published in the Official Gazette.

FORM A.

A. B. has been appointed a Member of the Police Force under Act and is vested with the powers, functions, and privileges of a Police Officer.

M. WYLIE,
Clerk of the Council.

No. 1828.

Fort William, the 25th September 1860.

Notification.

Under the authority given by Section XVIII. of Act XXXVI. of 1860, the Governor General in Council is pleased to make the following Orders :—

I. In the Districts under the Punjab Government, and in the Province of Oude, there shall be charged upon Plaints the following scale of Stamp Duty, in lieu of that prescribed in Article 6 of Schedule B. of the said Act :—

		Rs.	As.
If the amount or value of the property claimed shall not exceed	8 Rs.	0	4
Above 8 and not exceeding	12 ,,	0	8
,, 12 ,, ,, ...	16 ,,	1	0
,, 16 ,, ,, ...	32 ,,	2	0

and thereafter as in Schedule B.

II. In all Districts in which Act X. of 1859 is in operation, Petitions of plaint in Suits for the recovery of arrears of rent, or of money in the hands of an Agent, instituted in the Courts of Collectors, under Act X. of 1859, shall be written on Paper bearing a Stamp of one-fourth the value prescribed by Article 6 of Schedule B. of Act No. XXXVI. of 1860, for Petitions of Plaint in Suits instituted in any Civil Court. Petitions of Plaint in all other Suits instituted in the Courts of Collectors, under Act X. of 1859, shall be written on Paper bearing a Stamp of the value of eight annas.

III. In the Province of Scinde the several Deeds, Instruments, and Writings specified in Sche-

মাজিষ্ট্রেট সাহেবের এলাকার কোন ত্রুটি থাকিলেও আসামী ডিক্রী পাইতে পারিবেক। আরও ঐ পরওয়ানাতে যে দস্তখৎ থাকে তাহা মাজিষ্ট্রেট সাহেবের প্রকৃত দস্তখৎ নয় আদালতের যদি এমত সন্দেহ করিবার কারণ না থাকে, তবে ঐ দস্তখতের প্রমাণ লওয়ার আবশ্যক নাই। পরন্তু যে কার্য্যকারক সাহেব ঐ পরওয়ানা জারী করেন তাঁহার নামে ফরিয়াদীর মোকদ্দমা করিবার যে ক্ষমতা থাকে তাহা সম্পূর্ণ থাকিবেক ইতি।

[এই আইন যত দূর খাটিবে তাহার কথা।]

৫৫ ধারা। হজুর কৌন্সেল শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সরকারী গেজেটে ইশ্তিহার প্রকাশ করিয়া যে কোন ও যে২ জিলাতে এই আইন চলন করান সেই২ জিলাতে এই আইন চলিবে ইতি।

A চিহ্নিত পাঠ।

অমুকনামক ব্যক্তিকে অমুক আইনমতে পোলীসের দলের এক জন নিযুক্ত করা গিয়াছে ও পোলীসের কর্ম্মকারকের ক্ষমতা ও কর্ম্ম ও অনুগ্রহাদি তাহাকে দেওয়া গেল।

এম ওয়াইলি।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

১৮২৮ নম্বর।
ফোর্ট উলিয়ম।
ইঙ্গরেজী ১৮৬০ সাল ২৫ সেপ্টেম্বর।

বিজ্ঞাপন।

ইঙ্গরেজী ১৮৬০ সালের ৩৬ আইনের ১৮ ধারামতে যে ক্ষমতা দেওয়া গেল তদনুসারে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এই২ হুকুম করিয়াছেন।

১। নালিশের আরজীর নিমিত্তে ঐ আইনের B চিহ্নিত তফসীলের ৬ প্রকরণেতে ইষ্টাম্পের যে মামুল নির্দ্দিষ্ট হইয়াছে তাহার পরিবর্ত্তে পঞ্জাব দেশের গবর্ণমেণ্টের সকল জিলাতে ও অযোধ্যা প্রদেশের মধ্যে নীচের লিখিত হারে ইষ্টাম্প লাগিবে।

যে টাকার দাওয়া হয় তাহা কি যে সম্পত্তির দাওয়া হয় তাহার মূল্য যদি ৮৲ টাকার অধিক না হয় তবে ।৹
৮ টাকার অধিক ও ১২ টাকার অনধিক হইলে ... ॥৹
১২ ঐ ১৬ ঐ ... ... ১৲
১৬ ঐ ৩২ ঐ ... ... ২৲
তাহার অধিক হইলে B চিহ্নিত তফসীলমতে ইষ্টাম্প লাগিবে।

২। ১৮৫৯ সালের ১০ আইন যে সকল জিলাতে চলন আছে, সেই সকল জিলাতে বাকী খাজানা আদায় করিবার, কিম্বা গোমাশ্তার হাতে থাকা টাকা আদায় করিবার যে মোকদ্দমা ১৮৫৯ সালের ১০ আইনমতে কালেক্টর সাহেবেরদের আদালতে উপস্থিত করা যায়, সেই মোকদ্দমায় যে নালিশের আরজী হয় তাহা কোন দেওয়ানী আদালতে উপস্থিত করা মোকদ্দমাতে ১৮৬০ সালের ৩৬ আইনের B চিহ্নিত তফসীলের ৬ প্রকরণেতে নালিশের আরজীর যে মূল্যের ইষ্টাম্প নির্দ্দিষ্ট হইয়াছে তাহার চারি ভাগের এক ভাগ মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। অন্য যে সকল মোকদ্দমা ১৮৫৯ সালের ১০ আইনমতে কালেক্টর সাহেবের আদালতে উপস্থিত করা যায় তাহাতে নালিশের আরজী আট আনা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক।

৩। সিন্ধু দেশে ১৮৬০ সালের ৩৬ আইনের A ও B চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট সকল দলীলের ও দস্তা-

dules A. and B., respectively, of Act No. XXXVI. of 1860, shall be exempted from Stamp Duty until the 1st of November 1860.

By Order of the Governor General in Council,

W. GREY,
Secy. to the Govt. of India.

বেঙ্গের ও লেখাপড়ার ১৮৬০ সালের ১ নবেম্বর তারিখের পূর্ব্বে ইষ্টাম্পের মাসুল লাগিবে না।

হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

ডবলিউ গ্রে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 30th November, 1860.

Baboo Rammonee Sein, to officiate as Moonsiff of Juggernathdiggy, Zillah Tipperah, till further orders.

H. B. LAWFORD, *Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ৩০ নবেম্বর।

অন্য হুকুম মত কাল না হয় তত কালের জন্যে শ্রীযুত বাবু রামমণি সেন জিলা ত্রিপুরার জগন্নাথ দীঘীর মুনসেফের কর্ম্ম করিবেন।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমি বিষয়ক ইশ্তিহার।

জিলা শ্রীহট্ট।

১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মাহালাত ১৮৬০ সালের ২৮ সেপ্টেম্বরপর্য্যন্তের বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আকুটের দ্বারা অন্য যে যে দায়ে বাকী মালগুজারীর ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬০ সালের ডিসেম্বর মাসের ২৪ দিবস মোতাবেক ১২৬৭ বাঙ্গলার পৌষ মাসের ১১ দিবস সোমবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে নীলাম হইবেক।

১ শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

পং চৈতন্যনগর

৭৯৭৯ নং তাং রায় গৌরহরি সিংহ রেজিষ্টরিহওয়া মালিক রায় রাধাগোবিন্দ সিংহ সদর জমা ৫৪৪ ।/১

পং মুং বালিচর

২৭৫০১ নং তাং আদমবজা জমিদার রেজিষ্টরিহওয়া মালিক সেখ নাতুগএরহ সদর জমা ৬৮৩ ৸/২

পং ঐ

২৭৫০৪ নং তাং আছদুবরজা জমিদার রেজিষ্টরিহওয়া মালিক কৃষ্ণচরণ দাস সদর জমা ৭৪২ ৶০

পং চৈতন্যনগর

৪০৯৮১ নং তাং চৈতন্যচাঙ্গ রেজিষ্টরিহওয়া মলিক রায় রাধাগোবিন্দ সিংহ সদর জমা ৯৯২ ॥৴৩

পং তরফ

৫৪৭২১ নং তাং সৈদ মাং নাজিব হিং সৈদ মাং বাতির রেজিষ্টরিহওয়া মালিক নবকৃষ্ণ মজুমদারগএরহ সদর জমা ৩১৬৪ ।/৪

পং ঐ

৫৪৭২৭ নং তাং সৈদ আহামদ আলি হিং সৈদ মদন বজা রেজিষ্টরিহওয়া মালিক রামবল্লভ দেবগএরহ সদর জমা ২৭৮৪ ৶২

পং ঐ তাং ঐ

৫৪৭২৯ নং হিং সৈদ কাইমবজা রেজিষ্টরিহওয়া মালিক জয়গোবিন্দ রায়গএরহ সদর জমা ১২৬৬ ৸৵১১

পং ঐ তাং ঐ

৫৪৭৩২ নং হিং সৈদ কলীমবজা রেজিষ্টরিহওয়া মালিক জয়গোবিন্দ রায়গএরহ সদর জমা ৭১৮ ৸১০

G. RALFOUR.
Collector.

SALT. নেমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেন্ট গোলাশুক্তি বাবৎ লাগাদ ৩০ নবেম্বর সন ১৮৬০ সাল ও প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাতের মৌজুদ নেমকের।

এজেন্সীর নাম।	সন ১২৬৪ সাল অথবা ১৮৫৭। ৫৮ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ	সন ১২৬৪ সাল মোতাবক ইং ১৮৫৭। ৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবক ইং ১৮৫৮। ৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবক ইং ১৮৫৯। ৬০ সাল	মৌজুদ নেমকের একুন। পাঙ্গা	করকচ	মোট একুন।	
হিজলী।								
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর।	•	•	৩ ॥২	৭,৮৯৫ ৸৯	৭,৮৯৯ ॥১	•	৭,৮৯৯ ॥১	শুক্তি এবং রিটেল বিক্রী বাবৎ রাখা গেল।
ঐ কৃষ্ণনগর।	•	৫,৬১৮/ ৬॥	৮,০৬২ ৸৫	৬,৯৬৮ ।৬	২০,৬৪৯ ।৭॥	•	২০,৬৪৯ ।৭॥	
ঐ রামনগর।	৩৸০	•	৯,২৭৮ ৸০	৫,৮৫২ ॥৮	১৫,১৩৫/ ৮	•	১৫,১৩৫/ ৮	
ঐ কালীনগর।	•	•	২,৯৯৮/ ৮৸	১৩,৩৫১ ॥৭	১৬,৩৪৯ ৸৫৸	•	১৬,৩৪৯ ৸৫৸	
ঐ পুরীঘাটা।	•	•	২,১১৭/	১,২১৬,৭৭ ৸৫	১,২৩,৮৭৪ ৸৫	•	১,২৩,৮৭৪ ৸৫	
একুন।	৩৸০	৫,৬১৮/ ৬॥	২২,৫৪০ ।৫৸	১,৫৫,৭৪৬ ॥৫	১,৮৩,৯০৮ ৸৭।	•	১,৮৩,৯০৮ ৸৭।	
তমলুক।								
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।	•	•	•	৩৭,২৪৪ ।৩৸৶	৩৭,২৪৪ ।৩৸৶	•	৩৭,২৪৪ ।৩৸৶	ঐ
একুন।	•	•	•	৩৭,২৪৪ ।৩৸৶	৩৭,২৪৪ ।৩৸৶	•	৩৭,২৪৪ ।৩৸৶	

এজেন্সীর নাম।	সন ১২৬৪ সাল অর্থাৎ ১৮৫৭। ৫৮সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৪ সালে মোতাবেক ইং ১৮৫৭। ৫৮ সাল	সন ১২৬৫ সাল মোতাবেক ইং ১৮৫৮। ৫৯ সাল	সন ১২৬৬ সাল মোতাবেক ইং ১৮৫৯। ৬০ সাল	মৌজুদ নেমকের এক্‌ন। পাঙ্কা	করকচ	মোট একুন
চট্টগ্রাম।							
পাঙ্কা নেমক বাগখালি ঘাটে।			৮২৬৷৹	৪৩,১৭৬৷৹	৪৪,০৭৩/	.	৪৪,০৭৩/
ঐ সদর ঘাটে এজেন্সী।			.	.	.	.	.
ঐ আরাকিন।			.	২,৪৫,৬০২/২	.	৩,০৮,৬২৩/৪৷৷/	৩,০৮,৬২৩/৪৷৷/
করকচ মাজুদ।	৬,৬২১৷৹	১৩,১৩৭৸৫৷৷/	১,৪৩,১২১৷৷৹				
একুন।	৬,৬২১৷৹	১৩,১৩৭৸৫৷৷/	১,৪৪,০৮৮/	১,৮৮,৭৭৮৷৷৷	৪৪,০৭৩/	৩,০৮,৬২৩/৪৷৷/	৩,৫২,৬২৬/৪৷৷/
শালিখা।							
পাঙ্কা নেমক কটক।	.	৬৫৪/	.	.	৬৫৪/	.	৬৫৪/
ঐ বালেশ্বর।	৭/	১/	.	.	৮/	.	৮/
ঐ খোরদা।	.	.	.	.	.	.	.
ঐ চিলকা।	২২/	৫৬৩/	.	.	৫৮৫/	.	৫৮৫/
ঐ মাধবপুর।	.	.	.	.	.	.	.
ঐ পুরীয়াটী।	১৪/	২৫১/	.	.	২৬৫/	.	২৬৫/
মিশ্রিত পাঙ্কা নেমক।	.	.	.	.	.	.	.
করকচ মাজুদ পরমিট।	৮,২২,৪০৮/	১০,৮৩৪/	২,৪০৪৷৷৹				
ঐ চিলকা।	১,৩৬,৩৩২৷৷৹	২,২০০/	.				
মিশ্রিত করকচ।	.	.	.				
একুন।	৯,৫৯,৭৪৪৷৷৹	১৫,২০৩/	২,৪০৪৷৷৹		১,৫১২/	২,৭১,৯৫২৷৷৹	২,৭৩,৪৬৪৷৷৹
আরাকিন।							
পাঙ্কা নেমক ঘাটে টেকরু।	.	৯০,২০২/	৭,৪৪,৭৪২/		৮,৩৫,৭৮/	.	৮,৩৫,৭৮/
একুন।	.	৯০,২০২/	৭,৪৪,৭৪২/		৮,৩৫,৭৮/	.	৮,৩৫,৭৮/
মোট একুন।	১৫,৮৫,৪৪২৷৷৸	২৫,২৭৫৷৷৸	২,৫২,৭৪০৷৷৸	৩,৫১,৩৬৩/৭৸৸	৩,৪৫,১৩৬।২৷৷/	১২,৮৮,৬৬৫৷৷৷/	১৬,২৫,৭১২৸৸৸

এ ইউনুন। একটিং চীফ সেক্রেটারী।

নং ১৩৩১।

পুরী এজেন্সীহইতে চারি লক্ষ মোন নেমক মোং শালিখার সরকারী গোলায় ঢোলাই করিয়া আনিবার কারণ বর্ত্তমান মাসের ১১ তারিখ মঙ্গলবার বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত এই দপ্তরখানায় টেণ্ডরের দরখাস্ত লওয়া যাইবেক।

যত নেমক ঢোলাই করিয়া আনিতে চাহে তাহার পরিমাণ এবং যে কিছু খরচা পড়িবেক তাহা সমেত যে দর ভাড়া লইবেক তাহা উক্ত টেণ্ডরের দরখাস্তে লিখিতে হইবেক এবং দরখাস্তকারি ব্যক্তিরা তদ্বিষয়ে মাতবর জামিন দাখিল করিতে প্রস্তুত থাকিবেক।

শ্রীযুক্ত সাহেবান বোর্ডের এক্তিয়ার রহিল যে কোন কারণ না দর্শাইয়া কোন টেণ্ডরের দরখাস্ত অগ্রাহ্য করিতে পারিবেন।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ৪ ডিসেম্বর।

এ ইডেন। একটিং ছোট সেক্রেটারী।

নং ১৩৪৪।

ইশ্তেহার।

হিজলী এজেন্সীর পুরী ঘাটার গোলায় এইক্ষণে আন্দাজ যাইট হাজার মোন নেমক মৌজুদ আছে উক্ত নেমক উক্ত গোলাহইতে মোং শালিখার সরকারী গোলায় ঢোলাই করিয়া আনিবার জন্য বর্ত্তমান মাসের ১৩ তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত এই দপ্তরখানায় টেণ্ডরের দরখাস্ত লওয়া যাইবেক।

২। টেণ্ডরের দরখাস্তকারি ব্যক্তি উক্ত নেমক ফিশত মোন সমুদয় খরচাসমেত যে দর ভাড়ায় মোং শালিখার সরকারী গোলায় দাখিল করিয়া দিতে স্বীকার করিবেক তাহা ঐ টেণ্ডরের দরখাস্তে লিখিয়া দিতে হইবেক আর টেণ্ডরের দরখাস্তকারি ব্যক্তি মাতবর জামিন দিতে প্রস্তুত থাকিবেক।

৩। শ্রীযুক্ত সাহেবান বোর্ডের এক্তিয়ার রহিল যে কোন কারণ না দর্শাইয়া কোন ব্যক্তির টেণ্ডরের দরখাস্ত অগ্রাহ্য করিতে পারিবেন।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬০ সাল তারিখ ৬ ডিসেম্বর।

এ উডেন। একটিং ছোট সেক্রেটারী।

জেলা কাছাড়ের বার্ষিক মেলার ঘোষণাপত্র।

এতদ্দ্বারা ইশ্তিহার দেওয়া যাইতেছে যে ১৮৬০ ইঙ্গরেজী ৩০। ৩১ ডিসেম্বর ও ৬১ ইঙ্গরেজী জানুআরি মাসের ১। ২। ৩ তারিখ মোতাবেক ১২৬৭ বাঙ্গলার ১৬। ১৭। ১৮। ১৯। ২০ পৌষ তারিখে জেলা কাছাড়ের বাৎসরিক মেলা ঐ জেলার শীলচার মোকামে হইবেক।

গত মেলার মত উত্তম২ গো মহিষাদি এবং অন্য২ শিল্প দ্রব্যাদি আনার জন্যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহা এ মেলাতেও দেওয়ান যাইবেক এবং তাহা উপযুক্তমতে প্রদান করণার্থে এক সভা সংস্থাপিত হইবেক।

ব্যবসায়ি লোকদিগের ব্যবহার জন্যে দোকান ঘরসকল প্রস্তুত থাকিবেক মেলাতে ঘোড়দৌড় ও বাজীইত্যাদি তামাসা হইবেক এবং সকলেই ইচ্ছামত তাহা করিতে সক্ষম হইবেন।

আর জানান আবশ্যক যে গত মেলাতে বহুসংখ্যক লোক আগত হইয়াছিল এবং অনেক ঘোড়া মহিষ গোইত্যাদি নানাবিধ দ্রব্য জড় হইয়া অনায়াসে ক্রয়বিক্রয় হইয়াছে এবং ইহাতেই মেলা চিরস্থায়ি হওয়ার প্রচুর ভরসা দৃষ্টব্য হইতেছে। ১৬ জুলাই সন ১৮৬০ ইঙ্গরেজী।

জে এপ শেরর। একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সকলকে জানান যাইতেছে যে ১৮৬০ সালের ৩২ আইন অর্থাৎ ইনকম টাক্সের আইন শ্রীরামপুর যন্ত্রালয়ে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ টাকামাত্র।

[*Government Gazette*, 11*th December*, 1860.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল্ ডিক্রুস সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1117 ১১১৭

CALCUTTA PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 25, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২৫ ডিসেম্বর।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 15TH DECEMBER 1860.

"THE following Bill was read a second time in the Legislative Council of India on the 15th December 1860, and was referred to a Select Committee who are to report thereon after the 19th of March next :—

A Bill to amend the law relating to Minors.

[Preamble.]

WHEREAS it is expedient to simplify and amend the Law for hearing suits relative to the custody and nurture of minors ; It is enacted as follows :—

[Application.]

I. Any person interested in or asserting an interest in the proper custody or nurture of a minor, may make an application by petition to the Judge of any District in so far as a Civil suit might lawfully be instituted in the same behalf, and the Judge shall hear and dispose of the petition in like manner as the same matter preferred by the same party might have been heard and disposed of on being preferred by plaint in a Civil suit.

[Remedy.]

II. Upon any such application being made, or at any subsequent stage of the proceedings, the Judge may cause any minor referred to therein to be produced in Court and may make such other order for the temporary custody and protection of the minor as may appear proper.

[Procedure.]

III. In trying petitions preferred under this Act, the Judge shall be guided by the procedure prescribed in Act VIII. of 1859 in so far as the same shall be applicable ; and any orders made by the Judge may be enforced as if made in a regular suit.

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৬০ সাল ১৫ ডিসেম্বর।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৫ ডিসেম্বর তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়, তাঁহারা আগামি মার্চ মাসের ১৯ তারিখের পর সেই মুসাবিদার রিপোর্ট করিবেন।

নাবালগেরদের আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

নাবালগেরদের রক্ষণাবেক্ষণ ও প্রতিপালনের বিষয়ে যে মোকদ্দমা হয় তাহা শুনিবার আইন আরো সহজ করা ও তাহা সংশোধন করা বিহিত এই কারণে এই বিধান হইয়াছে।

[দরখাস্তের কথা।]

১ ধারা। নাবালগের উপযুক্তমতে রক্ষণাবেক্ষণের কি প্রতিপালনের বিষয়ে যদি দেওয়ানী মোকদ্দমা আইনমতে উপস্থিত করা যাইতে পারে তবে সেই বিষয়ে যে ব্যক্তির সম্পর্ক থাকে, কিম্বা তাহাতে আমার সম্পর্ক আছে এই কথা যে ব্যক্তি কহে, সেই ব্যক্তি আরজী লিখিয়া কোন জিলার জজ সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারিবে। ও সেই ব্যক্তি দেওয়ানী মোকদ্দমায় সেই বিষয়ের নালিশের আরজী উপস্থিত করিলে সেই বিষয়ের শুনানি ও নিষ্পত্তি যে প্রকারে হইতে পারিত, সেই প্রকারে ঐ জজ সাহেব ঐ বিষয়ের দরখাস্ত শুনিবেন ও নিষ্পত্তি করিবেন ইতি।

[উপায়ের কথা।]

২ ধারা। সেই বিষয়ের দরখাস্ত করা গেলে, কিম্বা তৎপরে মোকদ্দমা চলিবার কোন সময়ে, জজ সাহেব ঐ দরখাস্তের লিখিত কোন নাবালগকে আদালতে উপস্থিত করাইতে পারিবেন, ও সেই নাবালগের কিঞ্চিৎ কাল রক্ষণাবেক্ষণ করিবার ও আশ্রয় দিবার জন্যে অন্য যে হুকুম উপযুক্ত বোধ করেন তাহা করিতে পারিবেন ইতি।

[মোকদ্দমার কার্য্যের কথা।]

৩ ধারা। এই আইনমতের উপস্থিতকরা কোন দরখাস্তের বিচার কালে, ১৮৫৯ সালের ৮ আইন যে-পর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত জজ সাহেব সেই আইনমতে কার্য্য করিবেন। ও জজ সাহেব যে কোন হুকুম করেন তাহা জারেতামতের মোকদ্দমায় হুকুমমতে জারা হইবেক ইতি।

[Appeal.]

IV. An appeal shall lie to the Sudder Court from any order made by a Lower Court under this Act, in the same manner as an appeal lies to the Sudder Court in regular suits.

[Stamps on Petitions. Saving of laws.]

V. Petitions preferred under this Act to the Zillah Court or to the Sudder Court may be written on the Stamp paper prescribed for petitions in those Courts respectively; and nothing in this Act shall be taken to interfere with the jurisdiction exercised under the Laws in force by the Courts of Wards; or under Act XXI. of 1855 and Act XL. of 1858.

[Interpretation.]

VI. The term "Judge" in this Act shall include the principal Civil Court of any district not being within the jurisdiction of a Court established by Royal Charter.

M. WYLIE,
Clerk of the Council.

[আপীলের কথা।]

৪ ধারা। জারেতামতের মোকদ্দমায় যেমন সদর আদালতে আপীল হইতে পারে, তেমনি অধঃস্থ আদালত এই আইনমতে যে কোন হুকুম করেন তাহার উপরও সদর আদালতে আপীল হইতে পারিবেক ইতি।

[দরখাস্তের উপর ইষ্টাম্পের কথা। ও চলিত আইন বজায় রাখিবার কথা।]

৫ ধারা। জিলার আদালতে কিম্বা সদর আদালতে এই আইনমতে যে কোন দরখাস্ত করা যায়, তাহা এই আদালতে দরখাস্ত হইলে যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হয়, সেই মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। ও চলিত আইনমতে কিম্বা ১৮৫৫ সালের ২১ আইনমতে কিম্বা ১৮৫৮ সালের ৪০ আইনমতে কোর্ট ওয়ার্ডস যে ক্ষমতামতে কার্য্য করিতে পারেন, সেই ক্ষমতা এই আইনের কোন কথাতে খাটো হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[আইনের অর্থের কথা।]

৬ ধারা। এই আইনেতে "জজ সাহেব" এই শব্দেতে রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত কোন আদালতের এলাকার সীমার বাহিরের কোন জিলার প্রধান দেওয়ানী আদালতকেও বুঝায়।

এম ওয়াইলি।
কোনসেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 15.

To the Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.

It having been brought to the notice of the Court that there is a want of uniformity of practice among some of the Magisterial authorities in regard to the reception of petitions respecting crimes and offences, some officers considering that such petitions should be written on stamp paper, and others, that they should be exempted under the general exemptions set forth in Clause 5, Schedule B. of Act XXXVI. of 1860, I am directed to inform you that the words "crimes and offences" used in the Schedule, include all felonies and misdemeanors, so that the exemption extends even to petitions regarding a simple assault, the exemption extends also to appeals from sentences passed in criminal trials.

2. The only petitions presented to the criminal authorities that are now required to be written on stamp paper, are those, which are really of a civil nature such as claims for wages under Regulation VII. of 1819, complaints of forcible dispossession under Act IV. of 1840, &c.

(Signed) H. B. LAWFORD,
Register.

Fort William, the 10th December, 1860.

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের ফৌজদারীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

দোষ ও অপরাধের বিষয়ে যে দরখাস্ত হয় তাহা গ্রাহ্য করিবার কার্য্যেতে মাজিস্ট্রেট সাহেবেরদের মধ্যে একি নিয়ম চলে না। অর্থাৎ কোন২ সাহেব বোধ করেন, যে, সেইরূপ দরখাস্ত ইষ্টাম্প কাগজে লিখিতে হয়। অন্য সাহেবেরা বোধ করেন যে, ১৮৬০ সালের ৩৬ আইনের B চিহ্নিত তফসীলের ৫ প্রকরণের লিখিত সাধারণ বর্জনীয় বিধিমতে এরূপ দরখাস্তের উপর ইষ্টাম্প লাগিবে না। এই কথা সদর আদালতের সাহেবদিগকে জ্ঞাত করা গিয়াছে। অতএব তোমাকে আজ্ঞামতে এই কথা জানাইতেছি। ঐ তফসীলের মধ্যে "দোষ ও অপরাধ" এই যে দুই কথা আছে তাহার মধ্যে সকল প্রকারের ফেলোনি ও মিসডমীনর গণ্য হইয়াছে তাহাতে সামান্য চড়াউ হওয়ার বিষয়ে যে দরখাস্ত হয় তাহার উপরও ঐ বর্জনীয় কথা খাটে। ও ফৌজদারী মোকদ্দমাতে যে হুকুম হয় তাহার উপর আপীল হইলে সেই আপীলের উপরও ঐ কথা খাটে।

২। যে২ দরখাস্ত প্রকৃত ভাবে দেওয়ানী প্রকারের হয়, অর্থাৎ ১৮১৯ সালের ৭ আইনমতে বেতনের দাবীর নালিশ ও ১৮৪০ সালের ৪ আইনমতে জোর করিয়া বেদখল করিবার নালিশপ্রভৃতির যে দরখাস্ত ফৌজদারী কার্য্যকারক সাহেবেরদের নিকটে করা যায় কেবল তাহাই এখন ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক।

এচ বি লাফর্ড রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১০ ডিসেম্বর।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

No. 41.

From H. L. Dampier, Esq., Offg. Junior Secretary to the Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 7th August, 1860.

I am directed to request that you will, within one month of this date, furnish Statements in the accompanying forms.

Offg Junior Secretary.

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৪১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নিকটে বোর্ড রেবিনিউর একটিং দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৬০ সাল ৭ আগষ্ট।

আজ্ঞামতে তোমাকে এই আদেশ হইতেছে যে, অদ্যকার তারিখঅবধি তুমি এক মাসের মধ্যে নীচের লিখিত পাঠে কৈফিয়ৎ পাঠাও।

একটিং দ্বিতীয় সেক্রেটারী।

No. 1.

STATEMENT of all Lands, the Property of Government, occupied by Public Buildings in the Division, the buildings on which ARE *in charge of the Public Works Department.*

DISTRICT.	Name of building standing on the lands.	Executive Officer in whose charge the buildings are.	Date on which the plan was deposited in the Collector's Office, or explanation of cause of delay.

No. 2.

STATEMENT of all Lands, the Property of Government, occupied by Public Buildings, NOT *in charge of the Public Works Department, or devoted to other purposes in the Division.*

DISTRICT.	Designation of land, i. e. how it is now occupied.	Name of Officer in whose charge the land in question or the building standing on it, is placed.	Steps taken by Officer in charge to demarcate the boundary.	Date on which the plan of the land was deposited in the Collector's Office.	Date on which the second copy of plan was transmitted for deposit in the Board's Office, or explanation of the cause of delay.

১ নম্বর।

অমুক এলাকার মধ্যে গবর্ণমেণ্টের জমীতে যে সকল সরকারী ঘরপ্রভৃতি থাকে ও পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জিম্মায় আছে তাহার কৈফিয়ৎ।

জিলা	জমীতে যে ঘর থাকে তাহার নাম	একসেকিটিব যে কার্য্যকারকের জিম্মায় ঐ ঘর থাকে	তাহার নক্‌শা যে তারিখে কালেক্‌টরী কাছারীতে দাখিল করা যায় কি তাহার বিলম্ব হইবার কারণ।

২ নম্বর।

অমুক এলাকার মধ্যে গবর্ণমেণ্টের জমীতে যে সকল সরকারী ঘরপ্রভৃতি পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের জিম্মায় না থাকে, কিম্বা অন্য কোন কার্য্যেতে ব্যবহার হয় তাহার কৈফিয়ৎ।

জিলা	জমীর খ্যাতি অর্থাৎ যে প্রকারের পাট্টাক্রমে তাহা এখন ভোগদখল হইতেছে	উক্ত জমী কি তাহাতে যে ঘর থাকে তাহা যে কার্য্যকারকের জিম্মায় করা গিয়াছে তাঁহার নাম	যে কার্য্যকারকের জিম্মায় থাকে তিনি ঐ জমীর সীমার চিহ্ন দিবার যে কার্য্য করিয়াছেন	ঐ জমীর নক্‌শা যে তারিখে কালেক্‌টরী কাছারীতে দাখিল করা যায়	ঐ নক্‌শার দ্বিতীয় কেতা যে তারিখে বোর্ডের আফিসে দাখিল করিবার জন্যে পাঠান যায় তাহা কি তাহার বিলম্ব হইবার কারণ।

No. 42.

From E. T. Trevor, Esq., Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 14th August, 1860.

The Board of Revenue, finding that the object of the Circulars noted on the margin* is still misapprehended by some Officers, direct me to request that you will furnish them with Statements for 1859-60 in the forms annexed, with the least possible delay. The principle to be rigidly borne in mind in the preparation of these Statements is that Act X. cases must be kept entirely distinct from Summary Suits under the laws in force before the passing of the Act.

Secretary.

* 22nd June, No. 392, and 3rd ultimo, No. 410.

৪২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যানর সাহেবের নিকট বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ঐ টি ট্রেবর সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৪ আগষ্ট।

জুন মাসের ২২ তারিখের ৩৯২ নম্বরের ও গত মাসের ৩ তারিখের ৪১০ নম্বরের সরকুলর অর্ডরের অভিপ্রায় কোন২ কার্য্যকারক এখনপর্য্যন্ত বুঝেন না, বোর্ড রেবিনিউর সাহেবেরা ইহা দেখিতে পাইয়া আমাকে এই আদেশ করিতে আজ্ঞা করিয়াছেন, যে তুমি ১৮৫৯। ৬০ সালের কৈফিয়ৎ সাধ্যমতে বিলম্ব না করিয়া নীচের লিখিত পাঠে পাঠাও। ঐ কৈফিয়ৎ প্রস্তুত করিবার সময়ে এই মূল কথা অতি দৃঢ়রূপে মনে রাখিতে হইবেক, অর্থাৎ ১০ আইন জারী হইবার পূর্ব্বে যে সকল আইন চলন ছিল সেই২ আইনমতের সরাসরী মোকদ্দমা ঐ ১০ আইনমতের মোকদ্দমাহইতে সম্পূর্ণরূপে পৃথক রাখিতে হইবেক।

সেক্রেটারী।

1. Cases under Act X. of 1859, instituted, disposed of and pending in 1859-60

Form as in Memorandum No. 1 of Collector's Business Statement appended to Periodical Returns Series.

2. Execution of decrees under Act X. of 1859-60, instituted, disposed of and pending in 1859-60.

Instituted.	Disposed of.	Pending.			
		More than 6 Months.	More than 3 Months.	Less than 3 Months.	Total.

3. Applications for sale of Distrained Property under Act X. of 1859 in 1859-60.

Form as in Memorandum No. 2 of Business Statement.

4. Summary Suits (under old laws) instituted, disposed of and pending in 1859-60.

Form as in No. 12 of Appendix to Board's printed Report.

5. Execution of Summary Decrees (under old laws) instituted, disposed of and pending in 1859-60.

Form as in No. 13 of Appendix to Board's printed Report.

6. Applications for sale of Distrained Property (under old laws) in 1859-60.

Form as in No. 14 of Appendix to Board's printed Report.

[*Government Gazette, 25th December, 1860.*]

৪। ১৮৫৯ সালের ১০ আইনমতের যে সকল মোকদ্দমা ১৮৫৯। ৬০ সালে উপস্থিত করা যায় ও নিষ্পত্তি হয় ও মুলতবী থাকে তাহা।

ইহার পাঠ নিরূপিত সময়ের রিটর্ণের বিধিশ্রেণীর শেষে কালেক্টর সাহেবের কৈফিয়তের ১ নম্বরের যে স্মারক লিপির পাঠ আছে তাহার সমান হইবে।

২। ১৮৫৯ সালের ১০ আইনমতের যে সকল ডিক্রীজারীর মোকদ্দমা ১৮৫৯। ৬০ সালে উপস্থিত করা যায় ও নিষ্পত্তি হয় ও মুলতবী থাকে তাহা।

উপস্থিত করা যায়	নিষ্পত্তি হয়	মুলতবী থাকে			
		৬ মাসের অধিক কাল	৩ মাসের অধিক কাল	৩ মাসের কম	মোট।

৩। ১৮৫৯ সালের ১০ আইনমতে ক্রোককরা সম্পত্তি নীলাম হইবার যে দরখাস্ত ১৮৫৯। ৬০ সালে হয় তাহা।

ইহার পাঠ কার্য্যের কৈফিয়তের ২ নম্বরের স্মারক লিপির পাঠের সমান।

৪। সরাসরী যে সকল মোকদ্দমা পূর্ব্বকালের আইনমতে ১৮৫৯। ৬০ সালে উপস্থিত করা যায় ও নিষ্পত্তিহয় ও মুলতবী থাকে তাহা।

ইহার পাঠ বোর্ডের ছাপাকরা রিপোর্টের ক্রোড়পত্রের ১২ নম্বরের পাঠের সমান।

৫। সরাসরী ডিক্রী জারীর যে মোকদ্দমা পূর্ব্বকালের আইনমতে ১৮৫৯। ৬০ সালে উপস্থিত করা যায় ও নিষ্পত্তি হয় ও মুলতবী থাকে তাহা।

ইহার পাঠ বোর্ডের ছাপাকরা রিপোর্টের ক্রোড়পত্রের ১৩ নম্বরের পাঠের সমান।

৬। পূর্ব্ব কালের আইনমতে ক্রোককরা সম্পত্তি নীলাম হইবার যে দরখাস্ত ১৮৫৯। ৬০ সালে হয় তাহা

ইহার পাঠ বোর্ডের ছাপাকরা রিপোর্টের ক্রোড়পত্রের ১৪ নম্বরের পাঠের সমান।

No. 43.

From H. L. Dampier, Esq., Offg. Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 14th August, 1860.

I am directed by the Board of Revenue to forward herewith a copy of a letter from the Secretary to the Government of Bengal, dated the 8th instant, No. 2012, and to request that you will impress on all Officers in your Division engaged in the trial of suits under Act X. of 1859, the necessity of the utmost expedition in their proceedings consistent with justice, and that you will lose no opportunity of seeing that your instructions are fulfilled.

2. Whenever it may be apparent that the Agency for the disposal of these suits requires to be increased, any suggestions which you may desire to make on the subject will meet with due consideration.

Offg Secretary.

৪৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত, কমিস্যনর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ১৪ আগষ্ট।

আমি বোর্ড রেবিনিউর আজ্ঞামতে বাঙ্গালা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের বর্ত্তমান মাসের ৮ তারিখের ২০১২ নম্বরের পত্রের নকল এই পত্রের সঙ্গে পাঠাইয়া আদেশ করিতেছি যে, তোমার এলাকাতে যে সকল কার্য্যকারক ১৮৫৯ সালের ১০ আইনমতের মোকদ্দমার বিচার কর্ম্মেতে নিযুক্ত আছেন তাঁহারদের যথার্থ বিচারের সঙ্গত ভাবে আপনারদের ঐ কার্য্য অতিত্বরায় নির্ব্বাহকরা আবশ্যক এই কথা তাঁহারদিগকে দৃঢ়মতে জানাও, ও তোমার উপদেশমতে কার্য্য হইতেছে এই বিষয় সুবিধা হইলেই দেখিতে ত্রুটি করিবা না।

২। ঐ প্রকারের মোকদ্দমার নিষ্পত্তির জন্যে অধিক জন কর্ম্মকারককে নিযুক্ত করা প্রয়োজন, ইহা যখন দৃষ্ট হয়, তখন তুমি সেই বিষয়ে যে কোন পরামর্শ দিতে চাহ, তাহার উপযুক্তমতে বিবেচনা হইবে।

একটিং সেক্রেটারী।

No. 2012,

From A. R. Young, Esquire, Secretary to the Government of Bengal, to the Secretary to the Board of Revenue, Lower Provinces.

Fort William, the 8th August, 1860.

I am directed by the Lieutenant Governor to request that the Board will issue to all Officers concerned a Circular Order, calling attention to the great importance of rent claims under Act X. of 1859 being decided always with the utmost expedition, consistent with the doing of complete justice on the merits. Such cases should never be allowed to accumulate on a file of arrears, but should be taken up always within not more than three days after filing, and gone on with regularly, without ever being allowed to be postponed on account of other business.

2. If any where more Courts with jurisdiction in these cases are necessary, means will be taken to supply the want on its being made known.

(Signed) A. R. YOUNG,
Secy. to the Govt of Bengal.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 14th August, 1860.

২০১২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এ আর ইয়ং সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ৮ আগষ্ট।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আজ্ঞামতে এই আদেশ করিতেছি। ১৮৫৯ সালের ১০ আইনমতে খাজানার বাবৎ যে সকল দাওয়া হয় তাহার দোষ গুণ বিবেচনায় সম্পূর্ণরূপে যথার্থ বিচার হইবার কোন ব্যাঘাত না করিয়া ঐ মোকদ্দমার নিষ্পত্তি সর্ব্বদা অতিত্বরায় করা অতিগুরুতর বিষয়, এই কথায় ঐ কর্ম্মে নিযুক্ত কার্য্যকারকদিগকে মনোযোগ করাইবার জন্যে বোর্ডের সাহেবেরা তাঁহারদের নিকটে সরকুলর অর্ডর পাঠান্। নিষ্পত্তি হইবার বাকীথাকা মোকদ্দমার নথীর মধ্যে সেই প্রকারের মোকদ্দমা কখন জমা থাকিতে দেওয়া উচিত নহে। উপস্থিত হইবার পর অত্যধিক তিন দিনের মধ্যে তাহার তজবীজ করিতে আরম্ভ করিতে হয়, ও অন্য কোন কর্ম্মের নিমিত্তে তাহা কখন মুলতবী না রাখিয়া তাহার নিতিরূপে বিচারকরা উচিত।

২। যদি কোন স্থানে সেই প্রকারের মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন অধিক আদালতের আবশ্যক হয় তবে সেই কথা জ্ঞাত করা গেলে তদ্রূপ আদালত হইবার উপযুক্ত নিয়ম করা যাইবে।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

ফোর্ট উলিয়ম।
১৮৬০ সাল ১৪ আগষ্ট।

[*Government Gazette, 25th December*, 1860.]

No. 44.

CIRCULAR MEMORANDUM.

To the Commissioner of Revenue for the Division of

The following additions are to be made in the Periodical Returns Series recently issued :—

Addition to para. 37 of Direction—(Appendix No. 1.)

"A note should also be made in the Column of remarks, stating how many of the cases instituted were reviews of judgment or revivals of suit."

Additional para. 45A.

"In addition to the quarterly Returns, annual Returns are to be sent with the annual Revenue Reports, only sales actually consummated being included therein; from these District Returns, Divisional statements are to be prepared for transmission to the Board."

By order of the Board of Revenue, L. P.

Officiating Secretary.

Fort William; the 17th August, 1860.

No. 45.

CIRCULAR MEMO.

Lithographed Circular Order No. 43, dated 23rd December 1856, to be cancelled, and the following addition to be made by hand in the directions for the preparation of the Periodical Returns Series:—

Appendix No. 1.—39A. "In the column of remarks should invariably be given the date of the oldest case pending under each heading, and an explanation in each case which has remained undisposed of for more than six months."

The following corrections should also be made in para. 68 of Appendix No. 1. For "column 19" read "column 18." Expunge the words "column 25." For "column 23" read "column 20."

H. L. Dampier, *Offg. Secretary.*

Board of Revenue, L. P., Fort William, the 21st August, 1860.

No. 46.

From H. L. Dampier, Esquire, Offg. Secretary to the Board of Revenue, to the Commissioner of Revenue, for the Division of

Dated Fort William, the 21st August, 1860.

I am directed by the Board of Revenue to request that you will instruct the Officers subordinate to you that it has been ruled by Government that Collectors are not competent to sell lands paying revenue to Government in execution of decrees on the mere requisition of a Judge, unless specially authorized to do so by Government under Section 248 of the Code of Civil Procedure. Such sales are ordinarily to be effected by Officers of the Judge's own Court.

H. L. Dampier,
Offg. Secretary.

৪৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নিকটে বোর্ড রেবিনিউর এক্‌টিং সেক্রেটারী শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৬০ সাল ২১ আগষ্ট।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞাক্রমে তামার অধীন কার্য্যকারকদিগকে এই কথা জানাইতে আদেশ করি। গবর্ণমেণ্টের এই বিধি হইয়াছে। দেওয়ানী মোকদ্দমার কার্য্যনির্ব্বাহের আইনের ২৪৮ ধারামতে যদি কালেক্টর সাহেবেরা সরকারের খেরাজী জমী ডিক্রী জারীক্রমে নীলাম করিবার ক্ষমতা গবর্ণমেণ্ট-হইতে বিশেষমতে না পান্ তবে তাঁহারা কেবল জজ সাহেবের আজ্ঞামতে তাহা করিতে পারিবেন না। সেই প্রকারের নীলাম সাধারণমতে জজ সাহেবের নিজ আদালতের আমলারদের দ্বারা হইবে।

এচ এল ডাম্পিয়র।
এক্‌টিং সেক্রেটারী।

No. 47.

From H. L. Dampier, Esq., Offg. Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 28th August, 1860.

The Board request that you will desire the Collectors subordinate to you to furnish a statement in the following form, carefully filled up, direct to the Collector of Rajshahye, within a month after the close of each year. The information so furnished will be thrown into a general return, and submitted to the Board.

H. L. DAMPIER,
Offg Secretary.

৪৭ নম্বর ।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের পত্র ।

ফোর্ট উলিয়ম ১৮৬০ সাল ২৮ আগষ্ট ।

বোর্ডের সাহেবেরা আদেশ করেন যে তুমি আপনার অধীন কালেক্টর সাহেবদিগকে নীচের লিখিত নক্‌শার মতে এক কৈফিয়ৎ মনোযোগপূর্ব্বক প্রস্তুত করিয়া বৎসরের শেষ হইবার পর এক মাসের মধ্যে একেবারে রাজশাহীর কালেক্টর সাহেবের নিকটে পাঠাইতে আজ্ঞা কর । সেই প্রকারের যে সম্বাদ দেওয়া যায় তাহা সাধারণ এক রিটর্ণে লিখিত হইয়া বোর্ডে পাঠান যাইবে ।

এচ এল ডাম্পিয়র ।
একটিং দ্বিতীয় সেক্রেটারী ।

District.	Balance in hand of wholesale and retail vendors on the last May.	Add amount imported from Ganja Mart of Rajshahye.	Add amount imported from other Districts.	Total.	Deduct amount exported to other Districts.	Balance in hand of wholesale and retail vendors on the 30th April.	Remainder or quantity actually consumed.	Collections made.	Explanation if the collections be less than 2 Rupees per seer.	Remarks.

	জিলা।
	মে মাসের ১ তারিখে মোট ও খুচরা বিক্রেতারদের হাতে বাকী।
	রাজশাহীর গাঁজার গঞ্জহইতে আমদানীর মোট।
	অন্য২ জিলাহইতে আমদানীর মোট।
	মোট।
	অন্য জিলাতে রফ্তানীর মোট বাদ দেও।
	আপ্রিল মাসের ৩০ তারিখে মোট ও খুচরা বিক্রেতারদের হাতে বাকী।
	বাকী কিম্বা যত নিতান্ত খরচ হইয়াছে।
	যত টাকা আদায় হয়।
	আদায়করা টাকা যদি সেরপ্রতি ২৲ টাকার কম হয় তবে তাহার কারণ।
	মন্তব্য কথা।

CIRCULAR MEMORANDUM.

No. 48.

To the Commissioner of

The following Rule is to be substituted for the revised Rule 16 circulated with the Board's Memo. of 7th December 1855, to be added to the Pension Series:—

Rule 16.

The applicant for a Superannuation Pension must ordinarily have served Government for the requisite period *continuously*; a break in his service however, if caused *by abolition* of his Office, will not debar such servant from reckoning both periods of service into the term required to entitle him to a retiring pension; but if the break have been caused by *resignation* of his office, and have exceeded 12 months, then the period of service previous to it cannot be reckoned as a portion of the term of service required to entitle him to a pension. The privilege of so reckoning the time of service can only apply to two periods and no more; if there be any other interval, the service that may follow cannot be counted as continuous. The exception to this Rule is the case of an Uncovenanted Servant who may be dismissed for *misconduct*, and subsequently re-admitted to employment. In such case the first service is not to count for pension at all, however short the interval of his non-employment may be.

2. The following Rule, founded on the Financial Department Notification of 21st March last, No. 21, is to be introduced as Rule 10*A* of the same series:—

Rule 10*A*.

When a servant on application for pension has been declared by the Medical Officer to be unfit for further service, he should be at once discharged, his pension, if subsequently granted, commencing from the date on which he ceased to be borne on the effective establishment. Officers not declared to be incapacitated for further service may, however, be allowed to work on pending the result of the application for pension.

By order of the Board of Revenue, L. P.

H. L. DAMPIER,
Offg. Secretary.

Fort William, the 31st August, 1860.

No. 49.

From H. L. Dampier, Esq., Offg. Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 31st August, 1860.

Some embarrassment having been experienced, owing to the absence in the form of Kubooleut which accompanied the Board's Circular, dated the

স্মারক লিপির সরক্যুলর।

৪৮ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেব বরাবরেষু।

বোর্ডের ১৮৫৫ সালের ৭ ডিসেম্বর তারিখের স্মারক লিপির সঙ্গে পেনসানের বিধিশ্রেণীর যে সংশোধিত ১৬ বিধি জারী হইয়াছিল তাহার পরিবর্ত্তে এই বিধি দিতে হইবে।

১৬ বিধি।

বার্দ্ধক্য কালের পেনসান পাইবার জন্যে যে জন দরখাস্ত করেন তাঁহার সাধারণমতে প্রয়োজন যে, কিছু ফাক না গিয়া উপযুক্ত কালের নিমিত্তে সরকারের কর্ম্ম নিয়ত করিয়া থাকেন। কিন্তু যদি তাঁহার কর্ম্ম এবালিশ হওয়াতে তাঁহার সরকারী কর্ম্মের ফাক যায়, তবে যত কাল কর্ম্ম করিলে পর তাঁহার কর্ম্ম ত্যাগ করিবার কালে পেনসান হইতে পারে তাহার মধ্যে তাঁহার ঐ কর্ম্মের সমুদয় কাল ধরিবার কিছু আটক নাই। কিন্তু যদি আপনি কর্ম্মে ইশ্তাফা দিয়া থাকেন ও ১২ মাসের অধিক কাল তাঁহার সেই কর্ম্মের ফাক যায় তবে যত কাল কর্ম্ম করিলে পর পেনসান হইতে পারে তাহার মধ্যে ঐ ১২ মাসের পূর্ব্বে যে কর্ম্ম করিয়াছিলেন তাহা ধরা যাইবেক না। কর্ম্মের কালের হিসাব সেই প্রকারে করিবার অনুমতি একবার ফাক যাইবার পূর্ব্বে ও পরে কর্ম্মের দুই কালের উপর খাটিতে পারে। কিন্তু একবারের অধিক যদি কর্ম্মে ফাক যায় তবে তাহার পর যে কাল কর্ম্মে থাকেন তাহা পূর্ব্ব কালের সঙ্গে নিয়ত কর্ম্ম বলিয়া গণ্য হইবে না। যদি অচিহ্নিত কার্য্যকারক কোন অনুপযুক্ত কর্ম্মের নিমিত্তে বরতরফ হইয়া পরে সরকারী কর্ম্মে পুনরায় নিযুক্ত হন, তবে এই বিধির অন্যথা হইবে অর্থাৎ তাঁহার বরতরফ হইয়া থাকার যত অল্প কাল হউক তাহার পূর্ব্বে যত কাল কর্ম্ম করিয়াছিলেন তাহা তাঁহার কর্ম্মের কালের মধ্যে ধরা যাইবে না।

২। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের গত মার্চ মাসের ২১ তারিখের ২১ নম্বরের বিজ্ঞাপনমূলক এই বিধি ঐ বিধিশ্রেণীর ১০ ক নম্বরের বিধি বলিয়া লিখিতে হইবে।

১০ ক বিধি।

কোন কার্য্যকারক পেনসান পাইবার দরখাস্ত করিলে যদি চিকিৎসক তাঁহাকে অধিক কর্ম্ম করিবার অনুপযুক্ত কহেন, তবে তাঁহাকে একেবারে বিদায় করা উচিত। পরে যদি তাঁহাকে পেনসান দেওয়া যায়, তবে কর্ম্মকারকের পদহইতে তাঁহার নাম উঠাইয়া দেওয়া যাইবার তারিখঅবধি তাঁহার ঐ পেনসান চলিবে। অধিক কর্ম্ম করিবার অনুপযুক্ত যদি প্রকাশ না হন, তবে তাঁহার পেনসান পাইবার দরখাস্তের উত্তর যত কাল না পাওয়া যায় তত কালপর্য্যন্ত তাঁহার কর্ম্ম করিতে থাকিবার অনুমতি হইতে পারিবেক।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমক্রমে।

এচ এল ডাম্পিয়র।

একটিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৬০ সাল ৩১ আগষ্ট।

---

৪৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নিকটে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৬০ সাল ৩১ আগষ্ট।

বোর্ডের সাহেবেরদের ১৮৫১ সালের ২৮ ফেব্রুআরি তারিখের ৫ নম্বরের সরক্যুলর পত্রের সঙ্গে কবুলিয়তের যে পাঠ দেওয়া গিয়াছিল, তাহাতে পট্টাদার

28th February 1851, No. 5, of a clause reserving to the Collector the power of immediately cancelling a lease when its conditions are found to be infringed by the lessee, I am directed to forward herewith revised forms of Kubooleuts to be adopted when leases of farms are given by Collectors.

H. L. DAMPIER,
Officiating Secretary.

পাট্টার নিয়ম লঙ্ঘন করিয়াছে দেখা গেলে, তদ্দণ্ড পাট্টা তৎক্ষণাৎ বাতিল করিতে কালেক্টর সাহেবকে ক্ষমতা দেওয়া যায় নাই, ইহাতে কিছু ক্লেশ বোধ হইয়াছে। এই কারণ কবুলিয়ৎ লিখিবার নূতন পাঠ ইহার সঙ্গে পাঠাইতেছি। যখন কালেক্টর সাহেবেরা ইজারার পাট্টা দেন তখন এই পাঠে কবুলিয়ৎ লইবেন।

এচ এল ডাম্পিয়র।
এক্টিং সেক্রেটারি।

মহামহিম শ্রীযুক্ত

বরাবরেষু।

লিখিতং শ্রী ওলদে সাকিন পরগনে

মোতালকে জেলা কস্য কবুলিয়ত পত্র মিদং কার্য্যমঞ্চাগে

আমি সরকার বাহাদুরের জেলা সংক্রান্ত

টাকা বার্ষিক সদর জমায় ইং সন নাং সন

মেয়াদে সাকিনের মাল জামিনেতে ইজারা লইলাম আইন ও বন্দবস্তানুসারে প্রজারদিগের নিকট খাজানা উসুল করিয়া আপন লিখিত কিস্তীবন্দী মোতাবেক সরকারি মালগুজারি কিস্তীং আদায় করিব যদ্যপি সনের মধ্যে কোন এক কিস্তীর সমুদয় কিম্বা কিয়দংশ খাজানা আদায় না করি তবে সর্ব্বতোভাবে সরকার বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে চলিত সনের শেষপর্য্যন্ত অপেক্ষা না করিয়া সনের মধ্যে আমার ইজারা পাট্টা রদ রহিত করিবেন আর বকী আদায়ের পক্ষে আমার জামিনদারের আবশ্যক জায়দাদ ও আমার নামি ও বেনামি স্থাবর অস্থাবর বস্তু যাহা প্রাপ্ত হয় নিলামে বিক্রয় করিয়া আদায় করিবেন তাহাতে আমার অথবা আমার ওয়ারিসান ও অছিয়ানের কোন ওজর আপত্তি থাকিবে না আর ফলা ও অফলা বৃক্ষাদি বিক্রয় অথবা ছেদন করিব না যদি আমার ত্রুটিতে মহাল মজকুরের কোন লোকসান হয় তাহার নেসান দিহি আমার জিম্মা হইবেক সরকারি মালগুজারি আদায় করণের বিষয়ে ছয়লাবি ও খুস্কি অথবা অন্য কোন দৈব ঘটনার ওজর করিব না এবং মঞ্জুর হইবেক না আর মহাল মজকুরের পতিত জমির খাজানা যাহা আমার তদবিরে আবাদ হয় তাহা ইজারার মেয়াদ শেষপর্য্যন্ত আমার হক ও যদি ইজারার মেয়াদ মধ্যে আমার মৃত্যু হয় তবে সরকার বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে উক্ত মহাল অন্যের সহিত বন্দবস্ত করেন কিম্বা আমার উত্তরাধিকারি ও আমার জামিনদারের মঞ্জুরিতে মেয়াদ সমাপ্ত হওন পর্য্যন্ত আমার উত্তরাধিকারির সহিত উক্ত মহালের ইজারা বহাল রাখেন আর ইজারার মেয়াদ মধ্যে সরকার হইতে যখন যে কাগজ তলব হইবেক তাহা বিনা ওজর দাখিল করিব না করিলে আইনমত আমলে আসিবেক আর প্রকাশ থাকে যে শ্রীযুত কালেক্টর সাহেবের মঞ্জুরি ব্যতিরেক আমার কোন ক্ষমতা থাকিবেক না যে উক্ত মহালের ইজারার স্বত্ব অপরকে বিক্রয় করি অথবা দর ইজারা দেই কিম্বা অপরকে ইজারার অংশিদার করি যদি করি অথবা এই কবুলীয়তের লিখিত কোন বন্ধের অন্যথাচরণ করি তবে সরকারের ক্ষমতা থাকিবেক যে আমার ইজারা পাট্টা রদ করেন এতদর্থে কবুলীয়ত লিখিয়া দিলাম ইতি।

তপসীল।

কিস্তিবন্দী।

মহামহিম শ্রীযুক্ত

বরাবরে ।

লিখিতং শ্রী ওলদে সাকিম

পরগনে মোতালকে জেলা কস্য কবুলিয়ত পত্র মিদং

কার্য্যনঞ্চাগে আমি জেলা সং কান্ত

টাকা বার্ষিক জমায় ইং সন

নাং সন মেয়াদে সাকিনের

মালজামিনীতে ইজারা লইলাম আইনানুসারে প্রজাপ্রভৃতির নিকট খাজানা উসুল করিয়া আপন লিখিত কিস্তীবন্দী মোতাবেক ইজারার মালগুজারি কিস্তী২ আদায় করিব যদ্যপি সনের মধ্যে কোন এক কিস্তীর সমুদয় কিম্বা কিয়দং শ খাজানা আদায় না করি তবে সর্ব্বতোভাবে কোর্ট আফ ওয়ার্ডেসের ক্ষমতা থাকিবেক যে চলিত সনের শেষপর্য্যন্ত অপেক্ষা না করিয়া সনের মধ্যেই আমার ইজারা পাট্টা রদ রহিত করিবেন আর বাকি আদায়ের পক্ষে আমার জামিনদারের আবদ্ধীয় জায়দাদ ও আমার নামি ও বেনামি স্থাবরাস্থাবর বস্তু যাহা প্রাপ্ত হয় নিলামে বিক্রয় করিয়া আদায় করিবেন তাহাতে আমার অথবা আমার ওয়ারিসান ও অছিয়ানের কোন ওজর আপত্তি থাকিবেক না আর ফলা অফলা বৃক্ষাদি বিক্রয় অথবা ছেদন করিব না যদি আমার ত্রুটিতে মহাল মজকুরের কোন লোকসান হয় তাহার নেসানদিহি আমার জিম্মা হইবেক ইজারার মালগুজারি আদায় করণের বিষয়ে ছয়লাবি ও খুস্কি অথবা অন্য কোন দৈব ঘটনার ওজর করিব না এবং মঞ্জুর হইবেক না আর মহাল মজকুরের পতিত জমির খাজানা যাহা আমার তদবিরে আবাদ হয় তাহা ইজারার মেয়াদ শেষপর্য্যন্ত আমার হক ও যদি ইজারার মেয়াদ মধ্যে আমার মৃত্যু হয় তবে কোর্ট আফ ওয়ার্ডেসের ক্ষমতা থাকিবেক যে উক্ত মহাল অন্যের সহিত বন্দবস্ত করেন কিম্বা আমার উত্তরাধিকারি ও আমার জামিনদারের মঞ্জুরিতে মেয়াদ সমাপ্ত হওনপর্য্যন্ত আমার উত্তরাধিকারির সহিত উক্ত মহালের ইজারা বহাল রাখেন আর ইজারার মেয়াদ মধ্যে হুজুরহইতে যখন যে কাগজ তলব হইবেক তাহা বিনা ওজর দাখিল করিব না করিলে আইনমত আমলে আসিবেক আর প্রকাশ থাকে যে কোর্ট আফ ওয়ার্ডেসের মঞ্জুরিব্যতিরেক আমার কোন ক্ষমতা থাকিবেক না যে উক্ত মহালের ইজারার স্বত্ব অপরকে বিক্রয় করি অথবা দর ইজারা দেই কিম্বা অপরকে ইজারার অংশিদার করি যদি করি অথবা এই কবুলিয়তের লিখিত কোন স্বত্বের অন্যথা আচরণ করি তবে কোর্ট আফ ওয়ার্ডেসের ক্ষমতা থাকিবেক যে আমার ইজারা পাট্টা রদ করেন এতদর্থে কবুলিয়ত লিখিয়া দিলাম ইতি ।

ভপসীল ।

কিস্তিবন্দী ।

No. 50.

CIRCULAR MEMORANDUM.

To the Commissioner of

The following addition is to be made to the Rules annexed to Circular Order No. 5, dated 16th February 1858.

Rule 15. Whenever it may be necessary to appoint an Arbitrator on the part of Government, under Section X. of Act VI. of 1857, the Deputy Collector or other Officer to whom the duty of

[*Government Gazette*, 25*th December* 1860.]

৫০ নম্বর ।

স্মারক লিপির মরক্যলর ।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেব বরাবরেষু ।

১৮৫৮ সালের ১৬ ফেব্রুআরি তারিখের ৫ নম্বরের মরক্যলরে যে বিধি ছাপা হইয়াছিল তাহার সঙ্গে এই বিধি দিতে হইবেক ।

১৫ বিধি । যখন ১৮৫৭ সালের ৬ আইনের ১০ ধারামতে গবর্ণমেণ্টের পক্ষে সালিসকে নিযুক্ত করা আবশ্যক হয় তখন যে ডেপুটী কালেক্টরের কি অন্য কার্য্যকারকের প্রতি কালেক্টর সাহেবের তজবীজে

taking the land may have been entrusted, subject to the Collector's supervision, may nominate a person for the approval of the Collector, but the final appointment shall in all cases be made by the Collector himself, who will be held strictly answerable that a proper selection be made.

By Order of the Board of Revenue,

H. L. DAMPIER,
Offg. Secretary.

Fort William, the 4th September, 1860.

No. 51.

From H. L. Dampier, Esquire, Offg. Secretary to the Board of Revenue, to the Commissioner of Revenue, for the Division of

Dated Fort William, the 7th September, 1860.

The annexed copy of a letter, dated the 25th ultimo, No. 1193, containing the opinion of the Superintendent and Remembrancer of Legal Affairs, in which the Board of Revenue concur, on the question whether in suits under Section 28, Act X. of 1859, the *onus probandi* lies on the zemindar or the lakhiraj dar, is forwarded for communication to the Collectors and Deputy Collectors subordinate to you for their information and guidance.

H. L. DAMPIER,
Offg. Secretary.

No. 1193.

Fort William, the 25th August, 1860.

From F. Beaufort, Esquire, Supdt. and Rembr. of Legal Affairs, to the Offg. Secretary to the Board of Revenue, Lower Provinces.

I have the honor to acknowledge the receipt of your letter No. 82 of the 21st instant, enquiring, in regard to cases under Section 28, Act X. 1859, whether the *onus probandi* lies on the zemindar or the lakhirajdar.

2*nd.* Under Section 10, Regulation 1793, the zemindar was empowered, of his own authority, and without reference to any Court, to collect the rents from lands held rent-free under grants, the date of which is subsequent to the 1st December 1790. He was also empowered to dispossess the lakhirajdar of the proprietary right in the land, and to re-annex it to the estate in which it is situated. Section 28, Act X. 1859 took away this privilege, and required the zemindar to institute a summary suit before the Collector, when he desires to assess such lands or so to dispossess the grantee.

3*rd.* The suits referred to in that Section are therefore those only in which the zemindar alleges that the date of the grant is subsequent to the 1st December 1790, and the only issue which the Collector is to try is, whether the lakhiraj tenure

জমী লইবার ভার থাকে তিনি কালেক্টর সাহেবের মঞ্জুর করিবার নিমিত্তে লোককে মনোনীত করিতে পারিবেন। কিন্তু তাঁহাকে নিযুক্ত করিবার ভার সর্ব্বদাই কালেক্টর সাহেবের প্রতি থাকিবে। উপযুক্ত লোককে নযুক্ত করা যায় এই বিষয়ে কেবল কালেক্টর সাহেব দায়ী হইবেন।

বোর্ড রেবিনিউর হুকুমক্রমে।

এচ এল ডাম্পিয়র।
এক্টিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
১৮৬০ সাল ৪ সেপ্টেম্বর।

---

৫১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ৭ সেপ্টেম্বর।

১৮৫৯ সালের ১০ আইনের ২৮ ধারামতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায়, সেই২ মোকদ্দমাতে প্রমাণ করিবার ভার জমীদারের উপর না লাখেরাজদারের উপর থাকে, এই বিষয়ে সরকারী মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রানসর সাহেব যে মত প্রকাশ করেন তাহার গত মাসের ২৫ তারিখের ১১৯৩ নম্বরের পত্রের নীচের লিখিত নকলতোমার অধীন কালেক্টর সাহেবেরদের ও ডেপুটী কালেক্টরেরদের অবগত হইবার জন্যে ও তদ্দৃষ্টে তাঁহারদের কর্ম্ম হইবার জন্যে তোমার নিকটে পাঠান যাইতেছে। সেই মতে বোর্ড রেবিনিউর সাহেবেরদের সম্মতি আছে।

এচ এল ডাম্পিয়র।
এক্টিং সেক্রেটারী।

১১৯৩ নম্বর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ২৫ আগষ্ট।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটরী সাহেবের নিকটে সরকারী মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রানসর শ্রীযুত এফ বোফর্ট সাহেবের পত্র।

তোমার বর্ত্তমান মাসের ২১ তারিখের ৮২ নম্বরের পত্র পাওয়া গিয়াছে তাহাতে ১৮৫৯ সালের ১০ আইনের ২৮ ধারামতের মোকদ্দমার বিষয়ে এই জিজ্ঞাসা হইয়াছে যে, প্রমাণ করিবার ভার জমীদারের উপর না লাখেরাজদারের উপর থাকে।

২। ১৭৯৩ সালের ১৯ আইনের ১০ ধারামতে, ১৭৯০ সালের ১ ডিসেম্বরের পর যে ভূমির দান নিষ্করক্রমে হইয়া থাকে তাহার খাজানা জমীদারেরদের নিজ২ শক্তিক্রমে ও কোন আদালতকে সংবাদ দেওনব্যতিরেকে উসুল করিবার ক্ষমতা ছিল। আরো লাখেরাজদারকে সেই ভূমির অধিকারিত্ব স্বত্বহইতে বেদখল করিয়া, সেই ভূমি যে মহালের মধ্যে থাকে তাহার শামিল পুনরায় করিতে ঐ জমীদারের ক্ষমতা ছিল। ১৮৫৯ সালের ১০ আইনের ২৮ ধারাতে সেই ক্ষমতা রহিত হয়, ও জমীদার যখন সেইরূপ জমীর খাজানা বসাইতে চাহে কিম্বা যাহাকে জমী দেওয়া গিয়াছিল তাহাকে বেদখল করিতে চাহে, তখন কালেক্টর সাহেবের সম্মুখে তাহার সরাসরী মোকদ্দমা উপস্থিত করিবার আজ্ঞা হয়।

৩। অতএব ভূমি দান হইবার তারিখ ১৭৯০ সালের ১ ডিসেম্বরের পর হয়, এই কথা যে ভূমির বিষয়ে জমীদার কহে কেবল সেই ভূমির মোকদ্দমার কথা ঐ ধারাতে হইয়াছে, ও সেই অধিকারভূমি লাখেরাজরূপে সেই তারিখের পূর্ব্বে কি পরে দেওয়া যায়, কেবল

was created before or after that date. In the former case he decides that the right of the lakhirajdar to hold the land rent-free cannot be determined in a summary suit, and that regular proceedings must be taken under Regulation II. 1819; and in the latter he declares the power of the zemindar to go in at once and assess, and to dispossess the grantee of proprietary right or, in other words, to realize the rent direct from the occupants of the land. In a suit under this Section, the Collector could not, I think, determine any other point, as *e. g.* the rate of assessment; but must confine his judgment to the single point of the date of the grant, that is to say, whether *primâ facie* the grant is invalid on account of the date of its creation; and the parties are then left to carry on their contest by a regular suit under Regulation II. 1819.

এই কথার বিচার কালেক্টর সাহেবের করিতে হয়। সেই তারিখের পূর্ব্বে যদি দেওয়া গিয়া থাকে তবে তাঁহার এই নিষ্পত্তি হইবে যে, লাখেরাজদারের সেই জমী নিষ্করূপে ভোগ করিবার স্বত্ব সরাসরী মোকদ্দমাতে নির্দ্ধার্য্য হইতে পারিবে না ও ১৮১৯ সালের ২ আইনমতে জাবেতামতের মোকদ্দমা করিতে হইবে। যদি ঐ তারিখের পরে ভূমি দেওয়া গিয়া থাকে, তবে কালেক্টর সাহেবের এই হুকুম হইবে, যে, জমীদার একেবারে গিয়া ভূমির খাজানা ধার্য্য করে ও যাহাকে জমী দেওয়া গিয়াছিল তাহাকে অধিকারিত্ব স্বত্বহইতে বেদখল করে, অর্থাৎ একেবারে ঐ জমীর দখীলকারেরদের স্থানে খাজানা উসুল করে। আমার বিবেচনামতে কালেক্টর সাহেব এই ধারামতের মোকদ্দমায় অন্য কোন বিষয় অর্থাৎ যত খাজানা বসাইতে হইবেক ইত্যাদি বিষয় নির্দ্ধার্য্য করিতে পারিবেন না। কিন্তু ভূমি যে তারিখে দেওয়াযায় কেবল এই এক বিষয়ের বিচার করিবেন, অর্থাৎ ভূমি নিষ্কর করিবার তারিখ বুঝিয়া ঐ ভূমির দান আদিদুস্টে অসিদ্ধ হয় কি না এই কথার বিচার করিবেন। পরে উভয় পক্ষ ১৮১৯ সালের ২ আইনমতে জাবেতামতের মোকদ্দমা করিয়া আপনারদের বিবাদ চালাইতে পারিবে।

4th. If then the zemindar desires to avail himself of the summary proceeding permitted by Section 28, instead of having recourse to a regular suit, it seems to me that it lies with him to show that he is entitled to the advantage. It is not sufficient for him to claim a right to assess certain lands held rent-free, for on such an averment the Collector could not proceed under this Section; but he must aver, and must adduce *primâ facie* evidence to show that the grant was created at a date subsequent to 1st December 1790, and it will remain for the lakhirajdar to rebut that evidence, either by the limitation enacted in the concluding part of the Section or otherwise.

৪। তাহাতে জমীদার জাবেতামতের মোকদ্দমা না করিয়া ২৮ ধারামতে যে সরাসরী মোকদ্দমার অনুমতি আছে তাহা যদি করিতে চাহে তবে, তাহা করিতে তাহার স্বত্ব আছে এই কথা দর্শাইবার ভার ঐ জমীদারের প্রতি থাকে, আমার এইরূপ বোধ হয়। যে ভূমি নিষ্করূপে ভোগ হইতেছে তাহার উপর খাজানা বসাইবার স্বত্বের দাওয়ামাত্র করিলে হইবে না, কেননা তাহার সেইরূপ কথা হইলে কালেক্টর সাহেবের ঐ ধারামতে বিচার করিবার ক্ষমতা নাই। কিন্তু ঐ ভূমির দান ১৭৯০ সালের ১ ডিসেম্বরের পর কোন তারিখে হইয়াছিল, জমীদারের এই কথা কহিতে হইবে ও তাহা দর্শাইবার আদিদুস্টের প্রমাণও তাহার উপস্থিত করিতে হইবে। পরে লাখেরাজদার ঐ ধারার শেষ কথার লিখিত মিয়াদের খেলাফ হইয়াছে বলিয়া কি অন্য প্রকারের প্রমাণেতে ঐ জমীদারের প্রমাণ অন্যথা করিতে পারিলে করিবে।

5th. In a regular suit for the resumption of lakhiraj lands, the onus of proving his title to exemption would lie with the lakhirajdar, because the fact of the land being within the estate of the zemindar, would entitle him to a decree, unless the exemption were established, and because also the fact of exemption is peculiarly within the knowledge of the lakhirajdar. But in cases under Section 28, that presumption does not arise in the first instance; and the presumption would rather be in favor of the validity of the grant so far as regards the period of creation; and therefore the question of the peculiar knowledge of the lakhirajdar would be no reason for throwing the onus upon him.

৫। লাখেরাজী জমী বাজেয়াফ্ত করিবার জাবেতামতের মোকদ্দমা হইলে, মুক্ত হওয়ার স্বত্বের প্রমাণ করিবার ভার লাখেরাজদারের উপর থাকে। এক কারণ এই যদি মুক্ত হওয়ার স্বত্ব সাবুদ করিতে না পারে, তবে সেই ভূমি জমীদারের মহালের মধ্যে থাকাতেই তাহার ডিক্রী পাইবার অধিকার থাকে। অন্য কারণ এই। জমী মুক্ত হইতে পারে কি না এই বিষয় লাখেরাজদার বিশেষমতে জানে। কিন্তু ২৮ ধারামতে মোকদ্দমা হইলে ঐ জমী বাজেয়াফ্ত হইতে পারে এই অনুভব আদৌ গ্রাহ্য হইতে পারে না। বরং ভূমি লাখেরাজীরূপে দান হইবার তারিখসম্পর্কে ঐ দান সিদ্ধ আছে এমত অনুভব হইতে পারে। অতএব সেই কথা বিশেষমতে লাখেরাজদারের জ্ঞানের মধ্যে হইলেও তাহার উপর প্রমাণ করিবার ভার ফেলার কোন কারণ হয় না।

6th. Mr. Taylor, in his work on evidence, supplies two tests for ascertaining on whom the burthen of proof lies: *first*, to consider which party would succeed if no evidence were given on either side; and, *secondly*, to examine what would be the effect of striking out of the record the allegation to be proved, the onus lying on whichever party would fail if either of these steps were pursued, and applying either test to these cases, it is evident that the

৬। টেলর সাহেব প্রমাণবিষয়ের যে পুস্তক লিখিয়াছেন, তাহাতে প্রমাণ করিবার ভার কোন্ পক্ষের উপর থাকে তাহা নির্ণয় করিবার দুই বিধি লিখিয়াছেন। প্রথম, উভয় পক্ষ কোন প্রমাণ না দিলে কোন্ পক্ষ জিতিতে পারে, ইহার নির্ণয় করণ। দ্বিতীয়, যে কথার প্রমাণ করিতে হইবেক তাহা একেবারে ত্যাগ করিলে কি ফল হয়, ইহা বিবেচনা করণ। ইহার মধ্যে কোন কর্ম্ম হইলে যে পক্ষের পরাজিত হইবার সম্ভাবনা, সেই পক্ষের উপর ঐ কথার প্রমাণ করিবার ভার থাকি-

plaintiff zemindar would fail, for the Collector would reject the application, and leave the zemindar to institute a regular suit.

(Signed) F. BEAUFORT,
Supdt. and Remembrancer of L. A.

(True Copy.)

H. L. DAMPIER,
Offg. Secretary.

Board of Revenue;
Fort William, the 7th September, 1860.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 19th December, 1860.

Mohendronath Bose, Moonsiff of Kandera, Zillah Beerbhoom, is deputed to Zillah 24-Pergunnahs, vice Juddonath Mullick, appointed an Assessor.

Hurropershad Sein, Moonsiff of Chowgong, to officiate as Moonsiff of Kandera, Zillah Beerbhoom, during the absence of the incumbent on deputation.

Gungakanth Mokerjea, Moonsiff of Attya, Zillah Mymensingh, to be Moonsiff of Furreedpore, Zillah Dacca, vice the incumbent appointed an Assessor.

Gourchunder Doss, a Diploma Holder, to be Moonsiff of Attya, Zillah Mymensingh.

Ramchunder Dhur, Additional Moonsiff of Nusseerabad, to be Moonsiff of Nicklee, Zillah Mymensingh, vice the incumbent appointed an Assessor.

Radhagobind Moitrea, B. A. and B. L., to be Additional Moonsiff of Nusseerabad, Zillah Mymensingh.

Gourchunder Mojoomdar, Moonsiff of Chuppye, Zillah Rajshahye, to be Moonsiff of Bazitpore, Zillah Mymensingh, vice the incumbent appointed an Assessor, but to officiate until further orders as Moonsiff of Shahzadpore, on deputation on special duty.

Ramcoomar Chowdhry, a Diploma Holder, to officiate as Moonsiff of Bazitpore, Zillah Mymensingh, until further orders.

Obhoychurn Dev, a Diploma Holder, to be Moonsiff of Howlah, Zillah Chittagong, vice the incumbent appointed an Assessor.

Brojonath Chowdhry, a Diploma Holder, to be Moonsiff of Borabari, Zillah Rungpore, vice the incumbent, late Moonsiff of Manikgunge, Zillah Dacca, appointed an Assessor.

Kasheepershad Sein, a Diploma Holder, to be Moonsiff of Budderguuge, Zillah Rungpore, vice the incumbent appointed an Assessor.

Chundernath Gooho, a Diploma Holder, to be Moonsiff of Olipore, Zillah Rungpore, vice the incumbent appointed a Deputy Magistrate and Deputy Collector.

যে। উক্ত প্রকারের মোকদ্দমায় ঐ দুই বিধি খাটাইলে ফরিয়াদকরণিয়া জমীদার পরাজিত হইত ইহা স্পষ্ট দৃষ্ট হইতেছে কারণ এই যে, কালেক্টর সাহেব তাহার দরখাস্ত অগ্রাহ্য করিতেন ও জমীদারের জাবেতামতের মোকদ্দমা করিতে হইত।

এফ বোফর্ট।
সরকারী মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট
ও রিমেম্ব্রানসর।

(যথার্থ নকল)
এচ এল ডাম্পিয়র।
এক্টিং সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ৭ সেপ্টেম্বর।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ১৯ ডিসেম্বর।

শ্রীযুত যদুনাথ মল্লিক আসেসরের কর্ম্মে নিযুক্ত হওয়াতে জিলা বীরভূমের কান্দেরার মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বসু জিলা চব্বিশপরগনাতে নিযুক্ত হইয়াছেন।

জিলা বীরভূমের কান্দেরার মুনসেফ সরকারী কর্ম্মেতে অন্য স্থানে প্রেরিত হওয়াতে চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু হরপ্রসাদ সেন ঐ স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন।

জিলা ঢাকার ফরিদপুরের মুনসেফ আসেসরের পদে নিযুক্ত হওয়াতে জিলা ময়মনসিংহের আটাইয়ার মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাকান্ত মুখুর্য্যা ফরিদপুরের মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গৌরচন্দ্র দাস জিলা ময়মনসিংহের আটাইয়ার মুনসেফ হইবেন।

জিলা ময়মনসিংহের নিকলীর মুনসেফ আসেসরের পদে নিযুক্ত হওয়াতে নসীরাবাদের অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু রামচন্দ্র ধর ঐ নিকলীর মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু রাধাগোবিন্দ মৈত্র B. A. ও B. L. জিলা ময়মনসিংহের নসীরাবাদের অতিরিক্ত মুনসেফ হইবেন।

জিলা ময়মনসিংহের বাজিৎপুরের মুনসেফ আসেসরের পদে নিযুক্ত হওয়াতে জিলা রাজশাহীর চাপাইর মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার ঐ বাজিৎপুরের মুনসেফ হইবেন, কিন্তু সরকারের বিশেষ কর্ম্মে নিযুক্ত হওয়াতে অন্য হুকুম না হওনপর্য্যন্ত শাহজাদপুরের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু রামকুমার চৌধুরী অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা ময়মনসিংহের বাজিৎপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

জিলা চাটিগাঁয়ের হোলার মুনসেফ আসেসরের পদে নিযুক্ত হওয়াতে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু অভয়াচরণ দেব ঐ স্থানের মুনসেফ হইবেন।

জিলা ঢাকার মাণিকগঞ্জের সাবেক মুনসেফ জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফী কর্ম্ম করণান্তর আসেসরের পদে নিযুক্ত হওয়াতে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু ব্রজনাথ চৌধুরী ঐ বড়বাড়ীর মুনসেফ হইবেন।

জিলা রঙ্গপুরের বদরগঞ্জের মুনসেফ আসেসরের পদে নিযুক্ত হওয়াতে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু কাশীপ্রসাদ সেন ঐ স্থানের মুনসেফ হইবেন।

জিলা রঙ্গপুরের অলিপুরের মুনসেফ ডেপুটী মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হওয়াতে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু চন্দ্রনাথ গুহ ঐ স্থানের মুনসেফ হইবেন।

Nundcoomar, to be Moonsiff of Lakdah, Zillah Manbhoom, vice the incumbent appointed a Deputy Magistrate and Deputy Collector.

Greeshchunder Mookerjea, a Diploma Holder, to officiate as Moonsiff of Noabad, Zillah Jessore, vice the incumbent, who has obtained leave of absence for six months, on Medical Certificate.

LEAVE OF ABSENCE.

The 15th December, 1860.

Baboo Thakoordoss Mookerjea, Moonsiff of Busheerhaut, Zillah 24-Pergunnahs, for one month, under Medical Certificate.

H. B. LAWFORD, *Register*.

জিলা মানভূমের লাকদহের মুনসেফ ডেপুটী মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হওয়াতে শ্রীযুত নন্দকুমার বাবু ঐ স্থানের মুনসেফী পদে নিযুক্ত হইয়াছেন।

জিলা যশোহরের নওয়াবাদের মুনসেফ চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন তাঁহার পরিবর্ত্তে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গিরিশচন্দ্র মুখুর্য্যা ঐ স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৫ ডিসেম্বর।

জিলা চব্বিশপরগনার বশীরহাটের মুনসেফ শ্রীযুত বাবু ঠকুরদাস মুখুর্য্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। রেজিষ্টর।

FINANCIAL DEPARTMENT.

No. 85.

Fort William, the 5th October, 1860.

Notifications.—The Governor General in Council is pleased to notify for general information that the following Rules which were passed on the 29th April 1859, as an experimental measure for (1) one year, have now been permanently fixed :—

When Covenanted Officers, Civil or Military, officiate for Uncovenanted Officers, and when Uncovenanted Officers act for Covenanted Officers, Civil or Military, the Deputation Allowance in such cases will be regulated according to the principle laid down in Chapter VI., Sections 25, 26 and 27, of the Covenanted Civil Absentee Rules, it being understood however that Section 27 shall not apply to *Ministerial* Officers acting for Covenanted Officers, who are entitled to acting allowance from the date they commence to officiate and not after the expiration of one month as in the case of other Uncovenanted Officers of superior grade.

When an Officer of the Uncovenanted Service acts for another of the same Service, or when a Military Officer acts for another Military Officer, his allowances shall be regulated by the Rules of the Service to which he belongs.

Published by Order of the Governor General in Council,

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

৮৫ নম্বর।

ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল ৫ অক্টোবর।

বিজ্ঞাপন।

হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর সকল লোকের জানিবার জন্যে এই সম্বাদ দিতেছেন।

১৮৫৯ সালের ২৯ আপ্রিল তারিখে নীচের লিখিত যে বিধি পরীক্ষার্থে এক বৎসরের নিমিত্তে চলন হইয়াছিল তাহা এইক্ষণে দৃঢ়রূপে নির্দ্ধার্য্য হইয়াছে।

দেওয়ানী কি সৈন্যসম্পর্কীয় চিহ্নিত কার্য্যকারকেরা যখন অচিহ্নিত কার্য্যকারকেরদের নিমিত্তে কর্ম্ম করেন, ও অচিহ্নিত কর্ম্মকারকেরা যখন দেওয়ানী কি সৈন্যসম্পর্কীয় চিহ্নিত কার্য্যকারকেরদের নিমিত্তে কর্ম্ম করেন তখন সেই কর্ম্ম করণ কালে তাঁহারদের বেতন দেওয়ানীর চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২৫ ও ২৬ ও ২৭ ধারার বিধানমতে নির্দ্ধার্য্য হইবে। কিন্তু চিহ্নিত কার্য্যকারকেরদের নিমিত্তে যখন আমলারা কর্ম্ম করে তখন তাহারদের উপর ২৭ বিধি খাটিবে না তাহারদের উপরিস্থ শ্রেণীর অচিহ্নিত কার্য্যকারকেরা যে সময়ে চিহ্নিত কার্য্যকারকেরদের নিমিত্তে কর্ম্ম করিতে আরম্ভ করেন সেই সময়াবধি এক মাস গত না হইলে তাঁহারা ঐ একটিংরূপে কর্ম্ম করিবার বেতন পান না। কিন্তু আমলারা যে সময়ে একটিংরূপে কর্ম্ম করিতে আরম্ভ করে সেই সময়াবধি বেতন পাইবে।

অচিহ্নিত এক জন কর্ম্মকারক যদি অচিহ্নিত অন্য কার্য্যকারকের কর্ম্ম নির্ব্বাহ করেন কিম্বা সৈন্যসম্পর্কীয় এক কার্য্যকারক যখন সৈন্যসম্পর্কীয় অন্য কার্য্যকারকের কর্ম্ম নির্ব্বাহ করেন তখন তাঁহার কর্ম্মের যে সম্প্রদায়ে থাকেন সেই সম্প্রদায়ের নিয়মমতে তাঁহারদের বেতনের বিধি হইবে

হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের আজ্ঞামতে প্রকাশ হইল।

No. 86.

The 10th October, 1860.

THE Governor General in Council having approved of the subjoined Table for computing the Income Tax, directs that it be published in the *Calcutta Gazette* for general use, in supersession of all existing Tables:—

TABLE for computing the Income Tax.

ONE PER CENT.				TWO PER CENT.				THREE PER CENT.				
Income.		Tax.		Income.		Tax.		Income.			Tax.	
Rs.	As.	Rs.	As.	Rs.	As.	Rs.	As.	Rs.	As.	P.	Rs.	As.
6	4	0	1	3	2	0	1	2	1	4	0	1
12	8	0	2	6	4	0	2	4	2	8	0	2
18	12	0	3	9	6	0	3	6	4	0	0	3
25	0	0	4	12	8	0	4	8	5	4	0	4
31	4	0	5	15	10	0	5	10	6	8	0	5
37	8	0	6	18	12	0	6	12	8	0	0	6
43	12	0	7	21	14	0	7	14	9	4	0	7
50	0	0	8	25	0	0	8	16	10	8	0	8
56	4	0	9	28	2	0	9	18	12	0	0	9
62	8	0	10	31	4	0	10	20	13	4	0	10
68	12	0	11	34	6	0	11	22	14	8	0	11
75	0	0	12	37	8	0	12	25	0	0	0	12
81	4	0	13	40	10	0	13	27	1	4	0	13
87	8	0	14	43	12	0	14	29	2	8	0	14
93	12	0	15	46	14	0	15	31	4	0	0	15
				50	0	1	0	33	5	4	1	0
				53	2	1	1	35	6	8	1	1
				56	4	1	2	37	8	0	1	2
				59	6	1	3	39	9	4	1	3
				62	8	1	4	41	10	8	1	4
				65	10	1	5	43	12	0	1	5
				68	12	1	6	45	13	4	1	6
				71	14	1	7	47	14	8	1	7
				75	0	1	8	50	0	0	1	8
				78	2	1	9	52	1	4	1	9
				81	4	1	10	54	2	8	1	10
				84	6	1	11	56	4	0	1	11
				87	8	1	12	58	5	4	1	12
				90	10	1	13	60	6	8	1	13
				93	12	1	14	62	8	0	1	14
				96	14	1	15	64	9	4	1	15
								66	10	8	2	0
								68	12	0	2	1
								70	13	4	2	2
								72	14	8	2	3
								75	0	0	2	4
								77	1	4	2	5
								79	2	8	2	6
								81	4	0	2	7
								83	5	4	2	8
								85	6	8	2	9
								87	8	0	2	10
								89	9	4	2	11
								91	10	8	2	12
								93	12	0	2	13
								95	13	4	2	14
								97	14	8	2	15

RULE.—Cut off two figures of the Rupees. Multiply those on the left hand by the Tax rate. To the product *add* the tabular amount of tax corresponding to the cut off figures (or to the *next less*) taken from the proper Rate column.

Example.—Required the tax on Rupees 1,874, at one and three per cent.

	Rs.	*As.*	
1,874 =	18	11	at 1 per cent.
18 × 3 =	54	0	
74 =	2	3	
	56	3	at 3 per cent.

---

৮৬ নম্বর।

১৮৬০ সাল ১০ অক্টোবর।

ইনকম টাক্স বলিয়া যত টাকা দিতে হইবেক তাহার হিসাব করিবার এই ফর্দ্দ হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর গ্রাহ্য করিয়াছেন ও অন্য যে সকল ফর্দ্দ হইয়াছে তাহা বাতিল করিয়া এই ফর্দ্দ সকল লোকের ব্যবহারের জন্যে কলিকাতা গেজেটে প্রকাশ করিতে আজ্ঞা করিয়াছেন।

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৬০। ২৫ ডিসেম্বর।]

আয়ের উপর যত টাকা টাক্‌স দিতে হইবে তাহার হিসাব করিবার ফর্দ্দ।

শতকরা ১৲ টাকার হিসাবে		শতকরা ২৲ টাকার হিসাবে		শতকরা ৩৲ টাকার হিসাবে	
আয়	টাক্‌স	আয়	টাক্‌স	আয়	টাক্‌স
৹৬ ।৹	৴	৩৶	৴	২৴৪	৴
১২ ॥৹	৶	৬ ।৹	৶	৪৶৮	৶
১৮৸৹	৷	৯ ।৶	৷	৬ ।৹	৷
২৫৲	।৹	১২ ॥৹	।৹	৮৴৪	।৹
৩১ ।৹	।৴	১৫ ॥৶	।৴	১০ ।৶৮	।৴
৩৭ ॥৹	।৶	১৮৸৹	।৶	১২ ॥৹	।৶
৪৩৸৹	।৷	২১৸৶	।৷	১৪ ॥৴৪	।৷
৫০৲	॥৹	২৫৲	॥৹	১৬ ॥৶৮	॥৹
৫৬ ।৹	॥৴	২৮৶	॥৴	১৮৸৹	॥৴
৬২ ॥৹	॥৶	৩১ ।৹	॥৶	২০৸৴৪	॥৶
৬৮৸৹	॥৷	৩৪ ।৶	॥৷	২২৸৶৮	॥৷
৭৫৲	৸৹	৩৭ ॥৹	৸৹	২৫৲	৸৹
৮১ ।৹	৸৴	৪০ ॥৶	৸৴	২৭৴৪	৸৴
৮৭ ॥৹	৸৶	৪৩৸৹	৸৶	২৯৶৮	৸৶
৯৩৸৹	৸৷	৪৬৸৶	৸৷	৩১ ।৹	৸৷
		৫০৲	১৲	৩৩ ।৴৪	১৲
		৫৩৶	১৴	৩৫ ।৶৮	১৴
		৫৬ ।৹	১৶	৩৭ ॥৹	১৶
		৫৯ ।৶	১৷	৩৯ ॥৴৪	১৷
		৬২ ॥৹	১ ।৹	৪১ ॥৶৮	১ ।৹
		৬৫ ॥৶	১ ।৴	৪৩৸৹	১ ।৴
		৬৮৸৹	১ ।৶	৪৫৸৴৪	১ ।৶
		৭১৸৶	১ ।৷	৪৭৸৶৮	১ ।৷
		৭৫৲	১ ॥৹	৫০৲	১ ॥৹
		৭৮৶	১ ॥৴	৫২৴৪	১ ॥৴
		৮১ ।৹	১ ॥৶	৫৪৶৮	১ ॥৶
		৮৪ ।৶	১ ॥৷	৫৬ ।৹	১ ॥৷
		৮৭ ॥৹	১৸৹	৫৮ ।৴৪	১৸৹
		৯০ ॥৶	১৸৴	৬০ ।৶৮	১৸৴
		৯৩৸৹	১৸৶	৬২ ॥৹	১৸৶
		৯৬৸৶	১৸৷	৬৪ ॥৴৪	১৸৷
				৬৬ ॥৶৮	২৲
				৬৮৸৹	২৴
				৭০৸৴৪	২৶
				৭২৸৶৮	২৷
				৭৫৲	২ ।৹
				৭৭৴৪	২ ।৴
				৭৯৶৮	২ ।৶
				৮১ ।৹	২ ।৷
				৮৩ ।৴৪	২ ॥৹
				৮৫ ।৶৮	২ ॥৴
				৮৭ ॥৹	২ ॥৶
				৮৯ ॥৴৪	২ ॥৷
				৯১ ॥৶৮	২৸৹
				৯৩৸৹	২৸৴
				৯৫৸৴৪	২৸৶
				৯৭৸৶৮	২৸৷

বিধি।

যত টাকা হয় তাহার প্রথম দুই অঙ্ক ভিন্ন করিয়া সেই দুই অঙ্ক টাক্‌স যত টাকার হয় তত টাকাতে পূরণ কর। তাহাতে যে অঙ্ক পাওয়া যায় তাহার সঙ্গে ভিন্নকরা অন্য অঙ্কের যত টাক্‌স টাক্‌সের উপযুক্ত ঘরে লেখা আছে (কিম্বা তাহার কম যেটা হয়) তাহা একুন করিয়া ধর।

ইহার উদাহরণ।

১৮৭৪৲ টাকার উপর শতকরা ১৲ টাকার ও শতকরা ৩৲ টাকার হিসাবে কত টাক্‌স লাগে।

শতকরা ১৲ টাকার হিসাবে ১৮৭৪৲ ১৮ ॥৶

শতকরা ৩ টাকার হিসাবে ৩ গুণ ১৮ হয় ৫৪৲

৭৪৲ টাকার টাক্‌স ২৶

৫৬৶

অর্থাৎ শতকরা তিন টাকার হিসাবের আয়ের ঘরে দেখিলে ৭৪৲ টাকা পাওয়া যায় না। তাহার কম ৭২ ॥৶৮ টাকার টাক্‌স ২৶ লেখা হইয়াছে তাহা ধরিতে হইবে।

৫১৭১ নম্বর।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৬০ সাল ২২ ডিসেম্বর।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে করতোয়া নদীর যে অংশ বগুড়া জিলার মধ্যে আছে, সেই অংশেতে যে সকল নৌকা ও বাহাদুরী-কাঠের ও বাঁশের মাড়প্রভৃতি যায় তাহার উপর ১৮৫৬ সালের ২২ আইনের বিধানমতে মাসুল আদায় করিবার ক্ষমতা বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট ১৮৬১ সালের ১ জানুআরি তারিখঅবধি শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুরকে দিয়াছেন। ও সেই অভিপ্রায়ে গোসাঁইপুরে ও শিবগঞ্জে ও খাঁপুরে তাঁহার মাসুলের চৌকী করিবার অনুমতি হইয়াছে। অতএব সর্ব্ব সাধারণ লোককে আজ্ঞা হইতেছে যে, পূর্ব্বোক্ত বাবু যে সকল আমলাকে নিযুক্ত করেন তাহারদিগকে উক্ত প্রকারের সকল নৌকাপ্রভৃতির মাসুল নীচের লিখিত হিসাবে ও বিধিমতে দিতে হইবেক। আরো সকলকে সাবধান করা যাইতেছে, যে, কোন লোক যদি ঐ মাসুল না দিবার উদ্যোগ করে কি ঐ মাসুল না দেয়, কিম্বা কোন আমলা ঐ মাসুল আদায় করিবার কার্য্য আইনমতে করিলে যদি কেহ তাহার বাধা দেয়, তবে সেই অপরাধির নামে নালিশ হইবেক ও তাহার দণ্ড হইবেক। আরো সকলকে সতর্ক করা যাইতেছে যে, ঐ নদীতে নৌকাদির গমনাগমন হইতে পারিবার জন্যে যে সকল কার্য্য করা যায় তাহার কোন প্রকারের নোকসান কেহ না করে, ও বাঁধাল দিয়া কি মাছ ধরিবার অন্য উপায় করিয়া উক্ত নদীতে নৌকাদির গমনাগমনের কোন বাধা না করে, ও যাহাতে ঐ নদীতে নৌকাদির গমনাগমনের বাধা হয় এমন ভাবে কোন নৌকাপ্রভৃতি না রাখে কি ছাড়িয়া না যায়।

করতোয়া নদীর যে অংশ বগুড়া জিলার মধ্যে আছে, সেই অংশেতে মাসুল আদায় করিবার ও দিবার বিধি।

১। মাসুল আদায় করিবার চৌকী গোসাঁইপুরে ও শিবগঞ্জে ও খাঁপুরে করা যাইবে।

২। গোসাঁইপুর ও খাঁপুরের মধ্যে করতোয়া নদীর যে অংশ থাকে, সেই অংশ দিয়া যে সকল নৌকা কি বাহাদুরী কাঠের কি বাঁশের মাড় যায়, তাহার উপর নীচের লিখিত হিসাবে মাসুল দিতে হইবে, অর্থাৎ

প্রত্যেক নৌকার এক২ শত মোনপ্রতি	॥০ আট আনা।
বাহাদুরী কাঠের মাড়ের উপর এক২ বাহাদুরী কাঠের	/ এক আনা।
বাঁশের মাড়ের উপর এক২ শত বাঁশের	৵ দুই আনা।

৩। করতোয়া নদীর ঐ ভাগে যে সকল নৌকা গিয়া তাহার উক্ত নিরূপিত মাসুল দেয় তাহাতে এক২ খান টিকিট দেওয়া যাইবে। ও যে নৌকার মাসুল দেওয়া গিয়াছে তাহা চিনিবার জন্যে ঐ টিকিটে মাজির নাম লেখা যাইবে।

৪। ঐ মাসুল আদায় করিবার ক্ষমতা যে আমলার থাকে সে সেই টিকিট চাহিয়া লইয়া দৃষ্টি করিতে পারিবে, এই কারণে ঐ টিকিট নৌকায় এমন রাখিতে হইবেক যে দেখাইতে হইলে কিছু বিলম্ব না হয়।

৫। কোন নৌকাপ্রভৃতির টিকিট চাহিবামাত্র যদি দেখান যাইতে না পারে তবে ১৮৫৬ সালের ২২ আইনের ৩ ধারামতে ঐ নৌকা ও তাহার বোঝাই মাল ক্রোক করা যাইবে। তাহার পরে যদি কোন টিকিট দেখান যায়, তবে তাহাই মাসুলের চৌকীতে দেওয়া গিয়াছে এইরূপ কথা হইলেও তাহা গ্রাহ্য হইবেক না।

৬। উক্ত বিধিমতে যে সকল নৌকাদি ক্রোক হয় কি আটকাইয়া রাখা যায় তাহা ১৮৫৬ সালের ২২ আইনের ৩ ধারামতে নীলাম হইতে পারিবেক।

৭। প্রত্যেক নৌকার কি মাড়ের মাসুল কেবল এক চৌকিতে দিতে হইবেক। কিন্তু অন্য২ চৌকীতে ঐ টিকিট দেখান আবশ্যক। দেখাইলে আর মাসুল না দিয়া ঐ নৌকাদি চলিতে পারিবে।

৮। নৌকাতে যত মোন বোঝাই ধরে ইহার কিছু বিবাদ হইলে তাহা নিরূপণের এই বিধি।

ঐ নৌকার লম্বাইর মাপ এইপ্রকারে লইতে হইবেক। নৌকার অগ্রভাগের মাঝখানঅবধি নৌকার পুরা বোঝাই হইলে যত জল ভাঙ্গে নৌকার বাহিরে সেই জলের দাগ ধরিয়া পশ্চাৎভাগের মাঝখানপর্য্যন্ত দড়ি টানিতে হইবেক। ও যত ফুট হয় তাহাহইতে শত প্রতি ত্রিশ ফুট বাদ দিয়া তাহা নৌকার লম্বাই বলিয়া ধরা যাইবে। ফুটের উপর ইঞ্চি হইলে তাহা ধরিতে হইবেক না। ইহাতে উক্ত হিসাবে লম্বাইর অর্দ্ধেক ও নৌকার চৌড়াই ও গভীরতা যত হয় তত্তা সকল পূরণ করিয়া সেই হিসাবে নৌকার বোঝাইয়ের মোন গণ্য হইবেক। চৌড়াইয়ের মাপ করিবার এই নিয়ম। নৌকার এক পার্শ্বের তক্তাহইতে অন্য পার্শ্বের তক্তাপর্য্যন্ত যত হয় তাহা চৌড়াই হইবে। ও নৌকার পাড়নঅবধি মাঝের কাঠের তলপর্য্যন্ত তাহার গভীরতা ধরা যাইবে।

৯। ঐ নদীতে নৌকাদির গমনাগমনের পথ খোলা রাখিবার জন্যে যে সকল আমলা নিযুক্ত থাকে, তাহারদিগকে এই২ ক্ষমতা দেওয়া গেল অর্থাৎ, যে সকল ডুবা নৌকাতে কি মাড়ে কি গাছে কি অন্য যে দ্রব্যেতে নৌকাদির গমনাগমনের বাধা হয় তাহা সরাইয়া লইতে পারিবে। ও নদীর তীরে যে সকল গাছ থাকাতে নৌকার গুণ টানিবার বাধা হয় তাহা, কিম্বা যে সকল গাছ নদীতে পড়িয়া নৌকাদির গমনাগমনের বাধক হইতে পারে, তাহা কাটিয়া ফেলাইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৪ ডিসেম্বর।]

১০। মাসুল আদায়ের অমলাগণ যদি বেআইনীমতে কোন নৌকাপ্রভৃতি ক্রোক করে কি আটকাইয়া রাখে, কিম্বা ২ দফাতে যে হিসাবে মাসুল লইবার হুকুম হইয়াছে তাহার অধিক যদি জোর করিয়া লয়, কিম্বা এই সকল বিধিমতে তাহারদিগকে যে ক্ষমতা দেওয়া গেল সেই ক্ষমতার ছলে যদি কোন প্রকারের অত্যাচার করে তবে ১৮৫৬ সালের ২২ আইনের বিধিমতে তাহারদের জরীমানা হইতে পারিবেক ও তাহারা কয়েদ হইতে পারিবে।

১১। ইঙ্গরেজী ও দেশীয় ভাষায় এই সকল বিধির এক২ কেতা নকল, মাসুল আদায়ের প্রত্যেক চৌকীর কোন প্রকাশ স্থানে লটকান থাকিবে।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুমমতে।

সি বি ইডন। লেপ্টেনেণ্ট কর্নেল।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার

ইস্তাহারনামা কাছারী নেমক চৌকিয়াত শহর কলিকাতা সন ১৮৬০। ১০ ডিসেম্বর।

গত ৮ ডিসেম্বর তারিখে বেলা আন্দাজ দুই প্রহরের সময় মিনু সেখ নামক এক ব্যক্তি মুটিয়া এক ধামায় করিয়া বিনা দলিলে ।২ সের করকচ নেমক লইয়া জাওন কালীন কলবিন ঘাট ফাঁড়ির তারাচাঁদ চাপরাসিকর্ত্তৃক ধৃত হওয়ায় মুটিয়া মজকুর উক্ত নেমক লালবাজার পঁহুছাইয়া দেওয়ার কারণ এক ব্যক্তি তাহার নিকট দেওয়া এবং সে উক্ত নেমকের বিষয় কিছু জ্ঞাত না থাকা বিবরণে জওয়াব দেওয়ায় মুটিয়া মজকুরকে এই কাছারির ৮ ডিসেম্বর তারিখের হুকুমানুসারে খালাস দিয়া এই ইস্তাহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৯ সালের ১৩ আইনের ২১ ধারা মোতাবেক উক্ত নমকের মোকদ্দমা আগামি ৯ ইং জানুআরি তারিখ বুধবার শহর কলিকাতার দক্ষিণ বিভাগের পুলিসের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেবের হজুরে হইবেক অতএব যে কেহ উক্ত নেমকের দাবি রাখে তাহার উচিত যে মেয়াদ এক মাস মধ্যে এই কাছারীতে হাজির হইয়া আপন দাওয়া উপস্থিত করে ইতি।

এচ জে মষ্টন। কলিকাতার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট।

নং ১৪১৫।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে একবারে এক ব্যক্তি খরিদারকে সরকারী রওয়ানা বিক্রীর গোলাহইতে ন্যূন সংখ্যা ৫০/ মোনপর্য্যন্ত নমক বিক্রী করা যাইত এইক্ষণে পরীক্ষার নিমিত্তে উক্ত ৫০/ মোন নেমকহইতে কম করিয়া ১০/ মোনপর্য্যন্ত নেমকের লাট নির্দ্ধারিত করা গেল।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেভিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৬০ সাল তারিখ ২০ ডিসেম্বর।

এসলি ইডেন। একটিং ছেট সেক্রেটারী।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTOR AT CALCUTTA.

In the matter of the ASIATIC MARINE INSURANCE OFFICE, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 12th day of January next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the 23rd day of September 1859, until the 31st day of October 1860, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given, at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 19th December, 1860.

যোত্রহীন আসিএটীক মরিন ইনসুরান্স অফিসের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি জানুআরি মাসের ১২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৯ সালের সেপ্টেম্বর মাসের ২৩ তারিখঅবধি ১৮৬০ সালের অক্টোবর মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসিনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফুরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফুরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কাক্রেন সরকারী আসিনি

সরকারী আসিনি সাহেবের দফুরখানা। কলিকাতা ১৮৬০ সাল ১৯ ডিসেম্বর।

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত রাজা রাধাকান্ত দেব বাহাদুর বিরচিত শব্দ কল্পদ্রুমনামক সুবিখ্যাত সংস্কৃতাভিধান আমরা সংবর্দ্ধন করিয়া খণ্ডে খণ্ডে পুনর্মুদ্রন করিতেছি ইহার প্রথম খণ্ড সম্প্রতি প্রস্তুত হইয়া আমাদিগের নিকট ও ঠনঠনিয়ার সংস্কৃত যন্ত্রের পুস্তকাগারে এবং লালদীঘির রোজারিও সাহেবের দোকানে বিক্রয়ার্থে আছে। প্রতি খণ্ডের মূল্য ১৷৷০ দেড় টাকা মাত্র।

শ্রীঅমৃতলাল মিত্রদিগর সাং শোভাবাজার

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৫ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল্‌ ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।